# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Sraban 30, 1433 Bangla, August 14, 2026, Friday, No. 220, 56th year


# H I G H L I G H T S

PM Tarique Rahman has urged US companies to invest in Bangladesh with confidence & expand long-term business opportunities, creating jobs, expanding trade & economic ties between Bangladesh & US. [Jago FM: 19]

Tarique Rahman has pledged continued govt. support to promote mathematics education & expand Mathematics Olympiad activities across country, with a particular focus on grassroots & school levels. [Jago FM: 23]

Power, Energy & Mineral Resources Minister has said country's ongoing energy crisis is expected to ease soon following repair of Floating Storage Regasification Unit & arrival of LNG cargoes. [Jago FM: 27]

Bangladesh's Permanent Representative to UN & Ambassador has paid courtesy call on Information & Broadcasting Minister, emphasized projecting positive image & achievements on international arena. [Jago FM: 26]

Law, Justice & Parliamentary Affairs Minister has said that E-bail bond system has been introduced in 12 more districts in country to reduce the backlog of cases. [Jago FM: 20]

Dhaka South City Corporation administrator said government is moving to bring battery-powered & motorised rickshaws in Dhaka under a more structured regulatory framework. [Jago FM: 20]

Dhaka University authorities have formed 3-member committee to investigate allegations of covert anti-state activities involving 92 teachers of university & recommend necessary action. [BBC: 03]

A United Nations Security Council monitoring report has raised concerns over Al-Qaida in the Indian Subcontinent attempts to exploit Bangladesh to establish terrorist cells. [DW: 12]

Immigration Department of Malaysia has detained 1,043 undocumented foreign nationals including 460 Bangladeshis for immigration related offences during 2-day nationwide enforcement operation. [R. Today: 30]

Russian President has visited disputed Kuril Islands, drawing strong condemnation from Japan. [BBC: 32]


| Director: 44813046 | Deputy News Controller: 44813048<br>44813179 | Assistant News Controller: 44813047<br>44813178 |
|---|---|---|

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**শ্রাবণ ৩০, বাংলা ১৪৩৩, আগস্ট ১৪, ২০২৬, শুক্রবার, নং- ২২০, ৫৬তম বছর**

# শিরোনাম

প্রধানমন্ত্রী তারেক রহমান মার্কিন কোম্পানিগুলোকে আস্থার সাথে বাংলাদেশে বিনিয়োগ করতে এবং দীর্ঘমেয়াদী ব্যবসায়িক সুযোগ সম্প্রসারণ, কর্মসংস্থান সৃষ্টি ও বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের মধ্যে বাণিজ্য ও অর্থনৈতিক সম্পর্ক প্রসারের আহ্বান জানিয়েছেন। [জাগো এফএম: ১৯]

দেশজুড়ে গণিত অলিম্পিয়াডের কার্যক্রম আরও সম্প্রসারণে বিশেষ করে তৃণমূল ও স্কুল পর্যায়ে গণিত শিক্ষার প্রসারে সরকারের সহযোগিতার আশ্বাস তারেক রহমানের। [জাগো এফএম: ২৩]

ভাসমান এলএনজি সংরক্ষণ, পুনঃগ্যাসিকরণ ইউনিটের মেরামত এবং এলএনজি কার্গো আসার ফলে দেশের চলমান জ্বালানি সংকট শিগগিরই কমার আশা করছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রী। [জাগো এফএম: ২৭]

জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি ও রাষ্ট্রদূত তথ্য ও সম্প্রচার মন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন এবং আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশের ইতিবাচক ভাবমূর্তি ও অর্জন তুলে ধরার ওপর জোর দিয়েছেন। [জাগো এফএম: ২৬]

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী জানিয়েছেন, মামলার জট কমাতে দেশের আরও ১২টি জেলায় ই-জামিন ব্যবস্থা চালু করা হয়েছে। [জাগো এফএম: ২০]

ঢাকা শহরে ব্যাটারিচালিত ও যন্ত্রচালিত রিকশা নিয়ন্ত্রণে নতুন পরিকল্পনা নেওয়া হচ্ছে বলে জানিয়েছেন ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের প্রশাসক। [জাগো এফএম: ২০]

রাষ্ট্রবিরোধী গোপন তৎপরতায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৯২ জন শিক্ষক লিপ্ত বলে গণমাধ্যমে প্রতিবেদন প্রকাশিত হওয়ার পর বিষয়টি খতিয়ে দেখতে তিন সদস্যের কমিটি গঠন করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। [বিবিসি: ০৩]

বাংলাদেশে ভারতীয় উপমহাদেশে অবস্থিত আল-কায়েদার একিউআইএস সন্ত্রাসী সেল প্রতিষ্ঠার চেষ্টা, জাতিসংঘের নিরাপত্তা পরিষদের উদ্বেগ প্রকাশ। [ডয়চে ভেলে: ১২]

মালয়েশিয়ায় দুই দিনের দেশব্যাপী বিশেষ অভিযানে ৪৬০ বাংলাদেশিসহ ১ হাজার ৪৩ জন অনিবন্ধিত বিদেশি নাগরিককে আটক করেছে দেশটির অভিবাসন বিভাগ। [রেডিও টুডে: ৩০]

বিতর্কিত কুরিল দ্বীপপুঞ্জে রাশিয়ার প্রেসিডেন্টের সফর, জাপানের তীব্র প্রতিবাদ। [বিবিসি: ৩২]

# বিবিসি

## ঢাবির ৯২ শিক্ষকের বিরুদ্ধে 'রাষ্ট্রবিরোধী গোপন তৎপরতার' অভিযোগ, খতিয়ে দেখতে কমিটি

রাষ্ট্রবিরোধী 'গোপন তৎপরতায়' ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৯২ জন শিক্ষক লিপ্ত বলে গণমাধ্যমে প্রতিবেদন প্রকাশিত হওয়ার পর বিষয়টি খতিয়ে দেখতে একটি কমিটি গঠন করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। ইতোমধ্যে ওই ৯২ জনের মধ্যে ৫৮ জন শিক্ষকের নাম শনাক্ত করা হয়েছে বলেও জানিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। আজ বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, সংশ্লিষ্ট শিক্ষকদের বিষয়ে করণীয় নির্ধারণ ও প্রয়োজনীয় সুপারিশ দিতে বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. আব্দুস সালামকে আহ্বায়ক করে তিন সদস্যের কমিটি গঠন করা হয়েছে। কমিটির অন্য দুই সদস্য হলেন বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ও আইন অনুষদের ডিন। বিজ্ঞপ্তিতে বলা হয়, "সম্প্রতি বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত ফাঁসির দণ্ডপ্রাপ্ত পলাতক আসামি শেখ হাসিনাকে দেশে ফিরিয়ে আনা এবং কার্যক্রম নিষিদ্ধ একটি রাজনৈতিক দলকে সক্রিয় করার লক্ষ্যে দেশের ২২টি বিশ্ববিদ্যালয়ের ৪০৪ জন শিক্ষকের গোপন তৎপরতা সংক্রান্ত একটি প্রতিবেদন ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের দৃষ্টিগোচর হয়। প্রতিবেদনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৯২ জন শিক্ষক গোপন তৎপরতায় লিপ্ত আছেন বলে উল্লেখ করা হয়েছিল।" "তাদের মধ্যে ইতোমধ্যেই ৫৮ জন শিক্ষকের নাম শনাক্ত করা গেছে। আরও কারও নাম শনাক্ত করা গেলে কমিটি তাদের বিষয়ও খতিয়ে দেখবে এবং প্রয়োজনীয় সুপারিশ প্রদান করবে।"
(বিবিসি ওয়েব পেজ : ১৩.০৮.২০২৬ আলী আহমেদ)

## শেখ হাসিনার প্রত্যর্পণের বিষয় ঠিক না হওয়া পর্যন্ত তারেক রহমান ভারতে যেতে পারবেন নাঃ নাহিদ

"শেখ হাসিনার প্রত্যর্পণ কীভাবে হবে, ভারতের সাথে বাংলাদেশের সম্পর্ক কীভাবে নতুন করে নিরূপণ হবে, এই প্রশ্নের সমাধান না হওয়া পর্যন্ত তারেক রহমান ভারতে যেতে পারবেন না" বলে মন্তব্য করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক ও সংসদের বিরোধীদলীয় চিফ হুইপ নাহিদ ইসলাম। আজ বৃহস্পতিবার ঢাকার শাহবাগে নিহত শরীফ ওসমান হাদীর সংগঠন ইনকিলাব মঞ্চের দ্বিতীয় প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত এক অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। ভারতের রাজধানী নয়া দিল্লিতে একটি সংবাদ সম্মেলনে গত ৫ আগস্ট ভার্চুয়ালি যুক্ত হয়ে সরাসরি কথা বলেছেন বাংলাদেশের ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনা, যিনি বর্তমানে ভারতে রয়েছেন। ভারত সরকারের প্রত্যক্ষ ও পরোক্ষ সমর্থনেই ওই প্রেস কনফারেন্স হয়েছে বলেও দাবি করেন মি. ইসলাম। তিনি বলেন, "ভারত সরকার সেই (শেখ হাসিনার প্রেস কনফারেন্সের) দায় নিচ্ছে না। সেটিকে অস্বীকার করছে। চিন্তা করেন, সেভেন সিস্টার্সের কোনো একটি স্বাধীনতাকামী সংগঠন ঢাকায় একটি প্রেস কনফারেন্স করলো এবং বাংলাদেশ সরকার বললো, এটার দায় আমাদের না, আমরা জানি না এটা কীভাবে হয়েছে, আমরা এটাকে সমর্থন করি না- এটা কি কেউ বিশ্বাস করবে?" "সুতরাং, দিল্লিতে যে প্রেস কনফারেন্স হয়েছে, সেটি ভারত সরকারের প্রত্যক্ষ ও পরোক্ষ সমর্থনে হয়েছে...। দিল্লি থেকে শেখ হাসিনা যা কিছু বলছে, সেগুলোকে শেখ হাসিনার ভাষ্য হিসেবে না নিয়ে দিল্লির ভাষ্য হিসেবে নিতে হবে। ভারত এই বার্তা বাংলাদেশকে দিয়ে যাচ্ছে।"

নাহিদ ইসলাম আরও বলেন, "৫ আগস্টের প্রেস কনফারেন্স নিয়ে ভারতীয় হাইকমিশনের বক্তব্য কী, সেই বার্তা এখনো আসেনি। তাদের দুঃখ প্রকাশ করা উচিত ছিল, ক্ষমা চাওয়া উচিত ছিল এবং বাংলাদেশ সরকারের শুধু প্রেস বিজ্ঞপ্তি না, তাদেরকে ডেকে এনে কঠোরভাবে শাসানো উচিত ছিল, জবাবদিহিতা চাওয়া উচিত ছিল।" তিনি মনে করেন, বাংলাদেশের সার্বভৌমত্বের বিরুদ্ধে ওই প্রেস কনফারেন্সটি হয়েছে। "বিচারে একটা রায় হয়েছে, সেই আসামিকে যখন প্রেস কনফারেন্স করতে দিয়েছে একটি সরকার; তার মানে এ দেশের গণতন্ত্র, বিচারব্যবস্থা, সার্বভৌমত্বের বিরুদ্ধে ভারত সরকার অবস্থান নিয়েছে। এটি বাংলাদেশের বিরুদ্ধে ছায়াযুদ্ধ ঘোষণা করার মতো।" তিনি ভারতের উদ্দেশ্যে এটাও বলেন, "শেখ হাসিনা ও ওসমান হাদীকে ফেরত পাঠিয়ে, নদীর পানির ন্যায্য হিস্যা দিয়ে, সীমান্ত হত্যাকাণ্ডের মীমাংসা করে" বন্ধুত্বের কথা বলতে হবে।(বিবিসি ওয়েব পেজ : ১৩.০৮.২০২৬ আলী আহমেদ)

## রাষ্ট্রপতি পদে তিনটি মনোনয়নপত্র জমা ইসিতে

বাংলাদেশের রাষ্ট্রপতি পদে নির্বাচনের জন্য দু-জন প্রার্থীর তিনটি মনোনয়নপত্র জমা পড়েছে নির্বাচন কমিশনে (ইসি)। ইসি সচিবালয়ের সিনিয়র সচিব আখতার আহমেদের বরাত দিয়ে রাষ্ট্রীয় বার্তা সংস্থা বাসস জানিয়েছে, ১৬ আগস্ট মনোনয়নপত্র যাচাই-বাছায়ের পরে বৈধতার বিষয় জানানো হবে। ইসি সচিব আখতার আহমেদ বলেন, "রাষ্ট্রপতি নির্বাচনের মনোনয়নপত্র দাখিলের জন্য আজ বিকেল ৪টা পর্যন্ত শেষ সময় ছিল। বিকেল ৪টা পর্যন্ত আমরা তিনটা মনোনয়নপত্র পেয়েছি।" "এরমধ্যে লিবারেল ডেমোক্রেটিক পার্টির (এলডিপি) চেয়ারম্যান কর্নেল (অব.) অলি আহমেদের পক্ষে দুটি মনোনয়নপত্র পেয়েছি।" এছাড়া বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের পক্ষে একটি মনোনয়নপত্র পেয়েছে ইসি। আখতার আহমেদ বলেন, "এই মুহূর্তে আমাদের কাছে প্রতিদ্বন্দ্বী প্রার্থী হচ্ছেন দু-জন।"(বিবিসি ওয়েব পেজ : ১৩.০৮.২০২৬ আলী আহমেদ)

## পশ্চিম তীরে প্রায় এক ডজন ফিলিস্তিনি পরিবারকে বাড়ি ছাড়ার নির্দেশ

পশ্চিম তীরের কুসরা গ্রামে কয়েকটি ফিলিস্তিনি বাড়ি ঘিরে অবস্থান নেওয়া একদল ইসরায়েলিকে (ইসরায়েলি সেটলার) সরাতে সামরিক অভিযান চালাচ্ছে ইসরায়েলের সেনাবাহিনী। তবে এ অভিযান চালানোর সময় প্রায় এক ডজন ফিলিস্তিনি পরিবারকে তাদের বাড়িঘর ছেড়ে যেতে বলা হয়েছে। গত রোববার থেকে ওই এলাকায় তিনটি বাড়ি ঘিরে রেখেছিল ইসরায়েলি বসতি স্থাপনকারীরা। তারা ওই ফিলিস্তিনি বাড়িগুলোর বিদ্যুৎ ও পানি সরবরাহও বন্ধ করে দেয়। কুসরা গ্রামের মেয়র আবদেল আজিম ওয়াদি বিবিসিকে বলেন, তাদের গ্রামকে 'সামরিকভাবে নিয়ন্ত্রিত এলাকা' ঘোষণা করা হয়েছে এবং ফিলিস্তিনিরা খালি করে দেওয়া কয়েকটি বাড়িকে ব্যারাক হিসেবে ব্যবহার করছে ইসরায়েলি বাহিনী। ইসরায়েলি বাহিনী বলেছে, তাদের উদ্দেশ্য হলো 'বাসিন্দাদের সুরক্ষা দেওয়া'। ইসরায়েল সরকারের একজন মুখপাত্র বিবিসিকে বলেছেন, বসতি স্থাপনকারীদের এই কর্মকাণ্ড 'নিন্দনীয়' ও 'অগ্রহণযোগ্য'। এ ঘটনার তদন্ত করা হবে এবং দায়ীদের গ্রেফতার করা হবে।"(বিবিসি ওয়েব পেজ : ১৩.০৮.২০২৬ আলী আহমেদ)

## গ্যাস-বিদ্যুৎ সংকটে সরকারের ব্যর্থতার নিন্দা জামায়াতের

বাংলাদেশে চলমান গ্যাস ও বিদ্যুৎ সংকট নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করে সরকারের ব্যবস্থাপনার সমালোচনা করেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার। আজ বৃহস্পতিবার এক বিবৃতিতে তিনি বলেন, গত কয়েকদিন ধরে দেশে গড়ে প্রায় সাড়ে তিন হাজার মেগাওয়াট বিদ্যুতের ঘাটতি রয়েছে। এর ফলে সাধারণ মানুষের পাশাপাশি শিল্পখাতও ক্ষতিগ্রস্ত হচ্ছে। বিবৃতিতে বলা হয়, গত ৯ আগস্ট তিন হাজার ৬৭১ মেগাওয়াট, ১০ আগস্ট তিন হাজার ৭৫৭ মেগাওয়াট, ১১ আগস্ট তিন হাজার ৪৬৫ মেগাওয়াট এবং ১২ আগস্ট তিন হাজার ৩৮২ মেগাওয়াট লোডশেডিং হয়েছে। এছাড়া, ১২ আগস্ট ৩৮০ কোটি ঘনফুট গ্যাসের চাহিদার বিপরীতে সরবরাহ ছিল ২০৩ কোটি ঘনফুট। গোলাম পরওয়ার অভিযোগ করেন, সরকারের অব্যবস্থাপনা, অদক্ষতা, অদূরদর্শিতা, বিভিন্ন প্রতিষ্ঠানে ব্যাপক দুর্নীতি ও দলীয়করণের কারণে দেশে বিদ্যুৎ ও গ্যাস সংকট তীব্র হয়েছে। এতে শিল্পকারখানায় উৎপাদন ব্যাহত হওয়ার পাশাপাশি বাসাবাড়িতে রান্নাসহ দৈনন্দিন কাজ এবং শিক্ষার্থীদের পড়াশোনায় সমস্যা হচ্ছে। সংকট নিরসনে গ্যাস সরবরাহ বাড়ানো, শিল্পের গ্যাস চুরি বন্ধ, লিকেজ ও সিস্টেম লস কমিয়ে আনা, এনার্জি কনভার্সনের যাবতীয় পলিসি ও যন্ত্রপাতি আমদানি সহজ করা, তেল পাচার রোধের ব্যবস্থাসহ সরকারি বা বেসরকারি উদ্যোগে অপরিশোধিত তেল আমদানির ব্যবস্থা নেওয়ার দাবি জানান জামায়াতের এই নেতা।
(বিবিসি ওয়েব পেজ : ১৩.০৮.২০২৬ আলী আহমেদ)

## আসাম-অরুণাচল সীমান্তে উত্তেজনা

আসাম-অরুণাচল প্রদেশ সীমান্ত বিরোধ নিয়ে দুই রাজ্যের বিক্ষোভকারীদের মধ্যে সংঘর্ষের খবর পাওয়া গেছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে অরুণাচল প্রদেশের পুলিশ শূন্যে গুলি চালিয়েছে। এ ঘটনা আসামের ধেমাজি জেলার সীমান্তে। গত সোমবার থেকে দুই রাজ্যের সীমান্তে পরিস্থিতি উত্তপ্ত হয়ে রয়েছে। বৃহস্পতিবার আসামের ধেমাজি জেলায় দুই রাজ্যের বিক্ষোভকারীদের মধ্যে নতুনভাবে সংঘর্ষের খবর পাওয়া যায়। এদিকে, আসামে অরুণাচল প্রদেশের বিরুদ্ধে অনির্দিষ্টকালের অর্থনৈতিক অবরোধ দ্বিতীয় দিনের মতো অব্যাহত রয়েছে। আসামের মিসিং সম্প্রদায়ের শীর্ষ ছাত্র সংগঠন টাকাম মিসিং পোরিন কেবাং এবং অন্যান্য স্থানীয় গোষ্ঠী বুধবার থেকে অরুণাচল প্রদেশের বিরুদ্ধে অনির্দিষ্টকালের অর্থনৈতিক অবরোধ শুরু করে। ঘটনা প্রকাশ্যে আসার পর আসামের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা দুই রাজ্যের জনগণকে শান্তি ও সম্প্রীতি বজায় রাখার আহ্বান জানিয়েছেন। হিমন্ত বিশ্ব শর্মা বৃহস্পতিবার এক্স হ্যান্ডেলে লিখেছেন, "আসাম ও অরুণাচল প্রদেশের সম্পর্ক সীমানার ঊর্ধ্বে। যুগ যুগ ধরে এখানকার মানুষ ভালোবাসা, স্নেহ ও পারস্পরিক শ্রদ্ধার বন্ধনে আবদ্ধ হয়ে ভাই-বোনের মতো বসবাস করে আসছে।" "আমি আসাম ও অরুণাচলের জনগণকে শান্তি ও সম্প্রীতি বজায় রাখার জন্য আবেদন জানাচ্ছি। সীমান্ত আমাদের রাজ্যগুলোকে সংজ্ঞায়িত করতে পারে, কিন্তু তা আমাদের হৃদয়কে কখনও আলাদা করতে পারবে না।" এর আগে, বুধবার অরুণাচল প্রদেশের মুখ্যমন্ত্রী পেমা খান্ডুর কাছে এই ঘটনার তদন্তের আহ্বান জানান তিনি। বৃহস্পতিবার হিমন্ত বিশ্ব শর্মার বার্তার পর পেমা খান্ডু সামাজিক যোগাযোগ মাধ্যমে লেখেন, "আমি মাননীয় আসামের মুখ্যমন্ত্রী শ্রী হিমন্ত বিশ্ব শর্মার জির ইতিবাচক ও আশ্বস্তকারী বিবৃতিকে আন্তরিকভাবে স্বাগত জানাই।"
(বিবিসি ওয়েব পেজ : ১৩.০৮.২০২৬ আলী আহমেদ)

## দিল্লির আমন্ত্রণে তারেক রহমান কি ভারত সফরে যাবেন?

আগামী মাসে ভারতের নয়াদিল্লিতে অনুষ্ঠিত হচ্ছে অষ্টাদশ ব্রিকস সম্মেলন। এই সম্মেলনে বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানকে যোগ দেওয়ার আমন্ত্রণ জানানো হয়েছে ভারত সরকারের পক্ষ থেকে। তবে, তারেক রহমান যোগ দেবেন কি-না সেই বিষয়টি এখনো নিশ্চিত করে জানানো হয়নি বাংলাদেশের পক্ষ থেকে। বিশ্বের প্রধান উদীয়মান বাজার ও উন্নয়নশীল দেশগুলোর আন্তর্জাতিক ও অর্থনৈতিক জোট ব্রিকস। আগামী ১২ ও ১৩ সেপ্টেম্বর ভারতের নয়াদিল্লিতে ব্রিকস শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। ব্রিকসের নিয়ম অনুযায়ী, বিভিন্ন আঞ্চলিক জোটের নেতাদের সম্মেলনের আউটরিচ অধিবেশনে আমন্ত্রণ জানানো হয়। তবে বুধবার পর্যন্ত এই সম্মেলনে তারেক রহমানের যোগ দেওয়ার বিষয়ে কোনো সিদ্ধান্ত হয়নি বলে বিবিসি বাংলাকে জানিয়েছেন পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র শহীদুল করিম। গত সোমবার তারেক রহমানের সাথে বৈঠক করেন বাংলাদেশে নিযুক্ত ভারতের হাইকমিশনার দীনেশ ত্রিবেদী।

বৈঠক শেষে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমানের কাছে সাংবাদিকরা জানতে চেয়েছিলেন যে, ওই সম্মেলনে যোগ দিতে তারেক রহমান ভারত সফর করবেন কি-না। জবাবে পররাষ্ট্রমন্ত্রী জানিয়েছিলেন যে, এই বিষয়ে এখনো কোনো নীতিগত সিদ্ধান্ত হয়নি। পরদিন মঙ্গলবার নয়াদিল্লিতে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র রণধীর জয়সওয়াল ব্রিফিং করেন। সেখানেও তারেক রহমানের ভারত সফর নিয়ে প্রশ্ন করা হয়েছিল। মি. জয়সওয়াল বলেছেন, এ নিয়ে কোনো আপডেট থাকলে সেটি তিনি জানাবেন। সাবেক কূটনীতিকরা মনে করেন, শেখ হাসিনা সরকার পতনের পর অন্তর্বর্তী সরকারের সময় থেকে বাংলাদেশ ও ভারতের মধ্যে যে সম্পর্কের টানাপড়েন তৈরি হয়েছিল, সেটি কাটিয়ে উঠতে দুই দেশের পক্ষ থেকেই চেষ্টা ছিল। তারা বলছেন, চলতি বছরের ৫ আগস্ট নয়াদিল্লিতে বসে বাংলাদেশের ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রীর বক্তব্যে দুই দেশের মধ্যে আবারো কিছুটা দূরত্ব তৈরি হয়েছে ঠিকই। তবে, তারেক রহমান যদি ভারত সফরে যান, তাহলে সম্পর্কে ইতিবাচক পরিবর্তন আসতে পারে। নয়াদিল্লিতে দায়িত্ব পালন করা বাংলাদেশের সাবেক রাষ্ট্রদূত ও সাবেক সচিব মাশফি বিনতে শামস বিবিসি বাংলাকে বলেছেন, এই সম্মেলনে বাংলাদেশের প্রধানমন্ত্রীর অংশগ্রহণ নিয়ে অনিশ্চয়তা আছে ঠিকই, তবে কূটনৈতিক সম্পর্ক উন্নয়নে তারেক রহমানের এই সফরে যাওয়া উচিত।

**তারেক রহমানের সফর নিয়ে ধোঁয়াশা কেন?**

২০২৬ সালে ব্রিকসের সভাপতির দায়িত্ব পালন করছে ভারত। বাংলাদেশ ব্রিকসের সদস্য দেশ নয়। তবে ব্রিকসের নিয়ম অনুযায়ী, বিভিন্ন আঞ্চলিক জোটের নেতাদের সম্মেলনের আউটরিচ অধিবেশনে আমন্ত্রণ জানানো হয়। এই আঞ্চলিক জোট হচ্ছে বিমসটেক বা বে অব বেঙ্গল ইনিশিয়েটিভ ফর মাল্টি-সেক্টরাল টেকনিক্যাল অ্যান্ড ইকোনমিক কো-অপারেশন। বিভিন্ন সময়ে সদস্য দেশগুলোর সরকার প্রধানেরা বিমসটেকের চেয়ারম্যান পদের দায়িত্ব পালন করেন। ২০২৫ সাল থেকে বিমসটেকের চেয়ারম্যান পদটি রয়েছে বাংলাদেশের। সেই হিসেবে বর্তমান এই জোটের চেয়ারম্যান বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমান। বাংলাদেশের প্রধানমন্ত্রীকে ব্রিকসের আউটরিচ অধিবেশনে অংশ নেওয়ার জন্য আমন্ত্রণ জানিয়েছে ভারত। গত জুলাইয়ে ঢাকায় ভারতীয় হাইকমিশনের মাধ্যমে বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ে একটি কূটনৈতিক পত্র পাঠিয়ে এই আমন্ত্রণ জানানো হয়। এরপরই গত প্রায় এক মাস ধরে এই আলোচনাটি চলছে যে, ওই সম্মেলনে অংশ নিতে ভারত সফরে বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমান যাবেন কি-না। বাংলাদেশের বিভিন্ন গণমাধ্যমে খবরে বলা হয়, এই সফরে তারেক রহমান না যাওয়ার সম্ভাবনাই বেশি। বাংলাদেশের পক্ষ থেকে এ নিয়ে এখনো নীতিগত সিদ্ধান্ত হয়নি জানিয়ে পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান গত সোমবার বলেন, "প্রধানমন্ত্রীকে না, চেয়ারপারসন অব বিমসটেক দাওয়াত দেওয়া হয়েছে।" তিনি আরও বলেছেন, "এর আগে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আমাদের প্রধানমন্ত্রীকে একটা চিঠি লিখেছেন এবং সেই চিঠিটি আমাদের সরকার গঠনের দিন হস্তান্তর করা হয়েছিল। সেখানে তিনি আমন্ত্রণ জানিয়েছেন। আমন্ত্রণ একটা আছে সেখানে, সেটা আমরা দেখব কোনো এক সময়ে।" গত সোমবার প্রধানমন্ত্রী তারেক রহমানের সাথে সাক্ষাতের পর ওইদিনই ভারতে যান হাইকমিশনার মি. ত্রিবেদী। মঙ্গলবার ভারতের নয়াদিল্লিতে একটি সাংবাদিক সম্মেলনে মুখোমুখি হন দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র রণধীর জয়সওয়াল। তার কাছে সাংবাদিকদের প্রশ্ন ছিল, প্রধানমন্ত্রী তারেক রহমান ভারতে যেতে রাজি হয়েছেন কি না। জবাবে মি. জয়সওয়াল বলেন, "দ্বিপক্ষীয় সফরের জন্য আমরা আমন্ত্রণ জানিয়েছি, সেই সঙ্গে দিল্লিতে অনুষ্ঠেয় ব্রিকস আউটরিচ সেশনে অংশগ্রহণের জন্যও আমন্ত্রণ জানিয়েছি। এ বিষয়ে হালনাগাদ তথ্য থাকলে আমরা আপনাদের জানাব।" অর্থাৎ ভারত সরকারের কাছেও এখনো এমন কোনো বার্তা যায়নি যে, তারেক রহমান সেপ্টেম্বরে ভারত সফরে যাবেন কি-যাবেন না। তবে সাবেক কূটনীতিকরা মনে করেন, এই সফরে যদি বাংলাদেশের প্রধানমন্ত্রীর যান এবং দুই দেশের প্রধানমন্ত্রীর মধ্যে দ্বিপাক্ষিক বৈঠক হয়, তাহলে এই সফরে বাংলাদেশের যাওয়া উচিত সম্পর্কের ইতিবাচক উন্নয়নে। সাবেক রাষ্ট্রদূত ও কূটনীতিক বিশ্লেষক মাহফুজুর রহমান বিবিসি বাংলাকে বলেন, "এমন যদি হতো বাংলাদেশের প্রধানমন্ত্রী আগের দিন ভারতের প্রধানমন্ত্রীর সাথে একটি দ্বিপাক্ষিক বৈঠক করলেন। পরের দিন ব্রিকসের আউটরিচে অংশ নিলেন, এটা হলে পারফেক্ট হতো। কেননা, ব্রিকসে বাংলাদেশ অনেক আগে থেকে প্রবেশের আগ্রহ প্রকাশ করে আসছে। সেদিক থেকে এই সফর বাংলাদেশের জন্যও গুরুত্বপূর্ণ।"

**ঘুরেফিরে শেখ হাসিনা প্রসঙ্গ**

চব্বিশের গণ-অভ্যুত্থানে বাংলাদেশে আওয়ামী লীগ সরকারের পতনের পর ভারতে আশ্রয় নেন ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনা। অন্তর্বর্তীকালীন সরকারের সময় বাংলাদেশ ও ভারতের মধ্যে সম্পর্কে বেশ টানাপড়েন চলছিল। দুই দেশের মধ্যে যোগাযোগ ও ভিসা বন্ধের ঘটনা পর্যন্ত ঘটে। সে সময় ভারত সরকারের পক্ষ থেকে ইঙ্গিতও দেওয়া হয়েছিল নির্বাচিত সরকার আসলে সম্পর্ক স্বাভাবিক হবে দুই দেশের মধ্যে। সাবেক কূটনীতিকরা বলছেন, নির্বাচিত সরকার আসার পর দুই দেশের মধ্যে সম্পর্ক স্বাভাবিক দিকেই এগোচ্ছিল। কিন্তু সাম্প্রতিক সময়ে বেশ কিছু ঘটনা এই সম্পর্ক এই সম্পর্ককে আবার পেছনের দিকে টেনে নিয়ে যাচ্ছে। বিশেষ করে গত ৫ আগস্ট নয়াদিল্লিতে একটি ভার্চুয়াল সংবাদ সম্মেলনে অডিও কলে যুক্ত হয়েছিলেন ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এই সংবাদ সম্মেলনের ঘোষণা আসার পরই বাংলাদেশের পক্ষ থেকে এটি নিয়ে উদ্বেগও জানানো হয়েছিল। তবে, শেষ পর্যন্ত সেখানে অনলাইনে উপস্থিত থেকে শেখ হাসিনা অডিও বক্তব্য দেওয়ার পরই এ নিয়ে বেশ ক্ষুব্ধ প্রতিক্রিয়াও জানায় বাংলাদেশ। পরদিন

ভারতের রাষ্ট্রদূতের সাথে এ নিয়ে বৈঠকও করে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী। সাবেক রাষ্ট্রদূত মাহফুজুর রহমান বিবিসি বাংলাকে বলেন, "শেখ হাসিনার ভারতে অবস্থান দুই দেশের সম্পর্ককে আরো বেশি নেতিবাচক প্রভাব ফেলেছে। তিনি (শেখ হাসিনা) আবার সেখানে রাজনৈতিক বক্তব্যও রেখেছেন এবং সেটা যাতে না রাখতে পারে, সে বিষয়ে ভারতকে অনুরোধ করা হয়েছিল বাংলাদেশের পক্ষ থেকে।" তবে এই কূটনীতিক এটিও মনে করেন যে, শেখ হাসিনার বক্তব্য দেওয়া বা এই বিষয়টি এড়িয়ে যাওয়ারও সুযোগ ছিল বাংলাদেশের। তাতে সম্পর্কে খুব বেশি নেতিবাচক প্রভাব পড়তো না। সাবেক পররাষ্ট্র সচিব মাশফি বিনতে শামস বিবিসি বাংলাকে বলেন, "প্রতিবেশী দেশ হিসেবে ভারতের সাথে বাংলাদেশের সম্পর্ক হওয়া উচিত পারস্পরিক সম্মান ও মর্যাদার ভিত্তিতে। সেক্ষেত্রে গুরুত্ব পাওয়া উচিত সমতা, ন্যায্যতা এবং পারস্পরিক বোঝাপড়ার বিষয়গুলো।"

**অভ্যন্তরীণ কারণও গুরুত্বপূর্ণ**

২০০৯ সাল থেকে ২০২৪ সাল পর্যন্ত একটানা বাংলাদেশের রাষ্ট্র ক্ষমতায় ছিল শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকার। এই সময়ে নির্বাচন, মানবাধিকার লঙ্ঘনসহ নানা বিষয় নিয়ে বাংলাদেশের বিরোধীপক্ষগুলোর নানা অভিযোগ ছিল। তবে প্রশ্নবিদ্ধ নির্বাচনসহ বিভিন্ন ইস্যুতে ভারতের সমর্থন দেখা গিয়েছিল আওয়ামী লীগের প্রতি। যে কারণে ২০২৪ সালের গণ-অভ্যুত্থানের পর সাধারণ মানুষের মধ্যে বেশ ভারতবিরোধী অবস্থানটি আরো প্রকাশ্যে আসে। সীমান্তে উত্তেজনা তৈরি হয়। মিছিল সমাবেশে ভারতীয় আধিপত্যবাদ বিরোধী নানা স্লোগান দিতেও দেখা যায়। বিশেষ করে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনও মাঠের রাজনীতিতে ভারত বিরোধী অবস্থান আরো বেশি স্পষ্ট করে। কূটনীতিক বিশ্লেষকরা মনে করেন, জামায়াত এনসিপিসহ বিরোধী রাজনৈতিক দলগুলোর ভারত বিরোধী অবস্থানের কারণে বর্তমান ক্ষমতাসীন বিএনপি ভারত সফরের বিষয়ে বেশ সতর্ক। বিরোধীপক্ষের এই অবস্থানের ভারত সফর বিষয়টি এখনো অস্পষ্টতা রয়েছে। কূটনীতিক বিশ্লেষক মাহফুজুর রহমান বিবিসি বাংলাকে বলেন, "এই মুহূর্তে যারা বিরোধী দলে অর্থাৎ সংসদে অবস্থান করছে, তারা সম্ভবত কিছুটা কট্টরপন্থি। তাদের এই অবস্থানের কারণে, সরকার হয়ত অতটা সাহস পাচ্ছেন না এই ধরনের ক্ষেত্রে প্রো-ইন্ডিয়ান একটা সিদ্ধান্ত নিতে।" তবে, দুই দেশের মধ্যে সম্পর্কের উন্নয়নে আবার এই সফরটিকে গুরুত্ব দিয়ে দেখছেন সাবেক কূটনীতিকরা। নয়াদিল্লিতে নিযুক্ত বাংলাদেশের সাবেক রাষ্ট্রদূত মাশফি বিনতে শামস বিবিসি বাংলাকে বলেন, "বাংলাদেশতো ব্রিকসের সদস্য হতে ইচ্ছুক। সেখানে গেলে এই ধরনের এনগেজমেন্ট সহজেই ভবিষ্যৎ অংশগ্রহণকে আরো শক্তিশালী করবে।" তিনি মনে করেন, দুই দেশের সম্পর্কে যে টানাপড়েন তৈরি হয়েছে, সেটি কাটিয়ে ওঠার জন্য হলেও এই সফরটি গুরুত্বপূর্ণ। আর সাবেক রাষ্ট্রদূত মাহফুজুর রহমানের মত হলো, শুধু সম্মেলনে অংশগ্রহণ নয়, যদি দ্বিপাক্ষিক বৈঠক হয় ভারতের সাথে তাহলেই কেবল ভারত সফরে যাওয়া উচিত প্রধানমন্ত্রী তারেক রহমানের।(বিবিসি ওয়েব পেজ : ১৩.০৮.২০২৬ আলী আহমেদ)

## নির্বাচন কমিশনে অলি আহমদের মনোনয়নপত্র জমা দিয়েছে জামায়াত নেতৃত্বাধীন ১১ দল

রাষ্ট্রপতি নির্বাচনে অলি আহমদের মনোনয়নপত্র নির্বাচন কমিশনে জমা দিয়েছে জামায়াতে ইসলামী নেতৃত্বাধীন ১১ দলীয় জোট। দুপুরে জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারি জেনারেল হামিদুর রহমান আজাদ ও এনসিপির প্রধান সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী প্রধান নির্বাচন কমিশনার এএমএম নাসির উদ্দীনের কাছে মনোনয়নপত্র জমা দেন। সাবেক সামরিক কর্মকর্তা অলি আহমদ জামায়াত নেতৃত্বাধীন ১১ দলের শরিক দল লিবারেল ডেমোক্রেটিক পার্টি এলডিপির সভাপতি। মি. আহমদ একজন মুক্তিযোদ্ধা এবং ১৯৯১ সালের বিএনপি সরকারের সাবেক মন্ত্রী। দীর্ঘদিন বিএনপির রাজনীতির সাথে যুক্ত থাকার পর ২০০৬ সালে তিনি দল থেকে বেরিয়ে লিবারেল ডেমোক্র্যাটিক পার্টি নামে নতুন দল গঠন করেন। রাষ্ট্রপতি নির্বাচনে সিইসি রিটার্নিং কর্মকর্তার দায়িত্বও পালন করছেন। তফসিল অনুযায়ী, বৃহস্পতিবার সকাল ১০টা থেকে বিকেল চারটা পর্যন্ত রাষ্ট্রপতি নির্বাচনের মনোনয়নপত্র জমা দেওয়া যাবে। মনোনয়নপত্র যাচাই-বাছাই হবে ১৬ আগস্ট, আর প্রার্থিতা প্রত্যাহারের শেষ সময় ১৮ আগস্ট। রাষ্ট্রপতি নির্বাচন অনুষ্ঠিত হবে ২০ আগস্ট জাতীয় সংসদে। সংসদ সদস্যরা এ নির্বাচনে ভোট দেবেন।

(বিবিসি ওয়েব পেজ : ১৩.০৮.২০২৬ আলী আহমেদ)

## রাষ্ট্রপতি পদে মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে মনোনয়ন বিএনপির

বাংলাদেশের ২৩তম রাষ্ট্রপতি পদে নির্বাচনের জন্য মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে মনোনয়ন দিয়েছে বিএনপি। দুপুরে প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে সচিবালয়ে ক্ষমতাসীন দলের স্থায়ী কমিটির বৈঠকে এ সিদ্ধান্ত নেওয়া হয়। পরে সংবাদমাধ্যমকে এ খবর জানিয়েছেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। তিনি জানিয়েছেন, ইতোমধ্যে দলের মহাসচিব এবং স্থায়ী কমিটির সদস্য পদত্যাগ করেছেন মি. আলমগীর। ক্ষমতাচ্যুত আওয়ামী লীগের শাসনের সময় দলটির মনোনয়নে নির্বাচিত ২২তম রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন তার মেয়াদের দেড় বছরের মতো সময় বাকি থাকতেই পদত্যাগ করেন গত ২৪ জুলাই। এরপর থেকেই রাষ্ট্রপতি পদে বিএনপি মহাসচিব এবং স্থানীয় সরকার মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীরের নামই বিবেচনায় ছিল বলে দলটির একাধিক নেতা বিবিসিকে জানিয়েছিলেন। তার পদত্যাগের পর ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি হিসেবে দায়িত্ব পালন করছেন জাতীয় সংসদের স্পিকার হাফিজ উদ্দিন আহমদ। নির্বাচন কমিশন আগামী ২০ আগস্ট রাষ্ট্রপতি নির্বাচনের তফসিল ঘোষণা করেছে। এ বছরের ১২ ফেব্রুয়ারি অনুষ্ঠিত জাতীয় সংসদ নির্বাচনে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা পেয়ে তারেক রহমানের নেতৃত্বে বিএনপি

সরকার গঠন করেছে। বিদ্যমান সংবিধান অনুযায়ী সংসদ সদস্যদের সংখ্যাগরিষ্ঠের ভোটে রাষ্ট্রপতি নির্বাচিত হবেন। যদিও শুরুতে সংসদের প্রধান বিরোধী দল জামায়াতে ইসলামী প্রথমে কোনো প্রার্থী না দেওয়ার কথা বলেছিল, পরে তাদের ১১ দলীয় জোট থেকে শরিক দল এলডিপির নেতা অলি আহমদকে প্রার্থী ঘোষণা করা হয়েছে। বৃহস্পতিবার মনোনয়নপত্র জমা দেওয়ার শেষ দিনে আজ বিএনপি এবং ১১ দল- উভয়ের মনোনয়নপত্র জমা দেওয়ার কথা রয়েছে।
(বিবিসি ওয়েব পেজ : ১৩.০৮.২০২৬ আলী আহমেদ)

## বিএনপি থেকে পদত্যাগ করলেন মির্জা ফখরুল

বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর দলীয় পদ থেকে পদত্যাগ করেছেন বলে রাষ্ট্রীয় বার্তা সংস্থা বাসস জানিয়েছে। খবরে বলা হয়েছে, বাংলাদেশ সচিবালয়ে অনুষ্ঠিত দলের স্থায়ী কমিটির বৈঠকে তিনি আজ প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারম্যান তারেক রহমানের কাছে তার পদত্যাগপত্র হস্তান্তর করেন। এর আগে বৈঠকে প্রধানমন্ত্রী আনুষ্ঠানিকভাবে মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে রাষ্ট্রপতি পদে বিএনপির প্রার্থী হিসেবে ঘোষণা করেন। বৈঠকে অন্যান্যের মধ্যে বিএনপির স্থায়ী কমিটির সদস্য মির্জা ফখরুল ইসলাম আলমগীর, খন্দকার মোশাররফ হোসেন, গয়েশ্বর চন্দ্র রায়, নজরুল ইসলাম খান, আমির খসরু মাহমুদ চৌধুরী, সালাহউদ্দিন আহমদ, ইকবাল হাসান মাহমুদ টুকু, সেলিমা রহমান এবং এ জেড এম জাহিদ হোসেন উপস্থিত ছিলেন।
(বিবিসি ওয়েব পেজ : ১৩.০৮.২০২৬ আলী আহমেদ)

## বাংলাদেশের বিরুদ্ধে টেস্টের প্রথম দিনে ১৯৮ রানে অলআউট অস্ট্রেলিয়া

ডারউইনে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে প্রথম টেস্টের প্রথম দিন শেষে বাংলাদেশ এক উইকেট হারিয়ে ৯৬ রান সংগ্রহ করেছে। এর আগে প্রথম ইনিংসে স্বাগতিকদের মাত্র ১৯৮ রানে অলআউট করে বাংলাদেশ। হাসান মাহমুদ ৫৫ রানে ছয় উইকেট নিয়ে বাংলাদেশকে এক স্বপ্নের সূচনা এনে দিয়েছেন। সাথে তাসকিন আহমেদ ও ইবাদত হোসেন দুইটি করে উইকেট নিয়েছেন। ক্রিকেট বিষয়ক ওয়েবসাইট ইএসপিএন ক্রিকইনফো লিখেছে, টেস্টে দ্বিতীয়বারের মতো এক ইনিংসে ১০ উইকেট নিলেন বাংলাদেশের পেসাররা। টেস্ট সিরিজের প্রথম দিনেই ঘরের মাঠে অস্ট্রেলিয়ার ওপর চড়াও হওয়ার ঘটনাকেও 'বেশ বিরল দৃশ্য' বলে বর্ণনা করছে ক্রিকইনফো।
(বিবিসি ওয়েব পেজ : ১৩.০৮.২০২৬ আলী আহমেদ)

## বাংলাদেশে ১৮ জন রাষ্ট্রপতি কে, কতদিন দায়িত্বে ছিলেন?

বাংলাদেশের সদ্য সাবেক রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের পদত্যাগের পর নতুন রাষ্ট্রপতি নির্বাচনের অপেক্ষায় রয়েছে দেশ। ইতোমধ্যেই ক্ষমতাসীন বিএনপির মনোনয়নের মধ্যদিয়ে অনেকটা নিশ্চিত হয়ে গেছে কে হচ্ছেন পরবর্তী রাষ্ট্রপতি, তবে কয়েকদিন পর জাতীয় সংসদ সদস্যরা রাষ্ট্রপতি নির্বাচনে আনুষ্ঠানিক ভোট দেবেন। স্বাধীন বাংলাদেশে এখন পর্যন্ত ১৮ জন ব্যক্তি ২২ মেয়াদে রাষ্ট্রপ্রধানের দায়িত্ব পালন করেছেন, যাদের মধ্যে পূর্ণাঙ্গ ছাড়াও ছিলেন অস্থায়ী ও ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি। দায়িত্বে থাকা রাষ্ট্রপতিদের কে, কবে, কতদিনের জন্য দায়িত্ব পালন করেছেন, তা নিয়েই বিবিসি বাংলার আজকের প্রতিবেদন।

### শেখ মুজিবুর রহমান

বাংলাদেশের স্বাধীনতাযুদ্ধ চলাকালীন গঠিত প্রবাসী সরকারের রাষ্ট্রপতি করা হয় শেখ মুজিবুর রহমানকে। দেশ স্বাধীন হওয়ার পর ১৯৭২ সালের ১০ জানুয়ারি পাকিস্তানের কারাগার থেকে মুক্ত হয়ে দেশে ফেরার আগ পর্যন্ত, অর্থাৎ ১৯৭১ সালের ২৬ মার্চ থেকে ১৯৭২ সালের ১২ জানুয়ারি পর্যন্ত এই পদে ছিলেন তিনি। দেশে ফিরে তিনি প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেন। তিন বছর পর সংবিধান পরিবর্তনের মাধ্যমে দেশে একদলীয় শাসনব্যবস্থা চালু করে দেশে রাষ্ট্রপতি-শাসিত সরকার প্রবর্তন করা হয় এবং ১৯৭৫ সালের ২৫ জানুয়ারি পুনরায় রাষ্ট্রপতি হন শেখ মুজিবুর রহমান। ফলে তিনি ছিলেন বাংলাদেশের প্রথম ও পঞ্চম রাষ্ট্রপতি। একই বছরের ১৫ আগস্ট সপরিবারে নিহত হওয়ার আগ পর্যন্ত তিনি পদটিতে বহাল ছিলেন।

### সৈয়দ নজরুল ইসলাম

শেখ মুজিবুর রহমানের অবর্তমানে ১৯৭১ সালের ২৬ মার্চ থেকে ১৯৭২ সালের ১০ জানুয়ারি পর্যন্ত সৈয়দ নজরুল ইসলাম অস্থায়ী রাষ্ট্রপতির দায়িত্ব পালন করেন। ১৯৬৪ সালে তিনি আওয়ামী লীগের কেন্দ্রীয় কমিটির সিনিয়র সহ-সভাপতি নির্বাচিত হন। ২৫ মার্চ শেখ মুজিবুর রহমানের গ্রেপ্তারের পর সৈয়দ নজরুল ইসলাম দলের ভারপ্রাপ্ত সভাপতির দায়িত্ব গ্রহণ করেন।

### আবু সাঈদ চৌধুরী

১৯৭২ সালের ১২ জানুয়ারি লন্ডন থেকে ফিরে রাষ্ট্রপতির দায়িত্ব নেন বিচারপতি আবু সাঈদ চৌধুরী। তবে পদে থাকা অবস্থায় নানা বিষয় নিয়ে তৈরি হওয়া অস্বস্তি এবং তাকে অবহেলায় রাখা হয়েছে এমন চিন্তা থেকে উদ্ভূত প্রেক্ষাপটে মাত্র দুই বছরের মাথায় ১৯৭৩ সালের ২৪ ডিসেম্বর পদত্যাগ করেন তিনি।

### মুহম্মদুল্লাহ

আবু সাঈদ চৌধুরীর পদত্যাগের পর জাতীয় সংসদের স্পিকারের দায়িত্বে থাকা মুহম্মদুল্লাহ ১৯৭৪ সালের ২৭ জানুয়ারি পর্যন্ত অর্থাৎ এক মাসের কিছু বেশি সময় অস্থায়ী রাষ্ট্রপতির দায়িত্ব পালন করেন। ১৯৫০ সাল থেকে আওয়ামী লীগের রাজনীতিতে সক্রিয় থাকা মুহম্মদুল্লাহ পেশায় আইনজীবী ছিলেন। পরে শপথ নিয়ে ১৯৭৪ সালের ২৭ জানুয়ারি থেকে ১৯৭৫ সালে ২৫ জানুয়ারি পর্যন্ত রাষ্ট্রপতি পদে ছিলেন মুহম্মদুল্লাহ। তৎকালীন সরকার তাকে খুব একটা মূল্যায়ন করতো না বলে পত্রপত্রপত্রিকায় উঠে এসেছিল। শেখ মুজিবুর রহমানের একদলীয় শাসন ব্যবস্থা কায়েমের মধ্যদিয়ে রাষ্ট্রপতি মুহম্মদুল্লাহর মেয়াদ শেষ হয়।

**খন্দকার মোশতাক আহমেদ**

শেখ মুজিবুর রহমানের হত্যাকাণ্ডের পর খন্দকার মোশতাক আহমদ রাষ্ট্রপতির দায়িত্ব নেন। মুক্তিযুদ্ধের সময় তিনি ছিলেন মুজিবনগর সরকারের পররাষ্ট্র, আইন ও সংসদীয় মন্ত্রী। স্বাধীনতার পর বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মন্ত্রিসভায় তিনি বিদ্যুৎ, সেচ ও বন্যা নিয়ন্ত্রণ এবং পরে বাণিজ্য মন্ত্রীর দায়িত্ব পান। ১৯৭৫ সালের ৩ নভেম্বর মেজর জেনারেল খালেদ মোশাররফের নেতৃত্বে একটি অভ্যুত্থানের পর ৬ নভেম্বর তাকে ক্ষমতাচ্যুত করা হয়। সেই হিসেবে তিনি মোট ৮১ দিন রাষ্ট্রপতির দায়িত্বে ছিলেন।

**আবু সাদাত মোহাম্মদ সায়েম**

খন্দকার মোশতাক আহমেদের পর ১৯৭৫ সালের ৬ নভেম্বর রাষ্ট্রপতি হিসেবে শপথ নেন বাংলাদেশের প্রথম প্রধান বিচারপতি আবু সাদাত মোহাম্মদ সায়েম। ইতিহাসবিদরা মনে করেন, আবু সাদাত মোহাম্মদ সায়েম ছিলেন 'ক্ষমতাহীন' রাষ্ট্রপতি। কারণ তিনি রাষ্ট্রপতি হলেও তখন রাষ্ট্রক্ষমতা ছিল কার্যত সেনাপ্রধান জিয়াউর রহমানের হাতে। পদে থাকার দেড় বছর পর ১৯৭৭ সালের ২১ এপ্রিল ব্যক্তিগত স্বাস্থ্যগত কারণ দেখিয়ে পদত্যাগ করেন তিনি।

**জিয়াউর রহমান**

১৯৭৭ সালের ২১ এপ্রিল বাংলাদেশের রাষ্ট্রপতি হন তৎকালীন সেনাপ্রধান এবং প্রধান সামরিক আইন প্রশাসক মেজর জেনারেল জিয়াউর রহমান। পরে জাতীয়তাবাদী গণতান্ত্রিক দল- জাগদল প্রতিষ্ঠা করেন এবং বিতর্কিত এক নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করে বিজয়ী হন। ১৯৮১ সালের ৩০ মে একদল সেনা কর্মকর্তা জিয়াউর রহমানকে হত্যা করার আগ পর্যন্ত পদটিতে বহাল ছিলেন তিনি।

**আবদুস সাত্তার**

জিয়াউর রহমান হত্যাকাণ্ডের পর ১৯৮১ সালের ৩০ মে উপ-রাষ্ট্রপতি থেকে অস্থায়ী রাষ্ট্রপতি হিসেবে নিয়োগ পান বিচারপতি আবদুস সাত্তার। দায়িত্ব নেওয়ার ছয় মাসের মধ্যে অনুষ্ঠিত বিতর্কিত এক নির্বাচনে ৬৬ শতাংশ ভোট পেয়ে ২০ নভেম্বর তিনি রাষ্ট্রপতি নির্বাচিত হন। মাত্র চার মাস পর ১৯৮২ সালের ২৪ মার্চ সেনাপ্রধান হুসেইন মুহম্মদ এরশাদ সামরিক অভ্যুত্থানের মাধ্যমে তাকে ক্ষমতাচ্যুত করেন। ফলে স্বাধীন বাংলাদেশের ইতিহাসে তিনিই প্রথম নির্বাচিত বেসামরিক রাষ্ট্রপতি, যাকে সরাসরি সামরিক অভ্যুত্থানের মাধ্যমে অপসারণ করা হয়।

**আবুল ফজল মোহাম্মদ আহ্সান উদ্দীন চৌধুরী**

আবদুস সাত্তারকে অপসারণের তিনদিন পর ২৭ মার্চ বিচারপতি আবুল ফজল মোহাম্মদ আহ্সান উদ্দীন চৌধুরী রাষ্ট্রপতি হিসেবে দায়িত্ব শুরু করেন। মাত্র ৯ মাস পর ১৯৮৩ সালের ১১ই ডিসেম্বর ক্ষমতা থেকে সরে যান তিনি।

**হুসেইন মুহম্মদ এরশাদ**

বাংলাদেশের ইতিহাসে দ্বিতীয়বারের মতো সামরিক শাসন জারি করেন হুসেইন মুহম্মদ এরশাদ। ১৯৮৩ সালের ১১ ডিসেম্বর থেকে ১৯৮৬ সালের ২৩ অক্টোবর পর্যন্ত রাষ্ট্রপতি পদে ছিলেন তিনি। ১৯৮৬ সালে বিতর্কিত একটি নির্বাচন আয়োজন করে আবারও রাষ্ট্রপতি হন এবং শেষে প্রবল গণআন্দোলনের মুখে ১৯৯০ সালের ৬ ডিসেম্বর ক্ষমতা থেকে বিদায় নেন।

**সাহাবুদ্দিন আহমদ**

হুসেইন মুহম্মদ এরশাদের পতনের পর অস্থায়ী রাষ্ট্রপতি হন বিচারপতি সাহাবুদ্দিন আহমদ। পরে সব বিরোধী দলের ঐকমত্যের ভিত্তিতে বিচারপতি সাহাবুদ্দিন আহমদ একটি 'নিরপেক্ষ নির্দলীয় কেয়ারটেকার' সরকার গঠন করেন, যার একমাত্র দায়িত্ব ছিল তিন মাসের মধ্যে একটি সুষ্ঠু নির্বাচন আয়োজন করা। দায়িত্ব শেষে ১৯৯১ সালের ৯ অক্টোবর রাষ্ট্রপতির দায়িত্ব থেকে সরে যান তিনি। পরে ১৯৯৬ সালে আওয়ামী লীগ ক্ষমতায় আসার পর আবারও রাষ্ট্রপতি হন বিচারপতি সাহাবুদ্দিন আহমদ। পাঁচ বছরের মেয়াদ শেষে ২০০১ সালের ১৪ নভেম্বর রাষ্ট্রপতির পদ থেকে বিদায় নেন তিনি। ফলে ১২ ও ১৪তম রাষ্ট্রপতি হিসেবে দায়িত্ব পালন করেন সাহাবুদ্দিন আহমদ।

**আব্দুর রহমান বিশ্বাস**

বিচারপতি সাহাবুদ্দিন আহমদ বিদায় নেওয়ার পরে রাষ্ট্রপতি হন আব্দুর রহমান বিশ্বাস। ১৯৫০-এর দশকে তিনি আইন পেশায় যুক্ত হন। ১৯৭৯ সালের জাতীয় সংসদ নির্বাচনে তিনি বরিশাল থেকে সংসদ সদস্য নির্বাচিত হন। ১৯৭৯-৮০ সালে তিনি রাষ্ট্রপতি জিয়াউর রহমান-এর মন্ত্রিসভায় পাটমন্ত্রী এবং ১৯৮১-৮২ সালে বিচারপতি আব্দুস সাত্তারের মন্ত্রিসভায় স্বাস্থ্য মন্ত্রীর পদে ছিলেন। নিজের মেয়াদ পূর্ণ করে ১৯৯৬ সালের ৯ অক্টোবর বিদায় নেন তিনি।

**একিউএম বদরুদ্দোজা চৌধুরী**

বাংলাদেশের ১৫তম রাষ্ট্রপতি হিসেবে ২০০১ সালের ১৪ নভেম্বর শপথ নেন বিএনপির প্রতিষ্ঠাতা মহাসচিব একিউএম বদরুদ্দোজা চৌধুরী। মি. চৌধুরী জিয়াউর রহমান এবং খালেদা জিয়া- দুই সরকারের সময়ই তিনি মন্ত্রী ছিলেন এবং বিভিন্ন সময় স্বাস্থ্য ও পরিবার-পরিকল্পনা, শিক্ষা, বিজ্ঞান ও প্রযুক্তি, সংস্কৃতি ও পররাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্ব পালন করেন। কিন্তু বিএনপি সংসদে তার বিরুদ্ধে অনাস্থা আনায় মাত্র সাত মাসের মাথায় ২০০২ সালের ২১ জুন পদত্যাগ করেন তিনি।

**মুহম্মদ জমির উদ্দিন সরকার**

একিউএম বদরুদ্দোজা চৌধুরীর পদত্যাগের পর ২১ জুন থেকে ছয়ই সেপ্টেম্বর পর্যন্ত রাষ্ট্রপতির দায়িত্ব পালন করেন স্পিকার মুহম্মদ জমির উদ্দিন সরকার। তিনি বাংলাদেশ জাতীয়তাবাদী দল- বিএনপি'র স্থায়ী কমিটির প্রতিষ্ঠাতা সদস্য ছিলেন। বিভিন্ন মেয়াদে মুহম্মদ জমির উদ্দিন সরকার পররাষ্ট্র, শিক্ষা, গণপূর্ত ও নগর উন্নয়ন, বিজ্ঞান ও প্রযুক্তি, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বে ছিলেন।

**ইয়াজউদ্দিন আহম্মেদ**

২০০২ সালের ৬ সেপ্টেম্বর বাংলাদেশের রাষ্ট্রপতি হিসেবে শপথ নেন অধ্যাপক ইয়াজউদ্দিন আহমদ। রাজনৈতিক উত্তাল পরিস্থিতিতে ২০০৬ সালে রাষ্ট্রপতির পাশাপাশি তিনি তত্ত্বাবধায়ক সরকারের প্রধানের দায়িত্বও নেন। পরে সংসদ নির্বাচন নিয়ে অব্যাহত রাজনৈতিক অচলাবস্থার প্রেক্ষাপটে ২০০৭ সালের প্রধান উপদেষ্টার পদ ছাড়লেও রাষ্ট্রপতি পদে বহাল ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক এই উপাচার্য। ফলে সার্বিক পরিস্থিতি মিলিয়ে পদের মেয়াদ শেষ হওয়ার পরও আরও দুই বছর অর্থাৎ ২০০৯ সালের ১২ ফেব্রুয়ারি পর্যন্ত টানা রাষ্ট্রপতির দায়িত্বে ছিলেন তিনি।

**মো. জিল্লুর রহমান**

২০০৯ সালে আওয়ামী লীগ সরকার গঠন করার পর রাষ্ট্রপতির দায়িত্ব পান মো. জিল্লুর রহমান। তিনি আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ছিলেন এবং ২০০৭ সালে শেখ হাসিনা গ্রেফতার হলে দলের ভারপ্রাপ্ত সভাপতি দায়িত্ব পালন করেন। ২০১৩ সালের ২০ মার্চ মৃত্যুর আগ পর্যন্ত মো. জিল্লুর রহমান রাষ্ট্রপতি পদে বহাল ছিলেন।

**মোঃ আবদুল হামিদ**

বাংলাদেশে সবচেয়ে দীর্ঘ সময় রাষ্ট্রপতির দায়িত্ব পালন করেছেন মো. আবদুল হামিদ। জিল্লুর রহমানের অসুস্থাবস্থায় ২০১৩ সালের ১৩ মার্চ স্পিকার থেকে ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি হিসেবে দায়িত্ব গ্রহণ করেন তিনি। আওয়ামী লীগ সরকারে থাকাকালীন ২০ মার্চ থেকে ২৩ এপ্রিল পর্যন্ত অস্থায়ী এবং একই বছরের ২৪ এপ্রিল থেকে ২০২৩ সালের ২৩ এপ্রিল পর্যন্ত দুই মেয়াদে পদটিতে বহাল ছিলেন তিনি।

**মো. সাহাবুদ্দিন**

সংবিধান অনুযায়ী সর্বোচ্চ দুই মেয়াদের দায়িত্ব পালন শেষে মো. আবদুল হামিদের পদত্যাগের পর ২০২৩ সালের ২৪ এপ্রিল বাংলাদেশের ২২তম রাষ্ট্রপতি হন মো. সাহাবুদ্দিন। জুলাই গণ-অভ্যুত্থানের পর গঠিত অন্তর্বর্তী সরকার এবং পরবর্তী সময়ে নির্বাচিত বিএনপি সরকারের কয়েক মাস পর্যন্ত পদটিতে বহাল ছিলেন তিনি। পরে শারীরিক জটিলতার কারণ দেখিয়ে ২০২৬ সালের ২৪ জুলাই পদত্যাগ করেন মো. সাহাবুদ্দিন। নতুন রাষ্ট্রপতি নির্বাচনের আগ পর্যন্ত রাষ্ট্রপতি পদের দায়িত্ব পালন করছেন জাতীয় সংসদের স্পিকার হাফিজ উদ্দিন আহমদ।

(বিবিসি ওয়েব পেজ : ১৩.০৮.২০২৬ আলী আহমেদ)

## দুই দেশের প্রধান কথা বললে অনেক সমস্যা সমাধানের সুযোগ থাকে : পররাষ্ট্র প্রতিমন্ত্রী

"যখন দুই দেশের প্রধান কথা বলেন, দ্বিপাক্ষিক আলোচনা হয়, তখন অনেক সমস্যা সমাধানেরই সুযোগ থাকে" বলে মন্তব্য করেছেন বাংলাদেশের পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম। আজ বৃহস্পতিবার বিকেলে পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের সাথে আলাপকালে তিনি এ কথা বলেন। বাংলাদেশের প্রধানমন্ত্রীকে সফরের আমন্ত্রণ জানিয়েছে ভারত- এ নিয়ে আলোচনা আছে। এ বিষয়ে পররাষ্ট্র প্রতিমন্ত্রী জানিয়েছেন, এখন পর্যন্ত ভারত সফরসহ কোনো সফরই চূড়ান্ত হয়নি। এছাড়া, বর্তমানে অনেক ধরনের রাজনৈতিক, সাংবিধানিক কর্মসূচি থাকায় প্রধানমন্ত্রী কিছুটা ব্যস্ত সময় পার করছেন উল্লেখ করে তিনি আরও বলেন, "কোনো সফরই চূড়ান্ত হয়নি। সব কিছু মিললেই সফর হবে। এটা নির্ভর করবে প্রধানমন্ত্রীর সময়ের ওপর এবং দুই দেশের আলোচনা কতটা আগাচ্ছে, তার ওপর।" ভারত সফর প্রসঙ্গে তিনি বলেন, "যখন দুই দেশের প্রধান কথা বলেন, দ্বিপাক্ষক আলোচনা হয়, তখন অনেক সমস্যা সমাধানেরই সুযোগ থাকে। সেই সুযোগটা তো আছে, রয়ে গেছে।" "ভারতের দিক থেকেও উচিত, সেই সুযোগের সদ্ব্যবহার করা," যোগ করেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী।(বিবিসি ওয়েব পেজ : ১৩.০৮.২০২৬ আলী আহমেদ)

## দিন গোনা ও কিছু ম্যানেজমেন্ট ছাড়া আমার কিছু করার নাই : জ্বালানিমন্ত্রী

ভাসমান এলএনজি টার্মিনালের (এফএসআরইউ) মেরামত না হওয়া পর্যন্ত আপাতত দিন গোনা ও লোডশেডিং ব্যবস্থাপনা করা ছাড়া আর কোনো উপায় নেই বলে মন্তব্য করেছেন বাংলাদেশের বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদমন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকু। আজ বৃহস্পতিবার গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) আয়োজিত একটি অনুষ্ঠানে অনলাইনে যুক্ত হয়ে তিনি এ কথা বলেন। এফএসআরইউ'র ত্রুটি সারানোর জন্য কাজ চলছে উল্লেখ করে তিনি বলেন, "এখন শুধু আমাকে দিন গোনা ছাড়া, আর ওই যে ইঞ্জিনিয়াররা কাজ করছে এফএসআরইউতে, এটা

করা ছাড়া আমার কিছু (করার) নাই।” “আর কিছু ম্যানেজমেন্ট করা, যাতে কম লোডশেডিং হয়, যাতে আমি ইন্ডাস্ট্রিকে গ্যাসটা দিতে পারি, এই ম্যানেজমেন্টটা করা। এছাড়া আপনিই বলেন, আমার হাতে আর কী থাকতে পারে।” এসময় তিনি আরও জানান, ২০২৯ সাল নাগাদ বাংলাদেশে তিনটি নতুন ভাসমান এলএনজি টার্মিনাল স্থাপন করা হবে।(বিবিসি ওয়েব পেজ : ১৩.০৮.২০২৬ আলী আহমেদ)

## পরাজয় জেনেও কেন রাষ্ট্রপতি নির্বাচনে প্রার্থী দিলো জামায়াত জোট?

নির্বাচন কমিশনে একাধিক মনোনয়ন জমা হওয়ায় দীর্ঘদিন পর রাষ্ট্রপতি পদে নির্বাচনের পথে হাঁটছে বাংলাদেশ। কিন্তু এই নির্বাচনে নিজেদের প্রার্থীর নিশ্চিত পরাজয় জেনেও জামায়াত নেতৃত্বাধীন জোটের প্রার্থী দেওয়ার বিষয়টি নিয়ে নানা আলোচনা চলছে। বাংলাদেশের সংবিধানের ৪৮(১) অনুচ্ছেদ অনুযায়ী, সংসদ সদস্যগণের ভোটে পরোক্ষভাবে নির্বাচিত হন রাষ্ট্রপতি। অর্থাৎ সংসদের সংখ্যাগরিষ্ঠ দলের মনোনীত প্রার্থীই যে রাষ্ট্রপতি হিসেবে নির্বাচিত হবেন এটি নিশ্চিত। অতীতে কেবল ১৯৯১ সালেই একাধিক প্রার্থী নিয়ে রাষ্ট্রপতি পদে নির্বাচন অনুষ্ঠিত হয়েছিল বাংলাদেশে। সেবার এই পদে সরকারি দল বিএনপির বিপরীতে নিজেদের প্রার্থী দিয়েছিল তৎকালীন বিরোধী দল আওয়ামী লীগ। এরপর থেকে গত ৩৫ বছরে যে আটবার রাষ্ট্রপতি নির্বাচন হয়েছে, তার প্রতিবারই একক প্রার্থী থাকায় কোনো ভোটের প্রয়োজন হয়নি। ত্রয়োদশ জাতীয় সংসদে সরকারি দল বিএনপির মোট সংসদ সদস্যের সংখ্যা ২৪৭। অর্থাৎ সংসদে দলটির নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা রয়েছে। এক্ষেত্রে সংসদ সদস্যরা যদি নিজ দলের বাইরে গিয়ে ভোট দিতে পারতেন, তাহলেও হয়ত কিছুটা অনিশ্চয়তা থাকতো। কিন্তু সংবিধানের ৭০ অনুচ্ছেদ অনুযায়ী সেই পথও বন্ধ। তার মানে, রাষ্ট্রপতি হিসেবে বিএনপি যাকে প্রার্থী করবে, তিনিই যে বাংলাদেশের ২৩ তম রাষ্ট্রপতি নির্বাচিত হবেন, এটি মোটামুটি নিশ্চিত। এমন প্রেক্ষাপটে, রাষ্ট্রপতি নির্বাচনে জামায়াতে ইসলামী নেতৃত্বাধীন জোট কেন প্রার্থী দিল, এর মধ্যে কি রাজনৈতিক সমীকরণ রয়েছে নাকি নামেমাত্র অংশগ্রহণ- এমন নানা প্রশ্ন সামনে আসছে। জামায়াত নেতৃত্বাধীন জোটের এই সিদ্ধান্তের পেছনে মূলত রাজনৈতিক কৌশল দেখছেন বিশ্লেষকদের অনেকে। তারা বলছেন, এই সিদ্ধান্তের মাধ্যমে জামায়াত নিজেদের সরকারবিরোধী অবস্থান যেমন জানান দিচ্ছে, তেমনি প্রার্থী হিসেবে একজন স্বীকৃত মুক্তিযোদ্ধাকে বেছে নিয়ে সাধারণ মানুষের কাছে কৌশলে একটি রাজনৈতিক বার্তাও দেওয়ার চেষ্টা করছে।

### জামায়াত জোট যা বলছে

গত ২৪ জুলাই রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন পদত্যাগ করার পর থেকেই পরবর্তী রাষ্ট্রপতি কে হচ্ছেন এই আলোচনা চলছে। মি. সাহাবুদ্দিনের পদত্যাগের পর থেকে স্পিকার হাফিজ উদ্দিন আহমদ ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি হিসেবে দায়িত্ব পালন করছেন। সংবিধান অনুযায়ী ৯০ দিনের মধ্যে নতুন রাষ্ট্রপতি নির্বাচন বাধ্যতামূলক। অবশেষে নির্বাচন কমিশনে মনোনয়ন জমা দেওয়ার মধ্য দিয়ে রাষ্ট্রপতি নির্বাচনে আনুষ্ঠানিক প্রক্রিয়ার প্রথম ধাপ শুরু হলো। রাষ্ট্রপতি নির্বাচনে বাংলাদেশ জামায়াতে ইসলামীর নেতৃত্বাধীন ১১ দলীয় ঐক্যের প্রার্থী হিসেবে লিবারেল ডেমোক্রেটিক পার্টি বা এলডিপি এর চেয়ারম্যান কর্নেল (অব.) অলি আহমদ এবং বিএনপির প্রার্থী হিসেবে দলটির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের মনোনয়নপত্র জমা দেওয়া হয়েছে। বৃহস্পতিবার বেলা সাড়ে ১১টার দিকে ঢাকার আগারগাঁওয়ে নির্বাচন ভবনে প্রধান নির্বাচন কমিশনার এ এম এম নাসির উদ্দিনের কাছে কর্নেল (অব.) অলি আহমদ এর মনোনয়নপত্র জমা দেন জোটের প্রতিনিধি দল। এসময় গণমাধ্যমের সঙ্গে কথা বলেন জামায়াত নেতা হামিদুর রহমান আযাদ। তিনি বলেন, গণতন্ত্রকে সঠিক ধারায় ফিরিয়ে আনতেই নির্বাচনে অংশ নেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন তারা। আমরা এখানে জিতব কি হারব- এটা বিষয় নয়। আমরা প্রতিদ্বন্দ্বিতা ছাড়া কোনো নির্বাচন হোক সেটা চাই না। এটাই গণতন্ত্রের সৌন্দর্য, বলেন তিনি।

সংবিধানের ৭০ অনুচ্ছেদের প্রসঙ্গ টেনে মি. আযাদ বলেন, গণতান্ত্রিক চর্চার পেছনে সাংবিধানিক বাধ্যবাধকতা একটি প্রতিবন্ধকতা তৈরি করেছে। “আর্টিকেল ৭০ এ অনাস্থা এবং অর্থবিল ছাড়া সংসদ সদস্যরা স্বাধীনভাবে মত দিতে পারবেন, ভোট দিতে পারবেন- ঐকমত্য কমিশনে এই বিষয়ে আমরা সবাই চেয়েছি। কিন্তু একগুঁয়েমি এবং দলীয় সংকীর্ণতার কারণে গণভোটের রায় উনারা বাস্তবায়ন করছেন না,” বলেন তিনি। এসময় সচিবালয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে বিএনপির দলীয় ফোরামের বৈঠক নিয়েও সমালোচনা করেন মি. আজাদ। তিনি বলেন, “সচিবালয় হলো একটা নির্বাহী জায়গা, এখানে রাজনৈতিক দলের শীর্ষ ফোরামের বৈঠক হবে এরকম অতীতের রেকর্ড আমাদের জানা নেই।” এদিন দুপুরের পর- রাষ্ট্রপতি পদে নিজেদের প্রার্থী, মির্জা ফখরুল ইসলাম আলমগীরের মনোনয়নপত্র নির্বাচন কমিশনে জমা দেয় বিএনপির প্রতিনিধি দলও। এসময় রাষ্ট্রপতি নির্বাচনে জামায়াত জোটের অংশগ্রহণকে স্বাগত জানান দলের স্থায়ী কমিটির সদস্য গয়েশ্বর চন্দ্র রায়। তিনি বলেন, “এটি কোনোমতেই নিয়ম রক্ষার নির্বাচন নয়। সংবিধান এবং গণপ্রতিনিধিত্ব আদেশ অনুযায়ী যেটা হওয়ার সেটাই হচ্ছে।” এর আগে, সচিবালয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে দলের শীর্ষ নেতাদের বৈঠকের পর রাষ্ট্রপতি পদে দলীয় প্রার্থীর নাম জানান বিএনপির জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। নির্বাচন কমিশনের তফশিল অনুযায়ী, ১৩ আগস্ট মনোনয়নপত্র জমা দেওয়ার পর, ১৬ আগস্ট বাছাই ও ১৮ আগস্ট মনোনয়ন প্রত্যাহারের তারিখ নির্ধারণ করা রয়েছে। আর ২০ আগস্ট জাতীয় সংসদে ভোট শেষে ঘোষণা করা হবে বেসরকারি ফলাফল।

### পরাজয় জেনেও কেন নির্বাচন?

বাংলাদেশে ১৯৯১ সালে সংসদীয় গণতন্ত্রে ফেরার পর প্রথম রাষ্ট্রপতি নির্বাচন হয়েছিল। সেবার বিএনপির প্রার্থী আব্দুর রহমান বিশ্বাসের বিপরীতে বিচারপতি বদরুল হায়দার চৌধুরীকে প্রার্থী করেছিল আওয়ামী লীগ। এরপর ৩৫ বছরে রাষ্ট্রপতি নির্বাচন হলেও একক প্রার্থী থাকায় কোনোবারই ভোট হয়নি। এবার সেই ধারা ভাঙছে। ফলে ১৯৯১ সালের পর এটাই প্রথম প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ রাষ্ট্রপতি নির্বাচন। কিন্তু রাষ্ট্রপতি নির্বাচনের সাংবিধানিক নিয়ম-কানুন অনুযায়ী এই নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা হওয়ার কোনো সম্ভাবনা দেখেন না রাজনৈতিক বিশ্লেষকরা। তারা বলছেন, সংসদে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা থাকায় বিএনপি মনোনীত প্রার্থীই যে রাষ্ট্রপতি হচ্ছেন, এটি নিশ্চিত। কারণ সংবিধানের ৭০ অনুচ্ছেদের কারণে সংসদ সদস্যদের দলীয় সিদ্ধান্তের বাইরে ভোট দেওয়ার সুযোগ নেই বললেই চলে। জামায়াত নেতৃত্বাধীন জোটের এই নির্বাচনে অংশ নেওয়ার পেছনে কয়েকটি রাজনৈতিক উদ্দেশ্য রয়েছে বলেই মনে করেন রাজনৈতিক বিশ্লেষকরা। যেখানে রাজনৈতিক অবস্থানের জানান দেওয়া, ভবিষ্যতের দরকষাকষি ও সংস্কার আলোচনা চালিয়ে নেওয়ার মতো বিষয়গুলো থাকতে পারে বলেই মনে করছেন অনেকে। এছাড়া রাষ্ট্রপতি নির্বাচনে জামায়াত জোট যাকে প্রার্থী হিসেবে বেছে নিয়েছে, সেটি ভবিষ্যৎ রাজনীতিতে তাদের জন্য বড়ো হাতিয়ার হতে পারে বলেই মনে করেন রাজনৈতিক বিশ্লেষক অধ্যাপক সাব্বির আহমেদ। তিনি বলছেন, "জামায়াত ভোটে জিতবে না এটা তারাও জানে, কিন্তু তাদের জন্য এটা একটা বড়ো পলিটিক্যাল গেইন বা অর্জন যে, তারা একজন মুক্তিযোদ্ধাকে তাদের প্রার্থী হিসেবে বেছে নিয়েছে।" তবে, রাষ্ট্রপতি প্রার্থী ঘোষণার আগে বিএনপি যদি বিরোধী জোটের সঙ্গে আলোচনা করে প্রার্থী দিত, তাহলে জামায়াত জোট এই নির্বাচনে প্রার্থী না-ও দিতে পারতো বলেই মনে করেন লেখক ও গবেষক মহিউদ্দিন আহমদ। তার মতে, রাষ্ট্রের অভিভাবকসুলভ পদ হওয়ায় রাষ্ট্রপতি মনোনয়নের বিষয়টি ঐকমত্যের ভিত্তিতে হলেই সবথেকে সুবিধাজনক হতো। "এর মধ্যদিয়ে বোঝা যাচ্ছে যে, দুই পক্ষের মধ্যে স্বাভাবিক সৌজন্য এবং সংলাপের যে পরিবেশটা থাকা দরকার ছিল, সেটা আর নাই," বিবিসি বাংলাকে বলেন মি. আহমদ।

(বিবিসি ওয়েব পেজ : ১৩.০৮.২০২৬ আলী আহমেদ)

## রেডিও তেহরান

### মির্জা ফখরুলই বিএনপির রাষ্ট্রপতি প্রার্থী, ২০ আগস্ট ভোট

বাংলাদেশের ২৩তম রাষ্ট্রপতি পদে বিএনপির প্রার্থী হিসেবে দলের মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের নাম চূড়ান্ত করা হয়েছে। আজ (বৃহস্পতিবার) দুপুরে সচিবালয়ে বিএনপির জাতীয় স্থায়ী কমিটির বৈঠকে দলের চেয়ারম্যান ও প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে আলোচনার পর তার প্রার্থিতা চূড়ান্ত হয়। বৈঠক শেষে বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী সাংবাদিকদের বিষয়টি নিশ্চিত করেন। তিনি জানান, রাষ্ট্রপতি পদে প্রার্থী হওয়ার সঙ্গে সঙ্গে মির্জা ফখরুল বিএনপির মহাসচিব ও জাতীয় স্থায়ী কমিটির সদস্য পদ থেকে পদত্যাগ করেছেন। এরপর দুপুর ২টা ২৩ মিনিটে নির্বাচন ভবনে মির্জা ফখরুলের পক্ষে মনোনয়নপত্র জমা দেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য ড. আব্দুল মঈন খান। প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) ও রাষ্ট্রপতি নির্বাচনের রিটার্নিং কর্মকর্তা এ এম এম নাসির উদ্দিনের কাছে মনোনয়নপত্র জমা দেওয়া হয়। এতে প্রস্তাবক হিসেবে রয়েছেন ড. মঈন খান এবং সমর্থক হিসেবে রয়েছেন গয়েশ্বর চন্দ্র রায়। এর আগে, জামায়াতে ইসলামীর নেতৃত্বাধীন ১১ দলীয় জোটের প্রার্থী হিসেবে লিবারেল ডেমোক্রেটিক পার্টির (এলডিপি) চেয়ারম্যান কর্নেল (অব.) অলি আহমদের মনোনয়নপত্র জমা দেওয়া হয়। জোটের সমন্বয়ক ও জামায়াতের সহকারী সেক্রেটারি জেনারেল হামিদুর রহমান আযাদ তার পক্ষে মনোনয়নপত্র জমা দেন। নির্বাচন কমিশনের তফসিল অনুযায়ী, বৃহস্পতিবার বিকেল ৪টা পর্যন্ত রাষ্ট্রপতি পদে মনোনয়নপত্র জমা দেওয়ার সুযোগ ছিল। আগামী ১৬ আগস্ট মনোনয়নপত্র যাচাই-বাছাই হবে। প্রার্থিতা প্রত্যাহারের শেষ দিন ১৮ আগস্ট। একাধিক প্রার্থী থাকলে ২০ আগস্ট দুপুর ২টা থেকে বিকেল ৫টা পর্যন্ত জাতীয় সংসদ ভবনের অধিবেশন কক্ষে রাষ্ট্রপতি নির্বাচন অনুষ্ঠিত হবে। সংবিধান অনুযায়ী, রাষ্ট্রপতি নির্বাচিত হন সংসদ সদস্যদের ভোটে। বর্তমানে জাতীয় সংসদে বিএনপির দুই-তৃতীয়াংশের বেশি সংখ্যাগরিষ্ঠতা রয়েছে। ফলে মির্জা ফখরুলের জয় অনেকটাই নিশ্চিত বলে মনে করা হচ্ছে। শেষ পর্যন্ত অলি আহমদ প্রার্থিতা প্রত্যাহার না করলে ১৯৯১ সালের পর এবারই প্রথম রাষ্ট্রপতি পদে প্রতিদ্বন্দ্বিতামূলক ভোট হতে যাচ্ছে। মির্জা ফখরুল ইসলাম আলমগীর দীর্ঘদিন ধরে বিএনপির অন্যতম শীর্ষ নেতা হিসেবে দায়িত্ব পালন করছেন। ২০০৯ সালের জাতীয় কাউন্সিলে তিনি দলের সিনিয়র যুগ্ম মহাসচিব হন। ২০১১ সালের মার্চে ভারপ্রাপ্ত মহাসচিবের দায়িত্ব পান এবং ২০১৬ সালের ৩০ মার্চ বিএনপির মহাসচিব হিসেবে আনুষ্ঠানিকভাবে দায়িত্ব নেন।

২০০১ সালের জাতীয় সংসদ নির্বাচনে ঠাকুরগাঁও-১ আসন থেকে বিএনপির প্রার্থী হিসেবে সংসদ সদস্য নির্বাচিত হন তিনি। ওই সময় তিনি কৃষি এবং বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেন। পরবর্তী সময়ে বিএনপির নেতৃত্বের গুরুত্বপূর্ণ পর্যায়ে উঠে আসেন মির্জা ফখরুল। আওয়ামী লীগ সরকারের সময় বিএনপির দুই শীর্ষ নেতা খালেদা জিয়ার কারাবন্দিত্ব এবং তারেক রহমানের লন্ডনে অবস্থানের সময়ে দল পরিচালনায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন তিনি। রাজনৈতিক প্রতিকূলতা ও কারাবরণের মধ্যেও দীর্ঘ সময় বিএনপির নেতৃত্বে থাকায় দলের ভেতরে ও বাইরে তিনি একজন গুরুত্বপূর্ণ ও গ্রহণযোগ্য নেতা হিসেবে পরিচিতি পান। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ঠাকুরগাঁও-১ আসন থেকে আবারও সংসদ সদস্য নির্বাচিত হওয়ার পর প্রধানমন্ত্রী তারেক রহমানের সরকারে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রীর দায়িত্ব পান মির্জা ফখরুল। এখন রাষ্ট্রপতি নির্বাচনে

বিএনপির প্রার্থী হিসেবে তার নাম চূড়ান্ত হওয়ায় মির্জা ফখরুলের রাজনৈতিক জীবনে নতুন অধ্যায়ের সূচনা হতে যাচ্ছে। সংসদে বিএনপির সংখ্যাগরিষ্ঠতার কারণে তিনি নির্বাচিত হলে দেশের ২৩তম রাষ্ট্রপতি হিসেবে দায়িত্ব নেবেন। এর আগে, গত ২৪ জুলাই রাষ্ট্রপতি পদ থেকে পদত্যাগ করেন আওয়ামী লীগের মনোনয়নে নির্বাচিত মো. সাহাবুদ্দিন। এরপর স্পিকার হাফিজ উদ্দিন আহমদ ভারপ্রাপ্ত রাষ্ট্রপতির দায়িত্ব পালন করছেন। সংবিধান অনুযায়ী, রাষ্ট্রপতির পদ শূন্য হওয়ার ৯০ দিনের মধ্যে নতুন রাষ্ট্রপতি নির্বাচন করতে হয়।
(রেডিও তেহরান ওয়েব পেজ : **১৩.০৮.২০২৬** নারগীস)

## মার্কিন বিমানবাহী রণতরী আব্রাহাম লিংকনে আত্মহত্যার চেষ্টার খবরে উদ্বেগ

মার্কিন বিমানবাহী রণতরী ইউএসএস আব্রাহাম লিংকন-এর কয়েকজন নাবিক ও মেরিন সেনা সমুদ্রে ঝাঁপ দিয়ে আত্মহত্যার চেষ্টা করেছেন বলে খবর পাওয়া গেছে। এতে জাহাজটির প্রায় ৫ হাজার নাবিক ও মেরিনের মানসিক স্বাস্থ্য এবং জীবনযাপন নিয়ে উদ্বেগ আরও বেড়েছে। নেভি টাইমস ও স্টারস অ্যান্ড স্ট্রাইপস জানিয়েছে, জাহাজটিতে সমুদ্রে ঝাঁপ দেওয়ার একাধিক চেষ্টা ঠেকানো হয়েছে। নাবিকেরা টানা ২৫০ দিন কোনো বন্দরে না নেমে সমুদ্রে রয়েছেন। আধুনিক সময়ে কোনো মার্কিন বিমানবাহী রণতরীর জন্য এটিকে দীর্ঘতম মোতায়েনগুলোর একটি হিসেবে উল্লেখ করা হয়েছে। গত বৃহস্পতিবার সান দিয়েগোতে নৌবাহিনীর কর্মকর্তাদের সঙ্গে বৈঠকে প্রায় ২০০ নাবিকের স্বজন দীর্ঘ মোতায়েন এবং তাদের পরিবারের সদস্যদের মানসিক অবস্থা নিয়ে উদ্বেগ প্রকাশ করেন। এক নাবিকের স্ত্রী জানান, তার স্বামী তাকে মেসেজ করে লিখেছিলেন, "সম্ভবত আগামীকাল ঘুম থেকে উঠব না।" আরেকজন জানান, দীর্ঘদিনের চাপের কারণে তার স্বামী সমুদ্রে ঝাঁপ দেওয়ার চেষ্টা করেছিলেন। জাহাজের জীবনযাত্রার পরিবেশ নিয়েও অভিযোগ উঠেছে। ক্যালিফোর্নিয়ার কংগ্রেসম্যান মাইক লেভিন বলেন, সেখানে ছত্রাকযুক্ত গোসলখানা, নষ্ট টয়লেট, কয়েক সপ্তাহ ধরে অচল লন্ড্রি ব্যবস্থা এবং দীর্ঘ সময় গরম পানির সংকট রয়েছে। খাবারের মান ও সরবরাহ নিয়েও অভিযোগ রয়েছে। আব্রাহাম লিংকন গত বছরের ২১ নভেম্বর সান দিয়েগো থেকে যাত্রা শুরু করে। প্রথমে প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে মোতায়েনের কথা থাকলেও পরে ইরানকে ঘিরে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের সামরিক সংঘাতের মধ্যে জাহাজটিকে পশ্চিম এশিয়ায় পাঠানো হয়। মে মাসে মোতায়েন শেষ হওয়ার কথা থাকলেও পরে তা বাড়ানো হয়।
এদিকে, জাহাজটির পরিস্থিতি নিয়ে আগের অভিযোগগুলোকে মার্কিন যুদ্ধবিষয়ক মন্ত্রী পিট হেগসেথ 'ভুয়া খবর' বলে প্রত্যাখ্যান করেছিলেন। তবে নতুন অভিযোগের পর নাবিকদের কর্মপরিবেশ ও মানসিক স্বাস্থ্য নিয়ে আবারও প্রশ্ন উঠেছে।(রেডিও তেহরান ওয়েব পেজ : **১৩.০৮.২০২৬** নারগীস)

# এনএইচকে

## পেজেশকিয়ানের প্রতি হরমুজ প্রণালিতে অবাধ ও নিরাপদ নৌচলাচল পুনরুদ্ধারের আহ্বান তাকাইচির

জাপানের প্রধানমন্ত্রী তাকাইচি সানায়ে, ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ানের সঙ্গে ফোনে কথা বলেছেন এবং হরমুজ প্রণালিতে অবাধ ও নিরাপদ নৌচলাচল নিশ্চিত করার গুরুত্বের ওপর জোর দিয়েছেন। জাপানের স্থানীয় সময় বুধবার বিকেল ৪টা বেজে ২০ মিনিটে তাদের আলোচনা শুরু হয় এবং প্রায় ২০ মিনিট ধরে চলে। তাকাইচি বলেছেন, এই জলপথ ঘিরে চলতে থাকা বর্তমান সামরিক উত্তেজনাকে প্রশমিত করা এবং পরিস্থিতিকে যত দ্রুত সম্ভব নিয়ন্ত্রণে আনা অত্যন্ত জরুরি। তিনি জাপানের এই অবস্থান ব্যক্ত করেছেন যে, যুক্তরাষ্ট্র ও ইরানের উচিত একটি সমঝোতা স্মারকের ভিত্তিতে তাদের সংঘাতের অবসান ঘটাতে আলোচনা করা এবং পারমাণবিক ও অন্যান্য বিষয়ে একটি চূড়ান্ত চুক্তিতে পৌঁছানো। তাদের এই আলোচনা এমন এক সময়ে অনুষ্ঠিত হলো, যখন ইরান ওমানের সঙ্গে হরমুজ প্রণালিতে একটি নতুন সমুদ্রপথ নির্ধারণের জন্য আলোচনা করছে। তাকাইচি পেজেশকিয়ানকে বলেন যে, কোনো অতিরিক্ত ফি ছাড়া অবাধ ও নিরাপদ নৌচলাচল পুনরুদ্ধার করা জরুরি। তিনি এই জলপথ ব্যবহারকারী দেশগুলোসহ আন্তর্জাতিক সম্প্রদায়ের সঙ্গে বিষয়টি নিয়ে আলোচনা করার জন্য তার প্রতি অনুরোধ জানান। পাশাপাশি, জ্বালানি নিরাপত্তা ও অন্যান্য দৃষ্টিকোণ থেকে ইয়েমেনের উপকূলবর্তী বাব আল-মানদেব প্রণালির পরিস্থিতি নিয়েও গভীর উদ্বেগ প্রকাশ করেছেন তাকাইচি। মঙ্গলবার ইরান-সমর্থিত ইয়েমেনের হুতি বিদ্রোহীরা এই প্রণালি দিয়ে চলাচলকারী একটি জাহাজে হামলা চালিয়েছে, যাতে নাবিকসহ ছয়জন নিহত হয়েছেন। হুতিদেরকে আত্মসংযম প্রদর্শনের আহ্বান জানানোর জন্য তাকাইচি পেজেশকিয়ানের প্রতি অনুরোধ জানান। পেজেশকিয়ান, হরমুজ প্রণালি নিয়ে ইরান ও ওমানের মধ্যে চলমান আলোচনার বর্তমান অবস্থা এবং এ বিষয়ে ভবিষ্যৎ সম্ভাবনা সম্পর্কে তাকাইচিকে অবহিত করেন। ইরানের প্রেসিডেন্ট এটি ব্যাখ্যা করেছেন বলে জানা গেছে যে, ইরান সৌদি আরবের সঙ্গে আলোচনার পাশাপাশি বাব আল-মানদেব প্রণালি নিয়ে সৃষ্ট সমস্যা সমাধানে কাজ করছে। (এনএইচকে ওয়েব পেজ: **১৩.০৮.২০২৬** রুবাইয়া)

# ডয়চে ভেলে

## ইরানে যুদ্ধ, অর্থ কষ্টে ভুগছে ইরাক

এই বছরের ফেব্রুয়ারির শেষ ভাগ থেকে ইরানের উপর আক্রমণ শুরু করে ইসরায়েল এবং অ্যামেরিকা। শুরু হয় যুদ্ধ। বন্ধ হয় হরমুজ প্রণালী। এর সরাসরি প্রভাব পড়েছে বিশ্ব অর্থনীতিতে। অর্থ কষ্টে ভুগছে ইরাক। তেলের ব্যবসা ইরাকের মূল আয়ের উৎস। ইরাকের বাজেটের ৮০ থেকে ৯০ শতাংশ আসে তেল রপ্তানি করে। হরমুজ বন্ধ থাকায়

রপ্তানি হচ্ছে না তেল। ফলে চাপ বাড়ছে সরকারি কোষাগারে। সরকারি চাকরি ইরাকের অর্থনীতির গুরুত্বপূর্ণ অংশ। প্রায় তিন কোটি কর্মক্ষম জনসংখ্যার দুই-তৃতীয়াংশ সরকারি কর্মী। বাজেটের একটা বড় অংশ কর্মীদের বেতন, পেনশন এবং কল্যাণমূলক কাজে ব্যবহৃত হয়। প্রতি মাসে সরকারের সাড়ে ছয় থেকে আট দশমিক বিলিয়ন ডলার লাগে এই বেতন দিতে। হরমুজ বন্ধ থাকায় সরকারি কর্মীদের দেতন ক্রমশই অনিয়মিত হচ্ছে। অন্য কোনো পথ না থাকার কারণে ইরাকের ৮০ থেকে ৯০ শতাংশ তেল রপ্তানি হরমুজের পথেই হত। যুদ্ধের ফলে মার্চেই প্রায় ৮০ শতাংশ রপ্তানি কমেছে। মে মাসের মধ্যে কমেছে ৯৭ শতাংশ। এর ফলে রাতারাতি কমেছে সরকারি কোষাগারের আয়।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৩.০৮.২০২৬ রনি)

## জাতিসংঘের প্রতিবেদনে ভারত, বাংলাদেশ ও আল কায়দা

জাতিসংঘ নিরাপত্তা পরিষদের অধীনে থাকা একটি বিশেষায়িত পর্যবেক্ষণ দলের তৈরি প্রতিবেদনে ২০২৫ সালে ভারতের দিল্লির লালকেল্লার সামনে বিস্ফোরণের পেছনে আল-কায়েদার ভারতীয় উপমহাদেশ শাখা একিউআইএস ছিল বলে জানানো হয়েছে। একিউআইএস বাংলাদেশে সেল প্রতিষ্ঠার চেষ্টা করছে বলেও ইউএনএসসি মনিটরিং রিপোর্ট নামে পরিচিত ঐ প্রতিবেদনে বলা হয়েছে। রিপোর্টটি ১০ আগস্ট প্রকাশ করা হয়। ইউএনএসসি মনিটরিং রিপোর্ট হলো জাতিসংঘ নিরাপত্তা পরিষদের অধীনে থাকা একটি বিশেষায়িত পর্যবেক্ষণ দলের তৈরি একটি প্রতিবেদন, যা মূলত বিশ্বজুড়ে নিষিদ্ধঘোষিত বিভিন্ন জঙ্গি ও সন্ত্রাসী সংগঠনের বর্তমান অবস্থা, আর্থিক নেটওয়ার্ক এবং নিরাপত্তা হুমকি বিশ্লেষণ করে। বিভিন্ন দেশের গোয়েন্দা তথ্য, মাঠপর্যায়ের গবেষণা এবং সদস্য রাষ্ট্রগুলোর দেওয়া তথ্যের ওপর ভিত্তি করে প্রতি বছর বা নির্দিষ্ট সময় পরপর এই প্রতিবেদন তৈরি করা হয়। রিপোর্টে বলা হয়েছে, ২০২৫ সালের নভেম্বরে দিল্লির লালকেল্লার সামনে যে গাড়ি-বোমা বিস্ফোরণ হয়েছিল, আনুষ্ঠানিকভাবে তার দায় স্বীকার করেছে একিউআইএস। ঐ হামলায় ১৫ জন মারা গিয়েছিলেন, আহত হয়েছিলেন ২০ জন।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৩.০৮.২০২৬ রনি)

## রাষ্ট্রপতি পদে বিএনপির মনোনয়ন পেলেন মির্জা ফখরুল

রাষ্ট্রপতি পদে দলের মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরকেই বেছে নিয়েছে বিএনপি। আজ বৃহস্পতিবার দুপুরে সচিবালয়ে জ্যেষ্ঠ নেতাদের সঙ্গে বৈঠকে মির্জা ফখরুলের প্রার্থিতা চূড়ান্ত করেন বিএনপির চেয়ারম্যান ও প্রধানমন্ত্রী তারেক রহমান। বৈঠক শেষে মির্জা ফখরুলের রাষ্ট্রপতি পদে প্রার্থীতার কথা ঘোষণা করেন বিএনপির জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। মির্জা ফখরুল ২০১১ সালে বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব হন। এরপর ২০১৬ সালে দলের জাতীয় কাউন্সিলে আনুষ্ঠানিকভাবে মহাসচিব নিযুক্ত হন। দলের দুই প্রধান নেতা খালেদা জিয়ার কারাবন্দিত্ব এবং তারেক রহমানের লন্ডনে নির্বাসনের পুরোটা সময় দলের হয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন তিনি। আওয়ামী লীগ সরকারের সময় ছয়বার কারাগারে যান। বিগত সরকারের নানামুখী নির্যাতন ও প্রতিকূলতার মুখেও দলের নেতৃত্ব দেন মির্জা ফখরুল। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ঠাকুরগাঁও–১ আসন থেকে সংসদ সদস্য নির্বাচিত হন মির্জা ফখরুল ইসলাম আলমগীর। এরপর প্রধানমন্ত্রী তারেক রহমানের সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রীর দায়িত্ব পান।গত ২৪ জুলাই রাষ্ট্রপতির পদ থেকে পদ ত্যাগ করেন ছাত্র-জনতার অভ্যুত্থানে ক্ষমতাচ্যুত আওয়ামী লীগের (বর্তমান কার্যক্রম নিষিদ্ধ) মনোনয়নে নির্বাচিত মো. সাহাবুদ্দিন। তারপর থেকে ভারপ্রাপ্ত রাষ্ট্রপতির দায়িত্ব পালন করছেন স্পিকার হাফিজ উদ্দিন আহমদ। সংবিধান অনুযায়ী, রাষ্ট্রপতির পদ শূন্য হওয়ার ৯০ দিনের মধ্যে নতুন রাষ্ট্রপতি নির্বাচিত করতে হবে। নির্বাচন কমিশন ঘোষিত তফসিল অনুযায়ী, আজ রাষ্ট্রপতি পদের প্রার্থীদের মনোনয়নপত্র জমা দিতে হবে। এরপর প্রার্থিতা যাচাই–বাছাই করা হবে। ১৮ আগস্ট প্রার্থিতা প্রত্যাহারের শেষ দিন। একাধিক প্রার্থী থাকলে ২০ আগস্ট রাষ্ট্রপতি পদে ভোটগ্রহণ হবে। জামায়াতে ইসলামীর নেতৃত্বাধীন ১১-দলীয় ঐক্যের পক্ষ থেকে লিবারেল ডেমোক্রেটিক পার্টির (এলডিপি) চেয়ারম্যান কর্নেল (অব.) অলি আহমদকে রাষ্ট্রপতি পদে প্রার্থী করা হয়েছে। শেষ পর্যন্ত কেউ প্রার্থিতা প্রত্যাহার না করলে দীর্ঘ প্রায় ৩৫ বছর পর রাষ্ট্রপতি পদে ভোট হবে। এর আগে ১৯৯১ সালে রাষ্ট্রপতি পদে ভোট হয়েছিল। মাঝখানের সাতজন রাষ্ট্রপতি হয়েছেন ক্ষমতাসীন দল থেকে, বিনা প্রতিদ্বন্দ্বিতায়। বিরোধী দল থেকে তখন প্রার্থী দেওয়া হয়নি। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৩.০৮.২০২৬ রনি)

## চুয়েটে তিন শিক্ষার্থীর মৃত্যুর পর সব পুকুরে সাঁতার নিষিদ্ধ

দুই সপ্তাহে একই পুকুরে তিন শিক্ষার্থীর মৃত্যুর পর চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট)-এর ক্যাম্পাসের সব পুকুর ও ডোবাকে ঝুঁকিপূর্ণ ঘোষণা করে সেখানে সাঁতার কাটা নিষিদ্ধ করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। চুয়েট ক্যাম্পাসে বর্তমানে পুকুর রয়েছে দুটি। ডোবাও রয়েছে একাধিক। গতকাল বুধবার পুকুরে গোসল করতে নেমে পানিতে ডুবে মারা যান কম্পিউটারবিজ্ঞান ও কৌশল বিভাগের দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী চমক দত্ত এবং তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগের একই বর্ষের শিক্ষার্থী শান্ত দেব। এর আগে গত ২৮ জুলাই একই পুকুরে ডুবে মারা যান যন্ত্রকৌশল বিভাগের চতুর্থ বর্ষের শিক্ষার্থী অর্ণব সাহা। এই তিনজনের মৃত্যুর পর চুয়েটের পুকুর ও ডোবায় সাঁতার কাটা নিষিদ্ধ করা হলো। ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার প্রথম আলোর খবর অনুযায়ী, আজ বৃহস্পতিবার ছাত্রকল্যাণ অধিদপ্তরের পরিচালক অধ্যাপক সাইফুল ইসলামের স্বাক্ষর করা এক বিজ্ঞপ্তিতে এ নির্দেশনা দেওয়া হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়,

শিক্ষার্থীদের নিরাপত্তার স্বার্থে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের সব পুকুরকে ঝুঁকিপূর্ণ ঘোষণা করা হয়েছে। পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত কোনো পুকুরে নামা, সাঁতার কাটা বা পানিতে প্রবেশ করা সম্পূর্ণ নিষিদ্ধ। বিজ্ঞপ্তিতে আরো বলা হয়, নির্দেশনা অমান্য করে কেউ পুকুরে প্রবেশ করলে তা বিশ্ববিদ্যালয়ের শৃঙ্খলা পরিপন্থী আচরণ হিসেবে গণ্য হবে। সেক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে বিশ্ববিদ্যালয়ের প্রচলিত বিধি অনুযায়ী শৃঙ্খলামূলক ব্যবস্থা নেওয়া হবে বলেও বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৩.০৮.২০২৬ রনি)

# জাগো নিউজ

## ১৭ বছর 'বঞ্চিত' দাবিতে পুলিশে 'তদবির' নিয়ে বিরক্ত আইজিপি

বর্তমানে অনেক পুলিশ সদস্য গত ১৭ বছর ধরে 'বঞ্চিত' ছিলেন বলে দাবি করছেন। তারা তদবির নিয়ে দৌড়াদৌড়ি করছেন বিভিন্ন দপ্তরে। বিষয়টি নিয়ে বিরক্ত পুলিশ মহাপরিদর্শক (আইজিপি) মো. আলী হোসেন ফকির। আইজিপি এসব পুলিশ সদস্যের উদ্দেশ্যে বলেন, তদবির করে ভালো কোথাও পোস্টিং পাওয়া যায় না। মেধা ও যোগ্যতা দিয়ে পুলিশ সদস্যদের প্রমাণ করতে হবে। অনৈতিক লেনদেন থেকে বিরত থাকতেও নির্দেশনা দেন তিনি। বৃহস্পতিবার (১৩ আগস্ট) রাজারবাগে বাংলাদেশ পুলিশ অডিটোরিয়ামে 'আইনশৃঙ্খলা সংক্রান্ত বিশেষ মতবিনিময় সভায় উর্ধ্বতন পুলিশ কর্মকর্তাদের উদ্দেশ্যে আইজিপি এমন মন্তব্য করেন। পুলিশ সদ্যসদের উদ্দেশ্যে আইজিপি বলেন, আপনারা অন্যায়ের কাছে মাথা নত না করে দেশের স্বার্থে ও জনগণের শান্তি প্রতিষ্ঠায় কাজ করবেন। তবে ইচ্ছাকৃত ভুল বা ব্যক্তিগত স্বার্থ হাসিলের চেষ্টা করলে তার দায় পুলিশ বাহিনী নেবে না। সেক্ষেত্রে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। সভায় উপস্থিত ডিএমপির একাধিক কর্মকর্তার সঙ্গে কথা বলে জাগো নিউজ। তারা এসব তথ্য জানান। পুলিশে তদবিরের বিষয়ে আইজিপির বক্তব্য প্রসঙ্গে ডিএমপির উপ-পুলিশ কমিশনার পদমর্যাদার এক কর্মকর্তা জাগো নিউজকে বলেন, তদবির করে কোনো পদ বা দায়িত্ব পেলেও সেখানে সক্ষমতা প্রমাণ করতে না পারলে শেষ পর্যন্ত তদবিরকারীরাই বিব্রত হন। তাই তদবিরের পরিবর্তে নিজেদের যোগ্যতা ও দক্ষতার ভিত্তিতে উপযুক্ত স্থানে দায়িত্ব পাওয়ার জন্য কাজ করার ওপর গুরুত্ব দেওয়া হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৩.০৮.২০২৬ রুবাইয়া)

## দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে নিষ্ঠার সঙ্গে কাজ করতে হবে: আইজিপি

দেশপ্রেমে উজ্জীবিত হয়ে সাহসিকতার সঙ্গে আইনশৃঙ্খলা রক্ষায় দায়িত্ব পালন করতে হবে বলে জানিয়েছেন পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) আলী হোসেন ফকির। বৃহস্পতিবার (১৩ আগস্ট) দুপুরে রাজারবাগে বাংলাদেশ পুলিশ অডিটোরিয়ামে আইনশৃঙ্খলা সংক্রান্ত বিশেষ মতবিনিময় সভায় উর্ধ্বতন পুলিশ কর্মকর্তাদের উদ্দেশে এ কথা বলেন তিনি। আলী হোসেন ফকির বলেন, রাজধানীতে দেশি-বিদেশি কূটনীতিকসহ সর্বস্তরের মানুষ বসবাস করেন। তাই রাজধানীর আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা পুরো দেশের স্থিতিশীলতার স্বার্থেই অপরিহার্য। মাঠপর্যায়ের কাজ গতিশীল করতে সিনিয়র অফিসারদের সরাসরি মনিটরিং বাড়ানোর পাশাপাশি সঠিক তদারকি থাকলে নিচের স্তরের পুলিশ সদস্যরা স্বতঃস্ফূর্তভাবে কাজ করতে উৎসাহিত হয়। তিনি বলেন, আপনারা অন্যায়ের কাছে মাথা নত না করে দেশের স্বার্থে ও জনগণের শান্তি প্রতিষ্ঠায় কাজ করবেন। তবে ইচ্ছাকৃত ভুল বা ব্যক্তিগত স্বার্থ হাসিলের চেষ্টা করলে তার দায় পুলিশ বাহিনী নেবে না। সে ক্ষেত্রে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। রাজনৈতিক নিরপেক্ষতা ও পেশাদারিত্বের গুরুত্ব তুলে ধরে আইজিপি বলেন, দল-মত নির্বিশেষে পুলিশের পরিচয় একটাই- আমরা আইন ও জনগণের সেবক। মাদকের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি থাকবে। বর্তমানে ঐতিহ্যগত অপরাধের চেয়ে সাইবার ক্রাইম, গুজব এবং সোশ্যাল মিডিয়ায় অপপ্রচার ও 'মিস ইনফরমেশন' মোকাবিলা করা পুলিশের জন্য বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। তাই পুলিশকে অকার্যকর করার ষড়যন্ত্র ও বিভ্রান্তিকর তথ্যের বিরুদ্ধে সবাইকে সচেতন থাকতে হবে। আইনশৃঙ্খলা সংক্রান্ত বিশেষ মতবিনিময় সভায় আরও উপস্থিত ছিলেন- ঢাকা মেট্রোপলিটন পুলিশ কমিশনার মোসলেহ উদ্দিন আহমদ, অতিরিক্তি আইজিপি খন্দকার রফিকুল ইসলামসহ বাংলাদেশ পুলিশের বিভিন্ন স্তরের কর্মকর্তারা।
(জাগো নিউজ ওয়েব পেজ: ১৩.০৮.২০২৬ রুবাইয়া)

## গত ৬ মাসে কোনো দলীয়করণ ছাড়াই পুলিশে নিয়োগ হয়েছে'

ত্রয়োদশ জাতীয় সংসদের স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির প্রথম বৈঠক অনুষ্ঠিত হয়েছে। কমিটির সভাপতি জয়নুল আবেদীনের সভাপতিত্বে বৃহস্পতিবার (১৩ আগস্ট) জাতীয় সংসদ ভবনে এ বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে জানানো হয়, কোনো ধরনের রাজনৈতিক প্রভাব বা দলীয়করণ না করে নিরপেক্ষভাবে গত ছয় মাসে পুলিশ নিয়োগ কার্যক্রমে শতভাগ স্বচ্ছতা বজায় রাখা হয়েছে। বৈঠকের শুরুতে পরিচিতি পর্ব অনুষ্ঠিত হয়। এ বৈঠকে মাদক ও জুয়াকে দেশের অন্যতম প্রধান সমস্যা হিসেবে চিহ্নিত করে এগুলো নির্মূলে কার্যকর পদক্ষেপ গ্রহণের ওপর গুরুত্বারোপ করা হয়। জাতীয় সংসদের সব সংসদ সদস্য মাদকের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতিতে অটল রয়েছেন উল্লেখ করে মাদক নির্মূলে জনসচেতনতা বাড়ানোর পাশাপাশি সংশ্লিষ্ট সবাইকে আরও কার্যকর ও সমন্বিত ভূমিকা পালনের আহ্বান জানানো হয়। মাদক নির্মূলে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পক্ষ থেকে এরই মধ্যে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা, ট্রাইব্যুনাল ও এখতিয়ারসম্পন্ন আদালত গঠনসহ বেশকিছু কার্যকর পদক্ষেপ নেওয়া হয়েছে বলেও বৈঠকে জানানো হয়। এরপর দেশের সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি ও জননিরাপত্তা নিশ্চিত করতে নেওয়া কার্যক্রম পর্যালোচনা করা হয়। সভায়

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সার্বিক কার্যক্রম প্রেজেন্টেশনের মাধ্যমে কমিটির সামনে উপস্থাপন করা হয়। সভায় স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও এর আওতাধীন সংস্থাসমূহের ২০২৬-২৭ অর্থবছরের বাজেট খাতওয়ারি বিভাজন ও ব্যয় পরিকল্পনা নিয়ে আলোচনা হয়। এছাড়া ২০২৭ সালের ৩০ জুন পর্যন্ত সমাপ্য অর্থবছরের জন্য মন্ত্রণালয়ের অধীন সব সংস্থার খাতওয়ারি বাজেট ও ব্যয় বিভাজন সংক্রান্ত বিস্তারিত তথ্য কমিটির সামনে উপস্থাপন করা হয়। বৈঠকে জানানো হয়, ২০২৬-২৭ অর্থবছরে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মোট প্রস্তাবিত বাজেট ৩১ হাজার ৯৯ কোটি টাকা। এর মধ্যে পরিচালন বাজেট ২৮ হাজার ৬৩৮ কোটি ৭৯ লাখ এবং উন্নয়ন বাজেট ২ হাজার ৪৬০ কোটি ২১ লাখ টাকা। বৈঠকে দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি আরও উন্নতকরণ, জননিরাপত্তা নিশ্চিতকরণ, মাদক নির্মূল এবং অপরাধ দমনে সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সংস্থাগুলোকে আরও কার্যকর ভূমিকা পালনের আহ্বান জানানো হয়। একই সঙ্গে এসব কার্যক্রমে সংসদীয় স্থায়ী কমিটির পক্ষ থেকে প্রয়োজনীয় সহযোগিতা ও কার্যকর তদারকি অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ করা হয়। কমিটির সদস্য এবং স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ, জাতীয় সংসদের হুইপ রকিবুল ইসলাম, হুইপ মিয়া নুরুদ্দিন আহাম্মেদ অপু, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী মীর শাহে আলম, সংসদ সদস্য মো. কামরুজ্জামান, সংসদ সদস্য মো. মনোয়ার হোসেন, সংসদ সদস্য শিরীন সুলতানা, সংসদ সদস্য মো. নুরুল ইসলাম এবং সংসদ সদস্য মো. আব্দুল বাতেন বৈঠকে অংশগ্রহণ করেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৩.০৮.২০২৬ রুবাইয়া)

## রাষ্ট্রপতি নির্বাচন কোনো নিয়ম রক্ষার নির্বাচন নয়: চিফ হুইপ

আসন্ন রাষ্ট্রপতি নির্বাচনকে কোনো নিয়ম রক্ষার নির্বাচন হিসেবে দেখছেন না জাতীয় সংসদের চিফ হুইপ মো. নূরুল ইসলাম। তিনি বলেন, 'গণতন্ত্রের বিউটি বা সৌন্দর্য হলো প্রতিদ্বন্দ্বিতা। বিরোধীদলীয় জোট থেকে প্রার্থীর মনোনয়নপত্র জমা দেওয়া হয়েছে। আমরা একে স্বাগত জানাই। এটি কোনো নিয়ম রক্ষার নির্বাচন নয়। সংবিধান এবং আরপিও (গণপ্রতিনিধিত্ব আদেশ) অনুযায়ী একটি নির্বাচন যেভাবে হওয়ার কথা, ঠিক সেভাবেই অনুষ্ঠিত হচ্ছে। দীর্ঘ ১৭ বছরের আন্দোলনের পর একটি নিরপেক্ষ নির্বাচনের মাধ্যমে গঠিত এই সংসদ দেশের মানুষের প্রত্যাশা পূরণে কাজ করছে।' বৃহস্পতিবার (১৩ আগস্ট) নির্বাচন কমিশনে বিএনপি ও দলীয় জোটের পক্ষ থেকে রাষ্ট্রপতি নির্বাচনের মনোনয়নপত্র জমার পর সাংবাদিকদের সঙ্গে আলাপকালে চিফ হুইপ এসব কথা বলেন। এসময় বিএনপির জ্যেষ্ঠ নেতা, মন্ত্রী, জাতীয় সংসদের হুইপ ও সংসদ সদস্যরা উপস্থিত ছিলেন। নূরুল ইসলাম জানান, আগামী ২০ আগস্ট হতে যাওয়া রাষ্ট্রপতি নির্বাচনে বিএনপির পক্ষ থেকে দলের মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে মনোনয়ন দেওয়া হয়েছে। আজ তার মনোনয়নপত্র দাখিল করা হয়েছে। মনোনয়নপত্রে প্রস্তাবক ছিলেন দলের স্থায়ী কমিটির সদস্য ড. আবদুল মঈন খান এবং সমর্থক হিসেবে গয়েশ্বর চন্দ্র রায় স্বাক্ষর করেছেন। রাষ্ট্রপতি নির্বাচনে জাতীয় সংসদের ৩৪৯ জন সংসদ সদস্য তাদের ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন। সংবিধান সংস্কারের বিষয়ে চিফ হুইপ বলেন, সরকার জুলাই সনদের প্রতিটি অক্ষর, দাড়ি, কমা ও সেমিকোলন বাস্তবায়নে প্রতিশ্রুতিবদ্ধ। সংবিধান নতুন করে লেখার প্রয়োজন নেই। প্রয়োজনীয় সংশোধনের মাধ্যমেই সংবিধান সংস্কার করা হবে। তিনি বলেন, 'আমরা একটি কমাও যদি পরিবর্তন করি, সেটাই হবে সংস্কার। আগামী প্রজন্মের জন্য একটি দীর্ঘস্থায়ী সংবিধান নিশ্চিত করতে আমরা সবার মতামত নিয়েই কাজ করতে চাই।' (জাগো নিউজ ওয়েব পেজ: ১৩.০৮.২০২৬ রুবাইয়া)

## নেত্রকোনায় পিকআপ-ট্রাকের মুখোমুখি সংঘর্ষ, নারীসহ নিহত ৪

নেত্রকোনার পূর্বধলায় পিকআপভ্যান ও সারবোঝাই ট্রাকের মুখোমুখি সংঘর্ষে নারীসহ চারজন নিহত হয়েছেন। বৃহস্পতিবার (১৩ আগস্ট) বিকেল সাড়ে ৪টার দিকে নেত্রকোনা-ময়মনসিংহ মহাসড়কের পূর্বধলা উপজেলার নারান্দিয়া এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

পুলিশ জানা যায়, নেত্রকোনা থেকে ময়মনসিংহের দিকে যাচ্ছিল একটি পিকআপভ্যান। বিপরীত দিক থেকে আসছিল সারবোঝাই ট্রাকটি। পূর্বধলার নারান্দিয়া এলাকায় যানবাহন দুটির মুখোমুখি সংঘর্ষ হয়। এতে পিকআপভ্যানে থাকা এক নারীসহ চারজন ঘটনাস্থলেই মারা যান। দুর্ঘটনার পর মহাসড়কে যান চলাচল বন্ধ হয়ে যায়। পরে শ্যামগঞ্জ ফাঁড়ির পুলিশ, শ্যামগঞ্জ হাইওয়ে পুলিশ ও ফায়ার সার্ভিসের সদস্যরা উদ্ধারকাজ শুরু করেন। নেত্রকোনার অতিরিক্ত পুলিশ সুপার হাফিজুল ইসলাম বলেন, হতাহতদের পরিচয় যাচাইয়ে কাজ চলছে।

(জাগো নিউজ ওয়েব পেজ: ১৩.০৮.২০২৬ রুবাইয়া)

## সুনামগঞ্জে ছাত্রলীগের সাবেক আহ্বায়ক অপু গ্রেফতার

সুনামগঞ্জের শাল্লায় ডেভিল হান্ট অপারেশনে শাল্লা উপজেলা ছাত্রলীগের সাবেক আহ্বায়ক ও উপজেলা পরিষদের সাবেক ভাইস চেয়ারম্যান অরিন্দম চৌধুরী অপুকে গ্রেফতার করেছে পুলিশ। বৃহস্পতিবার (১৩ আগস্ট) দুপুরে এমন তথ্য নিশ্চিত করেছেন শাল্লা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার (ওসি) দায়িত্বপ্রাপ্ত এসআই শওকত আলী। গ্রেফতারকৃত অরিন্দম চৌধুরী অপু উপজেলার বাহাড়া ইউনিয়নের নাইন্দা গ্রামের মৃত অনিল চৌধুরীর ছেলে। পুলিশ জানায়, সাবেক ছাত্রলীগ নেতা অরিন্দম চৌধুরী অপু আগামী ১৫ই আগস্টকে কেন্দ্র করে এলাকায় রাজনৈতিক তৎপরতা চালিয়ে যাচ্ছিলেন। গোপন সূত্রে এমন খবর পেয়ে পুলিশ বুধবার রাতে অভিযান চালিয়ে নিজ বাসা থেকে তাকে গ্রেফতার করে। তার বিরুদ্ধে বিশেষ ক্ষমতা আইনে মামলা করা হয়েছে। গ্রেফতারের পর বৃহস্পতিবার দুপুরে তাকে সুনামগঞ্জ জেলা আদালতে পাঠানো হয়েছে। শাল্লা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার (ওসি) দায়িত্বপ্রাপ্ত এসআই শওকত আলী জানান,

আগামী ১৫ই আগস্ট উপলক্ষ্যে এলাকায় অস্থিতিশীল পরিবেশ সৃষ্টি করতে বিভিন্ন ধরনের কার্যক্রম চালায় অরিন্দম চৌধুরী অপু। গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়। তার বিরুদ্ধে থানায় বিশেষ ক্ষমতা আইনে মামলা করা হয়েছে এবং তাকে সুনামগঞ্জ আদালতে পাঠানো হয়েছে।

(জাগো নিউজ ওয়েব পেজ: ১৩.০৮.২০২৬ রুবাইয়া)

## দেশে দণ্ডিত, বিদেশে সুরক্ষিত: শেখ হাসিনা ও আসাদের মধ্যে যত মিল

একসময় রাষ্ট্রের সর্বময় ক্ষমতা ছিল তাদের হাতে। সরকার, প্রশাসন ও নিরাপত্তা কাঠামোর ওপর ছিল শক্ত নিয়ন্ত্রণ। কিন্তু সময় বদলেছে। দুজনেই এখন নিজ নিজ দেশের বাইরে। দেশে তাদের বিরুদ্ধে গুরুতর অভিযোগ ও বিচারপ্রক্রিয়া চলছে। আর তারা অবস্থান করছেন এমন দুটি দেশে, যারা তাদের প্রত্যর্পণের প্রশ্নে এখনো সাড়া দেয়নি। একজন বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা। অন্যজন সিরিয়ার সাবেক প্রেসিডেন্ট বাশার আল-আসাদ। দুজনের রাজনৈতিক প্রেক্ষাপট এক নয়। দেশ দুটির ইতিহাস, সংঘাত ও আন্তর্জাতিক সম্পর্কও আলাদা। তবু ক্ষমতাচ্যুত হওয়ার পর তাদের অবস্থানের মধ্যে কিছু উল্লেখযোগ্য মিল দেখা যায়। সবচেয়ে বড় মিলটি হলো, দুজনেই ক্ষমতা হারানোর পর বিদেশে আশ্রয় পেয়েছেন।

শেখ হাসিনা ২০২৪ সালের ৫ আগস্ট বাংলাদেশে ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে ক্ষমতাচ্যুত হয়ে দেশ ছাড়েন এবং ভারতে অবস্থান নেন। অন্যদিকে, ২০২৪ সালের ডিসেম্বরে বিদ্রোহীদের অগ্রযাত্রায় বাশার আল-আসাদের দীর্ঘ শাসনের অবসান হয়। এরপর তিনি রাশিয়ায় আশ্রয় পান।

### ক্ষমতার দীর্ঘ অধ্যায়ের পর আকস্মিক পতন

দুজনের ক্ষেত্রেই ক্ষমতার পতন ছিল নাটকীয়। শেখ হাসিনা দীর্ঘ সময় বাংলাদেশের রাজনীতির অন্যতম প্রধান চরিত্র ছিলেন। তার নেতৃত্বে আওয়ামী লীগ টানা ১৫ বছর সরকার পরিচালনা করে। ২০২৪ সালের জুলাই-আগস্টের ছাত্র আন্দোলন দ্রুত বড় রাজনৈতিক সংকটে রূপ নেয়। ৫ আগস্ট শেখ হাসিনা দেশ ছেড়ে পালালে তার সরকারের পতন ঘটে। আসাদের ক্ষেত্রে ঘটনাটি ছিল আরও দীর্ঘ সংঘাতের পরিণতি। ২০০০ সালে ক্ষমতায় আসা বাশার আল-আসাদের শাসন ২০১১ সালের গণআন্দোলনের পর গৃহযুদ্ধে জড়িয়ে পড়ে। রাশিয়া ও ইরানের সহায়তায় তার সরকার দীর্ঘ সময় টিকে ছিল। কিন্তু ২০২৪ সালের শেষ দিকে বিদ্রোহীদের দ্রুত অগ্রযাত্রায় দামেস্কের নিয়ন্ত্রণ হারান আসাদ। তার পতনের মধ্য দিয়ে সিরিয়ায় আসাদ পরিবারের পাঁচ দশকের বেশি সময়ের শাসনের অবসান ঘটে।

### দেশে বিচার ও প্রত্যর্পণের দাবি

ক্ষমতা হারানোর পর দুজনের বিরুদ্ধেই নিজ নিজ দেশে আইনি ব্যবস্থা নেওয়ার উদ্যোগ দেখা যায়। শেখ হাসিনার বিরুদ্ধে বাংলাদেশে একাধিক মামলা হয়েছে। মানবতাবিরোধী অপরাধের মামলায় আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল তাকে মৃত্যুদণ্ড দিয়েছেন। এরপর বাংলাদেশ সরকার তাকে ভারত থেকে ফেরত চেয়ে আনুষ্ঠানিক প্রত্যর্পণ অনুরোধ পাঠিয়েছে। ভারত এখনো হাসিনাকে বাংলাদেশে ফেরত পাঠানোর সিদ্ধান্ত নেয়নি। নয়াদিল্লি বলেছে, ঢাকার অনুরোধ আইন ও বিচারিক প্রক্রিয়ার আলোকে পরীক্ষা করা হচ্ছে। ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র রণধীর জয়সওয়াল জুলাইয়ে জানান, প্রত্যর্পণের অনুরোধটি পরীক্ষা-নিরীক্ষার মধ্যে রয়েছে। আসাদের ক্ষেত্রেও একই ধরনের চাপ তৈরি হয়েছে। সিরিয়ার নতুন কর্তৃপক্ষ তার প্রত্যর্পণ চেয়েছে। তবে রাশিয়া তাকে সিরিয়ার হাতে তুলে দেওয়ার কোনো সিদ্ধান্ত নেয়নি। গত ১১ আগস্ট সিরিয়ার একটি আদালত আসাদের অনুপস্থিতিতে তাকে মৃত্যুদণ্ড দেন। হত্যা, নির্যাতন, নির্বিচারে আটক ও মানবতাবিরোধী অপরাধের অভিযোগে এই রায় দেওয়া হয়। তবে তিনি রাশিয়ায় থাকায় ওই রায় বাস্তবায়নের সুযোগ নেই।

### বিদেশি মিত্রের আশ্রয়

এখানে দুজনের গল্পের আরও একটি গুরুত্বপূর্ণ মিল। শেখ হাসিনা আশ্রয় নিয়েছেন ভারতে। ভারত ও তার নেতৃত্বাধীন আওয়ামী লীগ সরকারের মধ্যে দীর্ঘদিনের ঘনিষ্ঠ রাজনৈতিক ও কৌশলগত সম্পর্ক ছিল। তাই ক্ষমতাচ্যুতির পরও ভারত তাকে বাংলাদেশে ফেরত পাঠায়নি। আসাদের ক্ষেত্রে রাশিয়ার ভূমিকা ছিল আরও প্রত্যক্ষ। সিরিয়ার গৃহযুদ্ধের সময় মস্কো ছিল তার সরকারের সবচেয়ে গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক সমর্থকদের একটি। ২০১৫ সাল থেকে রুশ সামরিক সহায়তা আসাদ সরকারকে টিকে থাকতে বড় ভূমিকা রাখে। ক্ষমতার পতনের পর সেই রাশিয়াই তাকে আশ্রয় দেয়। অর্থাৎ দুই ক্ষেত্রেই সাবেক শাসক এমন একটি দেশে অবস্থান করছেন, যার সঙ্গে তাদের সরকারের গুরুত্বপূর্ণ রাজনৈতিক বা কৌশলগত সম্পর্ক ছিল।

### তবে পার্থক্যও কম নয়

মিলের পাশাপাশি বড় পার্থক্যও রয়েছে। শেখ হাসিনা ভারতে অবস্থান করছেন এমন সময়ে, যখন বাংলাদেশ ও ভারতের মধ্যে কূটনৈতিক সম্পর্ক চালু রয়েছে এবং প্রত্যর্পণ নিয়ে আইনি প্রক্রিয়া চলছে। বিপরীতে, সিরিয়ায় আসাদের পুরোনো রাষ্ট্রকাঠামো ভেঙে দেওয়া হয়েছে এবং নতুন প্রশাসন তার বিরুদ্ধে জবাবদিহির উদ্যোগ নিয়েছে। রাশিয়া ও সিরিয়ার নতুন নেতৃত্বের সম্পর্কও এখন আগের মতো নয়। তবু মস্কোর সঙ্গে দামেস্কের সামরিক ও কৌশলগত সম্পর্ক নিয়ে আলোচনা চলছে। আরেকটি গুরুত্বপূর্ণ পার্থক্য হলো, আসাদের শাসন ছিল দীর্ঘ গৃহযুদ্ধের সঙ্গে যুক্ত। সিরিয়ায়

সংঘাতের সময় ব্যাপক প্রাণহানি ও ধ্বংসযজ্ঞ হয়েছে। শেখ হাসিনার ক্ষেত্রে বাংলাদেশের রাজনৈতিক সংঘাত ও ২০২৪ সালের আন্দোলনকে ঘিরে মানবতাবিরোধী অপরাধের অভিযোগই এখন বিচারপ্রক্রিয়ার কেন্দ্রে।

**'নিরাপদ আশ্রয়' কতটা স্থায়ী?**

শেখ হাসিনা ও আসাদের বর্তমান অবস্থাকে তাই সরলভাবে 'নিরাপদ আশ্রয়' বলা গেলেও এর রাজনৈতিক ভবিষ্যৎ নিশ্চিত নয়। শেখ হাসিনার ক্ষেত্রে ভারত বলছে, তার প্রত্যর্পণের বিষয়টি আইন ও বিচারিক প্রক্রিয়া অনুযায়ী বিবেচিত হবে। অর্থাৎ দিল্লি এখনো চূড়ান্ত সিদ্ধান্ত প্রকাশ করেনি। আসাদের ক্ষেত্রে রাশিয়ার আশ্রয় আরও স্পষ্ট। তবে সিরিয়ার নতুন কর্তৃপক্ষ তার বিরুদ্ধে বিচার চালিয়ে যাচ্ছে। গত ১১ আগস্টের মৃত্যুদণ্ড সেই চাপকে আরও দৃশ্যমান করেছে। দুই সাবেক শাসকের গল্প তাই মোটামুটি একই জায়গায় এসে মেলে— ক্ষমতার শীর্ষ থেকে পতন, দেশ ছাড়তে বাধ্য হওয়া, নিজ দেশে বিচার বা প্রত্যর্পণের দাবি, আর বিদেশে এমন এক রাষ্ট্রের আশ্রয়, যার সঙ্গে তাদের শাসনামলে গুরুত্বপূর্ণ সম্পর্ক গড়ে উঠেছিল। তবে শেষ পর্যন্ত শেখ হাসিনা ও বাশার-আল-আসাদের ভবিষ্যৎ নির্ধারণ করবে শুধু রাজনীতি নয়। এর সঙ্গে জড়িয়ে আছে আন্তর্জাতিক আইন, দ্বিপক্ষীয় সম্পর্ক, কূটনৈতিক স্বার্থ এবং সংশ্লিষ্ট দেশগুলোর রাজনৈতিক সিদ্ধান্ত। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৩.০৮.২০২৬ রুবাইয়া)

## ফখরুল রাষ্ট্রপতি হলে ঠাকুরগাঁও-১ আসনে বিএনপির হাল ধরবেন কে?

পরবর্তী রাষ্ট্রপতি হিসেবে বিএনপির মহাসচিব ও স্থানীয় সরকারমন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীরের নাম এখন আলোচনার শীর্ষে। সর্বশেষ রাজনৈতিক সূত্রের তথ্য অনুযায়ী, দেশের ২৩তম রাষ্ট্রপতি হিসেবে তার নাম চূড়ান্ত হওয়ার পথে। মির্জা ফখরুল রাষ্ট্রপতি হলে স্বাভাবিকভাবেই শূন্য হবে তার দীর্ঘদিনের রাজনৈতিক ঘাঁটি ঠাকুরগাঁও-১ (সদর) সংসদীয় আসন। এ নিয়ে এরই মধ্যে ঠাকুরগাঁওয়ের রাজনীতিতে শুরু হয়েছে নতুন হিসাব-নিকাশ। মির্জা ফখরুলের সংসদ সদস্য পদ শূন্য হলে আসনটিতে উপ-নির্বাচন হবে। ওই নির্বাচনে বিএনপির প্রার্থী কে হচ্ছেন- এ প্রশ্নই এখন স্থানীয় নেতাকর্মী থেকে শুরু করে সাধারণ ভোটারদের আলোচনার কেন্দ্রে। ফলে ফখরুলের সম্ভাব্য রাষ্ট্রপতি হওয়াকে ঘিরে শুধু জাতীয় রাজনীতিতেই নয়, ঠাকুরগাঁও-১ আসনেও তৈরি হয়েছে নতুন রাজনৈতিক সমীকরণ।

**আলোচনার কেন্দ্রে শামারুহ মির্জা**

সম্ভাব্যপ্রার্থী হিসেবে সবার আগে আলোচনায় রয়েছে মির্জা ফখরুল ইসলাম আলমগীরের বড় মেয়ে ড. শামারুহ মির্জার নাম। বাবার রাজনৈতিক উত্তরাধিকার ধরে রেখে ঠাকুরগাঁও-১ আসনে নির্বাচন করতে পারেন- এমন আলোচনা রয়েছে স্থানীয় বিএনপিতে। সর্বশেষ জাতীয় নির্বাচনেও তিনি বাবার পক্ষে ভোটের মাঠে সক্রিয় ছিলেন। ফলে নির্বাচনি এলাকার নেতাকর্মী ও সাধারণ মানুষের সঙ্গে তার যোগাযোগও রয়েছে। পেশাগত জীবনে ড. শামারুহ মির্জা একজন চিকিৎসাবিজ্ঞানী ও গবেষক। দীর্ঘদিন অস্ট্রেলিয়ায় বসবাস করলেও সামাজিক কর্মকাণ্ডের মাধ্যমে নিজের একটা আলাদা পরিচিতি তৈরি করেছেন। বাবার রাজনৈতিক কর্মকাণ্ডের সঙ্গে দীর্ঘদিনের সম্পৃক্ততা এবং নির্বাচনি এলাকায় উপস্থিতি— দুই দিক থেকেই তাকে সম্ভাব্য প্রার্থী হিসেবে বিবেচনা করা হচ্ছে। তবে শেষ পর্যন্ত তিনি সরাসরি নির্বাচনে অংশ নেবেন কি না, সে বিষয়ে এখনো আনুষ্ঠানিক কোনো সিদ্ধান্ত আসেনি।

**আলোচনায় মির্জা ফয়সল আমিনও**

সম্ভাব্য প্রার্থীদের আলোচনায় রয়েছেন ঠাকুরগাঁও জেলা বিএনপির সভাপতি মির্জা ফয়সল আমিন। স্থানীয় বিএনপির রাজনীতিতে দীর্ঘদিনের পরীক্ষিত এই নেতা এরই মধ্যে জেলা পর্যায়ে সাংগঠনিক নেতৃত্ব দিয়েছেন। এর আগে তিনি ঠাকুরগাঁও জেলা বিএনপির সাধারণ সম্পাদক এবং ঠাকুরগাঁও পৌরসভার মেয়রের দায়িত্ব পালন করেছেন। ফলে স্থানীয় রাজনীতিতে তার দীর্ঘ সাংগঠনিক অভিজ্ঞতা রয়েছে। মির্জা ফখরুল রাষ্ট্রপতি হলে তার আসনে দলীয় প্রার্থী বাছাইয়ের ক্ষেত্রে স্থানীয় সাংগঠনিক ভিত্তি, জনপ্রিয়তা, দীর্ঘদিনের রাজনৈতিক ভূমিকা এবং ভোটারদের কাছে গ্রহণযোগ্যতা— এসব বিষয় বিবেচনায় আসতে পারে। সেই হিসেবেই মির্জা ফয়সল আমিনের নামও জোরালোভাবে আলোচিত হচ্ছে।

**ফখরুলের উত্তরাধিকার ঘিরে নতুন সমীকরণ**

ঠাকুরগাঁও-১ আসনটি মির্জা ফখরুল ইসলাম আলমগীরের দীর্ঘদিনের রাজনৈতিক ঘাঁটি। জাতীয় রাজনীতিতে বিএনপির মহাসচিব হিসেবে গুরুত্বপূর্ণ ভূমিকা পালনের পাশাপাশি নিজ নির্বাচনি এলাকার সঙ্গেও তার রয়েছে গভীর সম্পর্ক। ১৯৪৮ সালে ঠাকুরগাঁওয়ে জন্ম নেওয়া মির্জা ফখরুলের রাজনৈতিক ও পারিবারিক পরিচিতিও দীর্ঘদিনের। তার বাবা রুহুল আমিন, যিনি 'চখা মিয়া' নামে পরিচিত ছিলেন, কৃষি প্রতিমন্ত্রীর দায়িত্ব পালন করেছেন। তার বড় চাচা মির্জা গোলাম হাফিজও ছিলেন দেশের রাজনীতির গুরুত্বপূর্ণ ব্যক্তি। তিনি ১৯৭৮ থেকে ১৯৭৯ সাল পর্যন্ত ভূমিমন্ত্রী এবং ১৯৭৯ থেকে ১৯৮২ সাল পর্যন্ত দ্বিতীয় জাতীয় সংসদের স্পিকার হিসেবে দায়িত্ব পালন করেন। পরবর্তীতে ১৯৯১ থেকে ১৯৯৬ সাল পর্যন্ত তিনি আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রীর দায়িত্বও পালন করেন। এই পারিবারিক রাজনৈতিক ঐতিহ্যই মির্জা ফখরুলের রাজনৈতিক পরিচয়ের অন্যতম গুরুত্বপূর্ণ ভিত্তি। ফলে তিনি রাষ্ট্রপতি হলে তার আসনে কে আসছেন, সেটি শুধু একটি উপনির্বাচনের প্রশ্ন নয়, ঠাকুরগাঁওয়ের বিএনপির রাজনীতিতে নেতৃত্বের পরবর্তী অধ্যায়ও নির্ধারণ করতে পারে।

**উপ-নির্বাচন ঘিরে বাড়ছে কৌতূহল**

মির্জা ফখরুল রাষ্ট্রপতি হিসেবে দায়িত্ব নিলে তার সংসদ সদস্য পদ শূন্য হওয়ার পর নির্বাচন কমিশনকে উপ-নির্বাচনের আয়োজন করতে হবে। সেই নির্বাচনে বিএনপি কাকে মনোনয়ন দেয়, তা নিয়েই এখন স্থানীয় পর্যায়ে আগ্রহ বাড়ছে। একদিকে মির্জা ফখরুলের পরিবারের রাজনৈতিক উত্তরাধিকার ধরে রাখার প্রশ্ন, অন্যদিকে দীর্ঘদিনের মাঠের রাজনীতিককে সামনে আনার সম্ভাবনা- দুই সমীকরণই সামনে রয়েছে। এখন পর্যন্ত আলোচনায় সবচেয়ে বেশি উচ্চারিত দুটি নাম- ড. শামারুহ মির্জা ও মির্জা ফয়সল আমীন। তবে দলীয় সিদ্ধান্তের আগে আরও কোনো নাম আলোচনায় যুক্ত হতে পারে বলেও মনে করছেন সংশ্লিষ্টরা।

**রাতের বৈঠকে মিলতে পারে দিকনির্দেশনা**

মির্জা ফখরুলকে রাষ্ট্রপতি করার বিষয়ে বিএনপির সিদ্ধান্তের পাশাপাশি ঠাকুরগাঁও-১ আসনের ভবিষ্যৎ প্রার্থী নিয়েও দলের ভেতরে আলোচনা চলছে। আজ রাতে বিএনপির স্থায়ী কমিটির বৈঠকে এ বিষয়ে গুরুত্বপূর্ণ আলোচনা হতে পারে বলে জানা গেছে। তবে বৈঠক শেষে আনুষ্ঠানিক সিদ্ধান্ত না আসা পর্যন্ত সম্ভাব্য প্রার্থীদের নামকে চূড়ান্ত হিসেবে দেখার সুযোগ নেই। সব মিলিয়ে মির্জা ফখরুল ইসলাম আলমগীর রাষ্ট্রপতি হলে ঠাকুরগাঁও-১ আসনে শুধু একজন নতুন সংসদ সদস্য নির্বাচিত হওয়ার প্রশ্নই সামনে আসবে না- বরং ফখরুল-পরবর্তী ঠাকুরগাঁও বিএনপির নেতৃত্ব কোন পথে এগোবে, সেই প্রশ্নেরও উত্তর খুঁজবে এ উপ-নির্বাচন। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৩.০৮.২০২৬ রুবাইয়া)

## সিটি ব্যাংকে অ্যাকাউন্ট না খুলেও 'অপরাধী', লেনদেন লাখ লাখ টাকা

সরকারি বাঙলা কলেজের অনার্স শেষ বর্ষের শিক্ষার্থী ইমরান হাফিজ। গত ৬ জুন দুপুরে একটি অপরিচিত নম্বর থেকে ফোন পান। অন্য পাশের ব্যক্তি নিজেকে চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশের উপ-পরিদর্শক (এসআই) পরিচয় দেন। নাম সুমিত দাশ। ইমরানকে তিনি জানান, চট্টগ্রাম বিভাগীয় সাইবার ট্রাইব্যুনালে তার নামে একটি সাইবার পিটিশন মামলা হয়েছে। সিটি ব্যাংকে তার নামে একটি অ্যাকাউন্ট আছে, যাতে বড় অঙ্কের আর্থিক লেনদেন হয়েছে। অ্যাকাউন্ট খুলতে ব্যবহার করা হয়েছে ইমরানের নামে থাকা ট্রেড লাইসেন্স। মুহাম্মদ মনজুর মোর্শেদ নামে এক ভুক্তভোগী মামলাটি করেন। আচমকা এমন তথ্যের জন্য মোটেও প্রস্তুত ছিলেন না ইমরান। তিনি স্পষ্ট জানিয়ে দেন তার নামে সিটি ব্যাংকে কোনো অ্যাকাউন্ট নেই, তিনি কখনো সিটি ব্যাংকে যাননি। আর ট্রেড লাইসেন্স থাকার তো প্রশ্নই ওঠে না। কথোপকথনের এক পর্যায়ে ওই পুলিশ কর্মকর্তা পরিচয় দেওয়া ব্যক্তি চট্টগ্রামে গিয়ে তার সঙ্গে দেখা করতে বলেন। এতে দৃঢ় হয় তার সন্দেহ। ইমরানের কাছে এটি কোনো প্রচারণামূলক বা প্রতারণামূলক ফোনকল বলেই মনে হয়। ফলে বিষয়টি গুরুত্ব না দিয়ে কাউকে জানাননি। এর প্রায় এক মাস পরের ঘটনা। ১২ জুলাই আবারও একটি অপরিচিত নম্বর থেকে ফোন আসে ইমরানের কাছে। অন্য পাশ থেকে পরিচয় দেন এএসআই বুলবুল, উত্তরা পূর্ব থানা। বুলবুল ফোনে ইমরানকে জানান, তার নামে যে ব্যাংক অ্যাকাউন্টটি খোলা হয়েছে, সেখানে বর্তমান ঠিকানা হিসেবে উত্তরা রানাভোলা এলাকার একটি ঠিকানা ব্যবহার করা হয়েছে। এ বিষয়ে জানতে চাইলে ইমরান স্পষ্টভাবে জানান, তিনি কখনো ওই ঠিকানায় বসবাস করেননি। ওখানে যাননি কখনো। ১২ জুলাই এএসআই বুলবুলের ফোন পাওয়ার পর বিষয়টি ইমরান গুরুত্বের সঙ্গে নেন। জানান পরিবারকে। ১৫ জুলাই তদন্তের স্বার্থে সংশ্লিষ্ট থানার এএসআই ফজলুল করিম ইমরানের সাতক্ষীরার স্থায়ী ঠিকানায় উপস্থিত হন। এতে আরও দিশাহারা হয়ে পড়েন ইমরান। বাবা অসুস্থ, কর্মক্ষম নন। টিউশনি করে নিজের খরচ চালান। এর মধ্যে এই উটকো ঝামেলা তার স্বাভাবিক জীবন কেড়ে নিয়েছে। চিন্তিত তার পরিবারও। একপর্যায়ে বিষয়টি জাগো নিউজকে জানান ভুক্তভোগী ইমরান। সব শুনে ঘটনার সত্যতা যাচাইয়ে অনুসন্ধানে নামেন প্রতিবেদক। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৩.০৮.২০২৬ রুবাইয়া)

## হবিগঞ্জে ১৭১ শিল্পকারখানায় গ্যাস সরবরাহ পুরোপুরি বন্ধ

হবিগঞ্জে গ্যাস সংকট প্রকট আকার ধারণ করেছে। গত ২০ দিন ধরে সরবরাহ ছিল সামান্য। কিন্তু বুধবার (১২ আগস্ট) থেকে পুরোপুরি গ্যাস সরবরাহ বন্ধ করে দেওয়া হয়েছে। এতে জেলার ১৭১টি শিল্পকারখানায় উৎপাদন পুরোপুরি বন্ধ হয়ে গেছে। কারখানায় বন্ধ থাকায় অলস সময় পার করছেন দেড় লক্ষাধিক শ্রমিক। কারখানা বন্ধ থাকায় প্রতিদিন কারখানাগুলোর ক্ষতি হচ্ছে হাজার কোটি টাকারও বেশি, যার বেশিরভাগই রপ্তানি আয়। একের পর এক বাতিল হচ্ছে বৈদেশিক অর্ডার। গ্যাস কর্তৃপক্ষ বলছে, বিদ্যুৎ উৎপাদনভ ঠিক রাখতে বিদ্যুৎকেন্দ্রে গ্যাস সরবরাহ বাড়ানো হয়েছে। ফলে শিল্পকারখানায় গ্যাস সরবরাহ বন্ধ রাখতে হয়েছে। গ্যাস সংকটের কথা জানিয়ে যমুনা ইন্ডাস্ট্রিয়াল পার্কের মহাব্যবস্থাপক (প্রকৌশল) আবুল হোসেন জাগো নিউজকে বলেন, 'আমাদের এখানে মোট ছয়টি কারখানা রয়েছে। এর মধ্যে টায়ার, স্পিনিং, ফেব্রিক্স, পেপার, পলি সিল্ক ও পাওয়ার প্ল্যান্ট রয়েছে। এগুলোর মধ্যে টায়ার এবং পাওয়ার প্ল্যান্ট বাদে সবগুলোই শতভাগ রপ্তানিমুখী।' দৈনিক ক্ষতির পরিসংখ্যানের চিত্র তুলে ধরে তিনি বলেন, 'শ্রমিক-কর্মকর্তা-কর্মচারী মিলিয়ে কর্মরত আছেন ১২ হাজার। সবাই এখন বেকার। সবগুলো কারখানা বন্ধ। এতে কোম্পানির দৈনিক প্রায় শতকোটি টাকার ক্ষতি হচ্ছে।' মহাব্যবস্থাপক আবুল হোসেন বলেন, 'এখানকার কারখানাগুলোতে দৈনিক অনুমোদিত গ্যাসের চাহিদা ১৩.৬ স্ট্যান্ডার্ড মিলিয়ন ঘনফুট। কিন্তু জালালাবাদ গ্যাস কর্তৃপক্ষ বেশ কিছুদিন ধরে দিয়ে আসছে ৩ স্ট্যান্ডার্ড মিলিয়ন ঘনফুট। যা দিয়ে উৎপাদন প্রায় অসম্ভব। এখন মেইটেন্যান্সের কাজ চলছে। কিন্তু বুধবার রাত ১২টা থেকে একেবারে গ্যাস সরবরাহ বন্ধ করে দেওয়া হয়েছে। এখন কোম্পানির সবগুলো ইউনিট অনেকটা অন্ধকারাচ্ছন্ন হয়ে পড়েছে।' বাদশা পাইওনিয়ারের মহাব্যবস্থাপক (অ্যাডমিন) মো. খায়রুল

আলম বলেন, 'আমাদের দৈনিক ৩০ মেগাওয়াট গ্যাসের চাহিদা। কিন্তু বেশ কিছুদিন ধরে গ্যাস সরবরাহ কম ছিল। এক তৃতীয়াংশ বা এক চতুর্থাংশ পাওয়া যেত। বুধবার দুপুর থেকে গ্যাস সরবরাহ একেবারেই বন্ধ করে দেওয়া হয়েছে। ফলে কোম্পানির ১৬ হাজার শ্রমিক-কর্মকর্তা-কর্মচারী অলস সময় কাটাচ্ছেন। এতে কোম্পানির দৈনিক ক্ষতি হচ্ছে পাঁচ কোটি টাকা।' (জাগো নিউজ ওয়েব পেজ: ১৩.০৮.২০২৬ রুবাইয়া)

## পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) ২৬ আগস্ট

বাংলাদেশের আকাশে আজ রবিউল আউয়াল মাসের চাঁদ দেখা যায়নি। এজন্য আগামী শনিবার (১৫ আগস্ট) থেকে রবিউল আউয়াল মাস গণনা শুরু হবে। আগামী ২৬ আগস্ট (১২ রবিউল আউয়াল) বুধবার পালিত হবে পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.)। রাজধানীর বায়তুল মোকাররমে ইসলামিক ফাউন্ডেশনের সভাকক্ষে বৃহস্পতিবার (১৩ আগস্ট) সন্ধ্যায় জাতীয় চাঁদ দেখা কমিটির সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। এতে সভাপতিত্ব করেন ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মুন্সী আলাউদ্দিন আল আজাদ। ইসলামিক ফাউন্ডেশন এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানিয়েছে, বাংলাদেশের আকাশে আজ ১৪৪৮ হিজরি সনের পবিত্র রবিউল আউয়াল মাসের চাঁদ দেখা যায়নি। ফলে শুক্রবার (১৪ আগস্ট) পবিত্র সফর মাসের ৩০ দিন পূর্ণ হবে। শনিবার (১৫ আগস্ট) থেকে ১৪৪৮ হিজরি সালের পবিত্র রবিউল আউয়াল মাস গণনা করা শুরু হবে। এই পরিপ্রেক্ষিতে আগামী ২৬ আগস্ট (বুধবার) পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) উদযাপিত হবে। ১৪৪৮ হিজরি সনের পবিত্র রবিউল আউয়াল মাসের চাঁদ দেখা সম্পর্কে সব জেলা প্রশাসন, ইসলামিক ফাউন্ডেশনের প্রধান কার্যালয়, বিভাগীয় ও জেলা কার্যালয়সমূহ, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর এবং মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো) থেকে প্রাপ্ত তথ্য পর্যালোচনা করে চাঁদ দেখা কমিটি এ সিদ্ধান্ত নেয় বলেও জানিয়েছে ইসলামিক ফাউন্ডেশন। মুসলমানরা ১২ রবিউল আউয়াল মহানবী হযরত মুহাম্মদ (সা.) এর জন্ম ও মৃত্যু (ওফাত) দিবস হিসেবে পালন করে। কারণ এ দিনেই মহানবী (সা.) ইন্তেকালও করেন।

মহানবী হযরত মুহম্মদ (সা.) ৫৭০ খ্রিষ্টাব্দের হিজরি রবিউল আউয়াল মাসের ১২ তারিখে মক্কার কুরাইশ বংশে জন্মগ্রহণ করেন। আরবের মরু প্রান্তরে শান্তির ধর্ম ইসলামের প্রচার শুরু করেন তিনি। তার আবির্ভাব এবং ইসলাম ধর্মের প্রচার সারা বিশ্বে আলোড়ন সৃষ্টি করেছিল। দীর্ঘ ২৩ বছর ইসলাম ধর্ম প্রচার করে ৬৩ বছর বয়সে ১২ রবিউল আউয়ালই মহানবী (সা.) মৃত্যুবরণ করেন। দিনটি ঈদে মিলাদুন্নবী (সা.) হিসেবে সারা পৃথিবীর মুসলমানরা পালন করে থাকেন। ঈদে মিলাদুন্নবীর (সা.) দিনে মসজিদ ও বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠানে মিলাদ মাহফিল ও আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। সভায় ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক (গ্রেড-১) মুফতি মুহাম্মদ মুহিববুল্লাহিল বাকী নদভী, প্রধান তথ্য কর্মকর্তা সৈয়দ আবদাল আহমদ, ইসলামিক ফাউন্ডেশন দ্বীনি দাওয়াত ও সংস্কৃতি বিভাগের পরিচালক মোহাম্মদ হারুনূর রশীদ, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের পরিচালক মো. মমিনুল ইসলাম, বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠানের (স্পারসো) মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা মুহাম্মদ শহিদুল ইসলাম, জমিয়তে উলামায়ে ইসলাম বাংলাদেশের মহাসচিব মাওলানা গোলাম মহিউদ্দিন ইকরাম, ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজ কেন্দ্রীয় মসজিদের ইমাম ও খতিব মুফতি মাওলানা মো. মহিউদ্দিন, চকবাজার শাহী জামে মসজিদের ইমাম ও খতিব মুফতি শেখ নাঈম রেজওয়ান, লালবাগ শাহী জামে মসজিদের ইমাম ও খতিব মুফতি মাওলানা মোহাম্মদ নিয়ামতুল্লাহ, সরকারি মাদরাসা-ই-আলিয়া ঢাকার প্রভাষক মো. জমির উদ্দিন প্রমুখ উপস্থিত ছিলেন।

(জাগো নিউজ ওয়েব পেজ: ১৩.০৮.২০২৬ রুবাইয়া)

## মার্কিন কোম্পানিগুলোকে বাংলাদেশে বিনিয়োগ ও ব্যবসা সম্প্রসারণের আহ্বান

বাংলাদেশে বিনিয়োগ ও ব্যবসা সম্প্রসারণের জন্য মার্কিন কোম্পানিগুলোর প্রতি আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেছেন, বাংলাদেশ সরকার মার্কিন কোম্পানিগুলোর পুঁজি, প্রযুক্তি, দক্ষতা ও বৈশ্বিক অভিজ্ঞতাকে স্বাগত জানায়। তাদের সফলতার জন্য সরকার সব ধরনের সহযোগিতা করবে। বৃহস্পতিবার (১৩ আগস্ট) মার্কিন ব্যবসায়ী প্রতিনিধিদলের সঙ্গে বৈঠকে দেওয়া বক্তব্যে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। প্রধানমন্ত্রী বলেন, যুক্তরাষ্ট্র থেকে বাংলাদেশে এসে দেশের সম্ভাবনা খতিয়ে দেখার জন্য ব্যবসায়ী ও বিনিয়োগকারীদের তিনি স্বাগত জানাচ্ছেন। তিনি আশা করেন, তাদের সফর বাংলাদেশে বিদ্যমান সম্ভাবনা সম্পর্কে তাদের স্পষ্ট ধারণা দেবে। নিজের ব্যবসায়ী জীবনের অভিজ্ঞতা তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন, রাজনীতিতে আসার আগে তিনিও ব্যবসা দিয়ে কর্মজীবন শুরু করেছিলেন। ব্যবসা বিকশিত হওয়ার জন্য সঠিক নীতি ও পরিবেশ প্রয়োজন—এটা তিনি তার অভিজ্ঞতা থেকে শিখেছেন। প্রধানমন্ত্রী বলেন, 'আমাদের ছয় মাস বয়সী, ভবিষ্যৎমুখী সরকার চায় মার্কিন কোম্পানিগুলো বাংলাদেশে বিনিয়োগ করুক এবং ব্যবসা সম্প্রসারণ করুক।' তিনি বলেন, 'আমরা আপনাদের পুঁজি, প্রযুক্তি, দক্ষতা ও বৈশ্বিক অভিজ্ঞতাকে স্বাগত জানাই। আপনাদের সাফল্য নিশ্চিত করতে আমরা সহযোগিতা করতে প্রস্তুত এবং এটি আপনাদের প্রতি আমার ব্যক্তিগত অঙ্গীকার।' বাংলাদেশের বিভিন্ন চ্যালেঞ্জের কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, দেশের উল্লেখযোগ্য কিছু শক্তিও রয়েছে। এর মধ্যে রয়েছে বড় ও ক্রমবর্ধমান বাজার, তরুণ ও কর্মঠ জনগোষ্ঠী এবং কৌশলগত ভৌগোলিক অবস্থান। (জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৮.২০২৬ রিহাব)

## কেরানীগঞ্জে ব্যর্থ হয়ে সাভারে বোমা ল্যাব, নব্য জেএমবির বড় হামলার ছক!

ঢাকার সাভারে নিষিদ্ধঘোষিত জঙ্গি সংগঠন নব্য জেএমবির সদস্যরা বোমা তৈরির শক্তিশালী ল্যাব স্থাপনের পরিকল্পনা করেছিল বলে জানিয়েছে কাউন্টার টেরোরিজম অ্যান্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম ইউনিট (সিটিটিসি)। এ ঘটনায় পুলিশের ওপর হামলার প্রস্তুতি, নিষিদ্ধ সংগঠনের সদস্যপদগ্রহণ ও সংগঠনটির আদর্শ-সত্তাকে সমর্থনের অভিযোগে ছয়জনের নাম উল্লেখ করে মামলা করা হয়েছে। মামলায় অজ্ঞাতনামা আরও ছয় থেকে সাতজনকে আসামি করা হয়েছে। বুধবার (১২ আগস্ট) সাভার মডেল থানায় সন্ত্রাসবিরোধী আইনে মামলাটি করা হয়। মামলার বাদী সিটিটিসির উপপরিদর্শক (নিরস্ত্র) মো. আলমগীর হোসেন। সিটিটিসির এডিসি (ইনভেস্টিগেশন) মাঈন উদ্দীন চৌধুরী বিষয়টি নিশ্চিত করে বলেন, মামলায় সন্ত্রাসবিরোধী আইনের একাধিক ধারা উল্লেখ রয়েছে। মামলায় আসামিরা হলেন- মোহাম্মদ আরিফ ওরফে ইমরান (২৬), মো. নাজমুল হাসান মামুন (৩২), মো. আব্বাস আলী (৩০), কামাল হোসেন ডাক্তার (৪৫), বাপ্পী (৩০) ও রাকিব (৩০)। এর বাইরে অজ্ঞাতনামা আরও ৬ থেকে ৭ জনকে আসামি করা হয়েছে। সিটিটিসি সূত্র জানায়, গ্রেফতার মোহাম্মদ আরিফ ওরফে ইমরানকে জিজ্ঞাসাবাদে বোমা তৈরির ল্যাব স্থাপনের পরিকল্পনার তথ্য পাওয়া গেছে। নব্য জেএমবির সদস্য নাজমুল হাসান মামুন ওরফে বোমারু মামুন বড় ধরনের হামলার পরিকল্পনা করছিলেন। সেই পরিকল্পনা বাস্তবায়নে কেরানীগঞ্জে একটি আস্তানা গড়ে তোলার পর সাভারে বোমা তৈরির জন্য শক্তিশালী ল্যাব স্থাপনের উদ্যোগ নেওয়া হয়। নাম প্রকাশ না করার শর্তে সিটিটিসির এক কর্মকর্তা বলেন, কেরানীগঞ্জে অসাবধানতাবশত বোমা বিস্ফোরণের পর সাভারে আস্তানা গড়ে তোলার পরিকল্পনা করা হয়। সেখানে বোমা তৈরি করে অন্য কোথাও হামলা চালানোর পরিকল্পনা ছিল বলে আরিফকে জিজ্ঞাসাবাদে তথ্য পাওয়া গেছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৮.২০২৬ রিহাব)

## ছাড়পত্র ছাড়াই চলছে খুলনার ৭০ শতাংশ ক্লিনিক-ডায়াগনস্টিক সেন্টার

নিয়মিত লাইসেন্স নবায়ন ও পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র ছাড়াই কার্যক্রম পরিচালনা করছে খুলনার একাধিক বেসরকারি ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টার। সঠিক বর্জ্য ব্যবস্থাপনা না থাকায় এসব প্রতিষ্ঠানের বর্জ্যে ক্ষতিগ্রস্ত হচ্ছে পরিবেশ। এতে একদিকে বাড়ছে স্বাস্থ্য ঝুঁকি, অন্যদিকে নিয়মিত লাইসেন্স নবায়ন না হওয়ায় রাজস্ব থেকে বঞ্চিত হচ্ছে সরকার। কিন্তু এ বিষয়ে মুখ খুলতে নারাজ ডায়াগনস্টিক সেন্টার ও ক্লিনিক কর্তৃপক্ষ। বিভিন্ন দপ্তরের দেওয়া তথ্য বিশ্লেষণে দেখা যায়, খুলনা নগরীর মধ্যে ২৯৬টি ডায়াগনস্টিক সেন্টার ও ক্লিনিকের অনুমোদন রয়েছে। অনুমোদনের বাইরেও রয়েছে একাধিক প্রতিষ্ঠান। তবে প্রায় ৭০ ভাগ প্রতিষ্ঠানের নেই পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র। শতাধিক প্রতিষ্ঠানের নেই মেডিকেল বর্জ্য অপসারণের কোনো পদ্ধতি। খুলনা বিভাগীয় স্বাস্থ্য পরিচালকের দপ্তর ও পরিবেশ অধিদপ্তর সূত্রে জানা যায়, সর্বশেষ তথ্য অনুযায়ী ২৯৬টি ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টার খুলনা নগরীতে রয়েছে। এর মধ্যে ২০২৫ সালে ৮৯টির লাইসেন্স নবায়ন হয়েছে। বাকি লাইসেন্সগুলো ২০২৫ সালের আগে বিভিন্ন বছরে নবায়ন হয়েছে। এর মধ্যে মাত্র ৪৯টি প্রতিষ্ঠানের রয়েছে পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র। খুলনা স্বাস্থ্য বিভাগ ও পরিবেশ অধিদপ্তরের কর্মকর্তাদের সঙ্গে কথা বলে জানা যায়, ১৯৮২ সালের বাংলাদেশ মেডিকেল প্র্যাকটিস অ্যান্ড প্রাইভেট ক্লিনিকস অ্যান্ড ল্যাবরেটরিজ (রেগুলেশন) অর্ডিন্যান্স অনুযায়ী- বৈধ লাইসেন্স ছাড়া কোনো বেসরকারি হাসপাতাল, ক্লিনিক বা ল্যাবরেটরি পরিচালনা করা যায় না। আইন অনুযায়ী, নির্ধারিত সময়ের মধ্যে লাইসেন্স নবায়ন করাও বাধ্যতামূলক। নিয়ম অমান্য করলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে প্রশাসনিক ও আইনগত ব্যবস্থা নেওয়ার সুযোগ রয়েছে। বিভিন্ন সময়ে খুলনার অনেক ডায়াগনস্টিক সেন্টার ও ক্লিনিকের লাইসেন্সের অনুমোদন দেওয়া হয়েছে। এসব প্রতিষ্ঠান লাইসেন্স অনুমোদনের সময় অনেকগুলো শর্ত পূরণ করেই সনদপ্রাপ্ত হয়। কিন্তু প্রতিষ্ঠানগুলোর একটি বড় অংশ অনুমোদন পাওয়ার পর শর্ত মেনে প্রতিষ্ঠান পরিচালনা করে না। এ কারণে পরবর্তীতে তারা লাইসেন্স নবায়ন করতে পারে না। তাদেরকে পড়তে হয় জটিলতায়। এ কারণে খুলনা শহরের প্রায় ৭০ ভাগ ডায়াগনস্টিক ও ক্লিনিক এখন নিয়মিত নবায়নকারী নয়। অনেক প্রতিষ্ঠানের নেই নিজস্ব বর্জ্য ব্যবস্থাপনা। নেই নিয়মমতো জনবল। বিভিন্ন সময় এসব প্রতিষ্ঠান পরিদর্শন করে তাদেরকে সতর্কও করাও হয়েছে। খুলনা পরিবেশ অধিদপ্তরের জেলা কার্যালয়ের একজন কর্মকর্তা বলেন, খুলনা নগরীর প্রায় ৭০ ভাগ বেসরকারি ডায়াগনস্টিক সেন্টার ও ক্লিনিকের মেডিকেল বর্জ্য ব্যবস্থাপনায় অনেক দুর্বলতা রয়েছে। ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টারগুলোর মধ্যে মাত্র ৪৯টির পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র রয়েছে। বাকিদের সতর্ক করা হচ্ছে। যারা যারা ছাড়পত্র নিয়েছে, তাদের তালিকা হালনাগাদ করা হচ্ছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৮.২০২৬ রিহাব)

## রাষ্ট্রপতি নির্বাচনের তফসিল স্থগিত চেয়ে রিট

সংবিধানের ৭০ অনুচ্ছেদের বৈধতা চ্যালেঞ্জ এবং রাষ্ট্রপতি নির্বাচনের তফসিল স্থগিত চেয়ে হাইকোর্টে রিট করা হয়েছে। বৃহস্পতিবার (১৩ আগস্ট) হাইকোর্টের সংশ্লিষ্ট শাখায় রিটটি করেন আইনজীবী মো. ইউনুছ আলী আকন্দ। আগামী রোববার (১৬ আগস্ট) এ রিটের ওপর শুনানি হতে পারে। সংবিধানের ৭০ অনুচ্ছেদে বলা হয়েছে, 'কোনো নির্বাচনে কোনো রাজনৈতিক দলের প্রার্থীরূপে মনোনীত হইয়া কোনো ব্যক্তি সংসদ সদস্য নির্বাচিত হইলে তিনি যদি—(ক) উক্ত দল হইতে পদত্যাগ করেন, অথবা (খ) সংসদে উক্ত দলের বিপক্ষে ভোটদান করেন, তাহা হইলে সংসদে তাহার আসন শূন্য হইবে, তবে তিনি সেই কারণে পরবর্তী কোনো নির্বাচনে সংসদ সদস্য হইবার অযোগ্য

হইবেন না।' আইনজীবী জানান, ৭০ অনুচ্ছেদের কারণে সংসদ সদস্যরা স্বাধীনভাবে ভোট দিতে পারেন না। এতে তাদের গণতান্ত্রিক অধিকার ব্যাহত হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৮.২০২৬ রিহাব)

## আরও ১২ জেলায় চালু হলো ই-বেইলবন্ড ব্যবস্থা

দেশের আরও ১২টি জেলায় চালু হলো ই-বেইলবন্ড ব্যবস্থা। বৃহস্পতিবার (১৩ আগস্ট) সচিবালয়ে আইন মন্ত্রণালয়ের সভাকক্ষে নতুন জেলাগুলোতে এ ব্যবস্থা উদ্বোধন করেন আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী মো. আসাদুজ্জামান। অনুষ্ঠানে জানানো হয়, দেশে তিন দফায় ১৬টি জেলায় ই-বেইলবন্ড ব্যবস্থা চালু আছে। এর সফলতায় ই-বেলবন্ড কার্যক্রমের চতুর্থ পর্যায়ে আজ আরও ১২টি জেলায় একযোগে কার্যক্রমের উদ্বোধন করা হলো। এর মধ্য দিয়ে দেশে ই-বেলবন্ড কার্যক্রম চালু হওয়া জেলার সংখ্যা হলো ২৮টি। পর্যায়ক্রমে দেশের ৬৪টি জেলায় এ কার্যক্রম চালু করা হবে। প্রচলিত বেইলবন্ড পদ্ধতির বাইরে গিয়ে ই-বেইলবন্ড চালু হওয়ায় জনগণের দুর্ভোগ অনেকাংশে কমেছে। একই সঙ্গে দ্রুততম সময়ে জামিনে মুক্তি পাওয়ার সুযোগ তৈরি হয়েছে বলে দাবি করেছেন আইন মন্ত্রণালয়ের কর্মকর্তারা। অনুষ্ঠানে আইনমন্ত্রী বলেন, নারায়ণগঞ্জে অন্তর্বর্তীকালীন সরকারের সময় থেকে ই-বেইলবন্ড আমরা চালু করেছিলাম। এরপর নির্বাচনের পর প্রধানমন্ত্রীর বগুড়াসহ সাতটি জেলায় ই-বেইলবন্ড চালুর মধ্য দিয়ে এই সরকারের বিচার বিভাগ সম্পর্কে যে সঠিক ও যুগোপযোগী সিদ্ধান্ত নেওয়ার প্রক্রিয়া—সেই প্রক্রিয়ার যাত্রা শুরু হয়েছিল।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৮.২০২৬ রিহাব)

## ব্যাটারিচালিত রিকশা তৈরিতে লাগবে অনুমতি, নির্ধারিত হবে কারখানা

ঢাকা শহরে ব্যাটারিচালিত ও যন্ত্রচালিত রিকশা নিয়ন্ত্রণে নতুন পরিকল্পনা নিয়েছে সরকার। অনুমোদন ছাড়া যত্রতত্র ব্যাটারি রিকশা তৈরি বন্ধে নির্ধারিত কিছু কারখানা ঠিক করে দেওয়ার উদ্যোগ নেওয়া হচ্ছে বলে জানিয়েছেন ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) প্রশাসক মো. আবদুস সালাম। বৃহস্পতিবার (১৩ আগস্ট) দুপুরে রাজধানীর শাহবাগ মোড়ে আধুনিক স্বয়ংক্রিয় ট্রাফিক সিগন্যাল (এআই সিগন্যাল) ব্যবস্থার পরীক্ষামূলক উদ্বোধন শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ তথ্য জানান। ডিএসসিসি প্রশাসক বলেন, যেসব অটোরিকশা বা যন্ত্রচালিত রিকশাকে অনুমতি দেওয়া হবে, সেগুলো যত্রতত্র তৈরি করা যাবে না। ঢাকা শহরের জন্য নির্ধারিত কিছু কারখানা ঠিক করে দেওয়া হবে। এসব কারখানায় রিকশা উৎপাদনের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতি নিতে হবে। তিনি বলেন, এ বিষয়ে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) কারিগরি সহায়তা দেবে। নির্ধারিত কারখানাগুলোর অনুমোদন ও কারিগরি বিষয়গুলো যাচাইয়ের পর উৎপাদনের সুযোগ দেওয়া হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৮.২০২৬ রিহাব)

## প্রতিরক্ষা উপদেষ্টার সঙ্গে রেড ক্রস প্রতিনিধিদল প্রধানের সাক্ষাৎ

প্রধানমন্ত্রীর প্রতিরক্ষা উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) ড. এ কে এম শামছুল ইসলামের সঙ্গে আন্তর্জাতিক রেড ক্রস কমিটি (আইসিআরসি) বাংলাদেশ প্রতিনিধিদলের প্রধান নিকোলাস পল আলবিন ফ্লুরি সাক্ষাৎ করেছেন। বৃহস্পতিবার (১৩ আগস্ট) আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তরের (আইএসপিআর) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। আইএসপিআর জানায়, সাক্ষাৎকালে আন্তর্জাতিক মানবিক আইন এবং বাংলাদেশের প্রেক্ষাপটে এর গুরুত্ব, প্রয়োগ, প্রশিক্ষণ ও জনসচেতনতা বৃদ্ধির বিভিন্ন দিক নিয়ে আলোচনা হয়। বিশেষ করে সংঘাতের সময় সাধারণ মানুষ, নারী, শিশু, আহত ও অসুস্থ ব্যক্তি, চিকিৎসাকর্মী, মানবিক সহায়তাকর্মী ও সাংবাদিকদের সুরক্ষার বিষয়টি গুরুত্ব পায়। আলোচনায় বলা হয়, আন্তর্জাতিক মানবিক আইনের মূল উদ্দেশ্য হলো সংঘাতের মধ্যেও মানুষের জীবন, মর্যাদা ও মানবিক মূল্যবোধ রক্ষা করা এবং অপ্রয়োজনীয় ক্ষয়ক্ষতি কমিয়ে আনা। প্রতিরক্ষা উপদেষ্টা বলেন, মানবজীবনের মূল্য সর্বাগ্রে এবং এ বিষয়ে সচেতনতা শুধু সংশ্লিষ্ট পেশাজীবীদের মধ্যে সীমাবদ্ধ না রেখে সমাজের সর্বস্তরে ছড়িয়ে দেওয়া প্রয়োজন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৮.২০২৬ রিহাব)

## 'স্বরাষ্ট্রমন্ত্রীর জুতা টানছে পুলিশ' প্রচারণা অসত্য, দাবি পুলিশের

সামাজিক যোগাযোগমাধ্যমে 'স্বরাষ্ট্রমন্ত্রীর জুতা টানছে পুলিশ' শিরোনামে ছড়িয়ে পড়া প্রচারণাকে অসত্য, অবান্তর ও কল্পনাপ্রসূত বলে দাবি করেছে পুলিশ সদর দপ্তর। পুলিশের পক্ষ থেকে বলা হয়েছে, বাংলাদেশ পুলিশকে হেয় প্রতিপন্ন করার উদ্দেশেই উদ্দেশ্যপ্রণোদিতভাবে এ ধরনের অপপ্রচার চালানো হচ্ছে। বৃহস্পতিবার (১৩ আগস্ট) পুলিশের দেওয়া তথ্যমতে, গত ৭ আগস্ট স্বরাষ্ট্রমন্ত্রী কক্সবাজার সদর থানাধীন বাহারছড়া জামে মসজিদে জুমার নামাজ আদায় করেন। একই মসজিদে কক্সবাজার সদর থানার অফিসার ইনচার্জও (ওসি) জুমার নামাজ আদায় করেন। মসজিদে প্রবেশের সময় ওসি তার নিজের জুতা খুলে ভেতরে প্রবেশ করেন। নামাজ শেষে তিনি নিজের জুতা হাতে নিয়েই মসজিদ থেকে বের হন। এসময় মসজিদের প্রবেশপথে স্বরাষ্ট্রমন্ত্রীর জুতা রাখা ছিল। পুলিশের দাবি, ওসি স্বরাষ্ট্রমন্ত্রীর জুতা বা স্যান্ডেল বহন করেছেন- এমন প্রচারণা উদ্দেশ্যপ্রণোদিত এবং বাস্তবতার সঙ্গে এর কোনো সম্পর্ক নেই। পুলিশের পক্ষ থেকে বলা হয়, একটি ঘটনাকে ভিন্নভাবে উপস্থাপন করে সামাজিক যোগাযোগমাধ্যমে বিভ্রান্তিকর প্রচারণা চালানো হচ্ছে। এ ধরনের অপপ্রচার বাংলাদেশ পুলিশকে হেয় করার পাশাপাশি জনমনে বিভ্রান্তি সৃষ্টি করছে। এ ধরনের অসত্য ও উদ্দেশ্যপ্রণোদিত প্রচারণা থেকে বিরত থাকার জন্য সংশ্লিষ্ট সবার প্রতি অনুরোধ জানিয়েছে বাংলাদেশ পুলিশ।

(জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৮.২০২৬ রিহাব)

## পার্বত্য চট্টগ্রামে শান্তি ফেরাতে এক্স ফোর্সেস অ্যাসোসিয়েশনের ৯ দাবি

পার্বত্য চট্টগ্রামের বর্তমান নিরাপত্তা পরিস্থিতি ক্রমেই জটিল হয়ে উঠছে। রাঙামাটি, খাগড়াছড়ি ও বান্দরবানে বিভিন্ন আঞ্চলিক সশস্ত্র গোষ্ঠীর আধিপত্য বিস্তার, নতুন সশস্ত্র গোষ্ঠীর উত্থান এবং আঃন্তসীমান্ত অপরাধ নিরাপত্তার জন্য বড় চ্যালেঞ্জ সৃষ্টি করেছে বলে জানিয়েছেন এক্স ফোর্সেস অ্যাসোসিয়েশনের সভাপতি লেফটেন্যান্ট (অব.) সাইফুল্লাহ খান সাইফ। পার্বত্য চট্টগ্রামে স্থায়ী শান্তি, নিরাপত্তা, উন্নয়ন ও দেশের সার্বভৌমত্ব নিশ্চিত করতে সরকারের কাছে ৯টি দাবি জানিয়েছে এক্স ফোর্সেস অ্যাসোসিয়েশন। বুধবার (১২ আগস্ট) বিকেলে জাতীয় প্রেস ক্লাবের তফাজ্জল হোসেন মানিক মিয়া হলে এক্স ফোর্সেস অ্যাসোসিয়েশন আয়োজিত 'পার্বত্য চট্টগ্রামে ষড়যন্ত্র, সার্বভৌমত্বের চ্যালেঞ্জ ও উত্তরণের পথ' শীর্ষক সেমিনারে এই দাবি জানানো হয়। সাইফুল্লাহ খান সাইফ বলেন, পার্বত্য চট্টগ্রামের বর্তমান নিরাপত্তা পরিস্থিতি ক্রমেই জটিল হয়ে উঠছে। রাঙামাটি, খাগড়াছড়ি ও বান্দরবানে বিভিন্ন আঞ্চলিক সশস্ত্র গোষ্ঠীর আধিপত্য বিস্তার, নতুন সশস্ত্র গোষ্ঠীর উত্থান এবং আন্তসীমান্ত অপরাধ নিরাপত্তার জন্য বড় চ্যালেঞ্জ সৃষ্টি করেছে। বাংলাদেশ-ভারত-মিয়ানমার সীমান্তবর্তী হওয়ায় অঞ্চলটির প্রায় ১৩ হাজার ২৯৪ বর্গকিলোমিটার, যা বাংলাদেশের মোট ভূখণ্ডের প্রায় ১০ শতাংশ কৌশলগতভাবে অত্যন্ত গুরুত্বপূর্ণ ও স্পর্শকাতর। সশস্ত্র সংগঠনগুলো চাঁদাবাজি, অপহরণ, খুন, গুম, অস্ত্র-গোলাবারুদ ও মাদকদ্রব্য চোরাচালানসহ নানা ধরনের সন্ত্রাসী কর্মকাণ্ডের মাধ্যমে পার্বত্য চট্টগ্রামকে সন্ত্রাসের অভয়ারণ্য গড়ে তুলেছে। এছাড়া, সোশ্যাল মিডিয়ার গুজব, এনজিও এবং আইএনজিওর সুপরিকল্পিত পরিকল্পনা, প্রবাসী উপজাতিদের দেশবিরোধী প্রচারণা, সেনাবাহিনীর ক্যাম্প প্রত্যাহার, পার্শ্ববর্তী দেশের মদদসহ নানাবিধ কারণে পাহাড় অশান্ত। সাইফুল্লাহ খান বলেন, সশস্ত্র গ্রুপগুলো পার্বত্য চট্টগ্রামে ৪১টি খাত থেকে বছরে এক হাজার থেকে এক হাজার ২০০ কোটি টাকা চাঁদাবাজি করে। আত্মগোপনে থাকা মাইকেল চাকমার আবির্ভাব হওয়ার পর ২০২৪ সালের ৫ আগস্ট পরবর্তী পার্বত্য চট্টগ্রামে চাঁদাবাজি, অপহরণ, খুন, অস্ত্র চোরাচালান সব কিছু বৃদ্ধি পেয়েছে। গত এক বছরে জেএসএস এবং ইউপিডিএফের আন্তকোন্দলে ৪১ জনের মৃত্যু (নিরীহ জনগণসহ) হয়েছে। এছাড়া, জেএসএস ও ইউপিডিএফের মধ্যে গত দুই বছরে সংঘর্ষে প্রায় ২৮ হাজার ৫০০ রাউন্ড গুলিবিনিময় হয়েছে। বিগত দুই বছরে ১০৬ জন উপজাতি এবং বাঙালী এই সশস্ত্র গোষ্ঠীর মাধ্যমে অপহৃত হয়েছে। কিন্তু এতসব সন্ত্রাসী কর্মকাণ্ডের অন্যতম মাস্টার মাইন্ড মাইকেল চাকমা ঢাকার বুকে ঘুরে বেড়ালেও তাকে সরকার আটক করছে না। এমনকি তার বিরুদ্ধে চাঁদাবাজি ও অস্ত্র মামলায় রাঙামাটি আদালত সাত বছরের কারাদণ্ড দিলেও কোনো এক অজ্ঞাত কারণে সরকার তাকে আটক করছে না। এক্স ফোর্সেস অ্যাসোসিয়েশনের সভাপতি বলেন, ২০২৫ সালের ৫ সেপ্টেম্বর বাংলাদেশ, মিয়ানমার এবং ভারতে বসবাসকারী জো সম্প্রদায়ের দ্বারা এক জাতি গঠনের জন্য মিজোরামের মুখ্যমন্ত্রী লালদুহোমা তার আশাবাদ ব্যক্ত করেন। অপরদিকে, ২৭ ফেব্রুয়ারি চিন রাজ্যের দুটি প্রতিরোধ গোষ্ঠী মিজোরামের মুখ্যমন্ত্রীর উপস্থিতিতে অভ্যন্তরীণ সংঘর্ষ কমাতে এবং চিন জাতীয় পরিষদ গঠনের জন্য একটি স্মারকলিপিতে স্বাক্ষর করে। ২০২৫ সালের ফেব্রুয়ারিতে, মিজোরাম রাজ্যের এমপি ভানলালভেনা সিএনএফের সদর দপ্তর পরিদর্শন করেন এবং তাদের ভারতীয় ইউনিয়নে যোগদানের আহ্বান জানান। এই সমস্ত কার্যকলাপ ভারতের সম্প্রসারণের এজেন্ডা নির্দেশ করে।

(জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৮.২০২৬ রিহাব)

## ঢাকায় ২৪ ঘণ্টায় গ্রেফতার ৫০০, মামলা ৫৮

রাজধানীতে ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) নিয়মিত অভিযানে গত ২৪ ঘণ্টায় ৫০০ জনকে গ্রেফতার করেছে পুলিশ। একই সময়ে ৫৮টি মামলা করা হয়েছে। বৃহস্পতিবার (১৩ আগস্ট) ডিএমপির মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশন্স বিভাগের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার নিয়াজ মেহেদী এ তথ্য জানান। তিনি বলেন, রাজধানীর বিভিন্ন থানা এলাকায় অভিযান পরিচালনা করে বিভিন্ন আলামত ও মাদকদ্রব্য উদ্ধারসহ তাদের গ্রেফতার করা হয়। গ্রেফতারদের মধ্যে রমনা বিভাগ ৪৬ জন, লালবাগ বিভাগ ৪৯ জন, ওয়ারী বিভাগ ৬৫ জন, মতিঝিল বিভাগ ৮৫ জন, তেজগাঁও বিভাগ ৫৩ জন, মিরপুর বিভাগ ১০১ জন, গুলশান বিভাগ ৩৪ জন, উত্তরা বিভাগ ৪৩ জন, গোয়েন্দা বিভাগ ১৭ জন এবং সিটিটিসি ৭ জনকে গ্রেফতার করে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৮.২০২৬ রিহাব)

## ফখরুল রাষ্ট্রপতি প্রার্থী, তিন মন্ত্রণালয়ে রদবদলের হাওয়া

রাষ্ট্রপতি ভবনে যাওয়ার পথ তৈরি হতেই বদলের হাওয়া সরকারের গুরুত্বপূর্ণ কয়েকটি মন্ত্রণালয়ে। দেশের ২৩তম রাষ্ট্রপতি নির্বাচনে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে দলীয় প্রার্থী করার সিদ্ধান্তের পরপরই মন্ত্রিসভায় চলছে রদবদলের গুঞ্জন। ফখরুলের দায়িত্বে থাকা স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় থেকে শুরু করে স্বরাষ্ট্র ও পানিসম্পদ মন্ত্রণালয়ে শিগগির পরিবর্তন আসতে চলেছে বলে সংশ্লিষ্ট সূত্র জানায়। রাষ্ট্রপতি পদে প্রার্থী হিসেবে মির্জা ফখরুলের নাম চূড়ান্ত হওয়ার সঙ্গে সঙ্গেই তিনি তার সংসদীয় ও প্রশাসনিক দায়িত্ব থেকে সরে দাঁড়ানোর সিদ্ধান্ত নেন। আর তার এই সিদ্ধান্তের পরই সামনে আসে সবচেয়ে বড় প্রশ্ন—কে সামলাবেন এলজিআরডির মতো গুরুত্বপূর্ণ মন্ত্রণালয়? সেই প্রশ্নের উত্তরও এসেছে দ্রুত। মির্জা ফখরুল ইসলাম আলমগীরের হাতে থাকা স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (এলজিআরডি) মন্ত্রণালয়ের দায়িত্ব বিএনপির জাতীয় স্থায়ী কমিটির সদস্য ও স্বরাষ্ট্রমন্ত্রীর দায়িত্বে থাকা সালাহউদ্দিন আহমদকে দেওয়া হতে পারে গুঞ্জন রয়েছে। স্থানীয় সরকার ও গ্রামীণ উন্নয়ন

থেকে শুরু করে স্থানীয় পর্যায়ের বিভিন্ন প্রশাসনিক কার্যক্রমে এলজিআরডি মন্ত্রণালয়ের ব্যাপক ভূমিকা রয়েছে। ফলে মন্ত্রণালয়টির দায়িত্বে দ্রুত নতুন নেতৃত্ব আনার বিষয়টিকে বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে। শুধু এলজিআরডি নয়, একই সঙ্গে পরিবর্তন আসতে পারে স্বরাষ্ট্র মন্ত্রণালয়েও। বিএনপির শীর্ষস্থানীয় কয়েকটি সূত্র জানায়, পানিসম্পদ মন্ত্রণালয়ের দায়িত্বে থাকা শহীদউদ্দীন চৌধুরী এ্যানিকে দেওয়া হতে পারে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্ব। রাষ্ট্রপতি নির্বাচন এখন সরকারের সামনে অন্যতম গুরুত্বপূর্ণ রাজনৈতিক প্রক্রিয়া। এ নির্বাচনে ক্ষমতাসীন বিএনপির মনোনীত প্রার্থী হিসেবে মির্জা ফখরুল ইসলাম আলমগীরের নাম সামনে আসার পর তার বর্তমান দায়িত্বগুলো দ্রুত পুনর্বণ্টনের প্রয়োজনীয়তা তৈরি হয়েছে। বিশেষ করে এলজিআরডির মতো গুরুত্বপূর্ণ মন্ত্রণালয় দীর্ঘ সময় নেতৃত্বহীন রাখা হলে প্রশাসনিক সিদ্ধান্ত গ্রহণ ও চলমান কার্যক্রমে প্রভাব পড়তে পারে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৮.২০২৬ রিহাব)

## সিরাজগঞ্জে প্রধান শিক্ষক ছাড়াই চলছে ১০৫৬ বিদ্যালয়

সিরাজগঞ্জের ৯টি উপজেলায় ১ হাজার ৫৬টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নেই প্রধান শিক্ষক। ফলে বিদ্যালয়গুলোর প্রশাসনিক কার্যক্রম ব্যাহত হওয়ার পাশাপাশি বাড়ছে শিক্ষকদের ওপর অতিরিক্ত দায়িত্বের চাপ। এতে পাঠদান ও শিক্ষার পরিবেশও ক্ষতিগ্রস্ত হচ্ছে বলে জানিয়েছেন শিক্ষকরা। দ্রুত শূন্য পদগুলো পূরণের দাবি শিক্ষক ও অভিভাবকদের। সিরাজগঞ্জ জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার দপ্তর সূত্রে জানা গেছে, জেলায় ১ হাজার ৬৭১টি সরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। যার মধ্যে সিরাজগঞ্জ সদরে ২৪৬টি বিদ্যালয়ের মধ্যে ১৪০টিতে প্রধান শিক্ষক নেই। তাড়াশে ৯৭, রায়গঞ্জে ১১৩, কামারখন্দে ৩১, শাহজাদপুরে ১৫৫, কাজীপুরে ১৫৯, বেলকুচি ১০৩, চৌহালী ৯০ ও উল্লাপাড়ায় ২৭৮টির মধ্যে ১৬৮টি বিদ্যালয়ে প্রধান শিক্ষকের পদ শূন্য। এছাড়া অনুমোদিত সহকারী শিক্ষক পদ ৯ হাজার ৩৭৩টি থাকলেও কর্মরত রয়েছে ৮ হাজার ৫২৬টি। এতেও শূন্য রয়েছে ৮৪৭টি পদ। এই হিসেবে ৬৩ ভাগেরও বেশি বিদ্যালয়ে প্রধান শিক্ষক নেই। আর প্রধান শিক্ষক না থাকায় জ্যেষ্ঠ সহকারী শিক্ষক চলতি দায়িত্ব পালন করছেন। এতে পাঠদান ব্যাঘাত ঘটছে। সরেজমিনে রায়গঞ্জ উপজেলার কয়ড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে দেখা গেছে, পুরো বিদ্যালয় শিক্ষার্থীর পদচারণে মুখর। প্রতিটি শ্রেণিকক্ষে শিক্ষার্থীতে ঠাসা। শিক্ষকেরা কেউ ক্লাস নিচ্ছেন। কেউ কার্যালয়ে বসে দাপ্তরিক কাজ করছেন। ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক আশরাফুল আলম ক্লাস নিয়ে এক ফাঁকে তার কক্ষে আসেন। আশরাফুল আলম বলেন, ২০১৯ সাল থেকে জ্যেষ্ঠ শিক্ষক হিসেবে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্ব পালন করছি। এ পদে কাজের চাপ বেশি থাকায় আগের মতো আর ক্লাস নিতে পারি না। একই উপজেলার চরপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে গেলে দেখা জ্যেষ্ঠ শিক্ষক হিসেবে ফিরোজ মাহমুদ ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক হিসেবে দায়িত্ব পালন করছেন। অন্য শিক্ষকরা বলছেন, শিক্ষার্থীর অনুপাতে এমনিতেই শিক্ষক কম, তার মধ্যে আবার প্রধান শিক্ষক নেই। এ কারণে শিক্ষার্থীদের ওপর চাপ বেড়েছে। প্রধান শিক্ষক না থাকায় নিজেদের সমস্যার কথা জানিয়ে ওই প্রাথমিক বিদ্যালয়ের পঞ্চম শ্রেণির শিক্ষার্থী মারুফ শেখ জাগো নিউজকে বলেন, দেড় বছর ধরে স্কুলে প্রধান শিক্ষক নেই। এতে আমাদের সমস্যা হয়। তিনজন শিক্ষক টানাটানি করে ক্লাস নেয়। এই বিষয়গুলো দেখার কেউ নেই। প্রধান শিক্ষক থাকলে সব দিক খেয়াল রাখতে পারতেন। জালাল উদ্দিন নামের এক অভিভাবক জাগো নিউজকে বলেন, প্রধান শিক্ষক একটি বিদ্যালয়ের একাডেমিক ও প্রশাসনিক প্রধান। তিনি বিদ্যালয়ের দৈনন্দিন কার্যক্রম তদারকি ও শিক্ষকদের কাজের দেখভাল করেন। শুধু তাই নয়, বিভিন্ন নথি সংরক্ষণ, স্থানীয় অভিভাবক ও সরকারি দপ্তরের সঙ্গে যোগাযোগ করেন। কিন্তু বিদ্যালয়ে ওই পদ শূন্য থাকলে একজন সহকারী শিক্ষককে এসব দায়িত্ব পালন করতে হয়। এতে শ্রেণিকক্ষে পাঠদানের জন্য শিক্ষক সংখ্যা কমে যায়। ফলে পাঠদান ব্যাহত হয়। আরেক অভিভাবক সিমা খাতুন বলেন, বিদ্যালয়ে শিক্ষক কম থাকায় আমার সন্তান পড়াশোনায় মনোযোগ হারিয়ে ফেলছে। এখন তাকে প্রাইভেট পড়াতে হচ্ছে। ফলে তাকে অন্য স্কুলে ভর্তি করবে কিনা, সেটা নিয়ে ভাবছি।

(জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৮.২০২৬ রিহাব)

## ১৫ আগস্ট ঘিরে নিষিদ্ধ সংগঠনের ব্যক্তিদের তথ্য সংগ্রহ করছে র‍্যাব

আগামী ১৫ আগস্ট ঘিরে সারাদেশে আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে বিশেষ নিরাপত্তা ব্যবস্থা হাতে নিয়েছে র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)। এ লক্ষ্যে নিষিদ্ধ ঘোষিত ও কার্যক্রম নিষিদ্ধ সংগঠনের নেতাকর্মী, সন্দেহভাজন ব্যক্তি এবং উগ্রবাদী গোষ্ঠীর সদস্যদের বিষয়ে তথ্য সংগ্রহের পাশাপাশি গোয়েন্দা নজরদারি জোরদার করা হচ্ছে। বৃহস্পতিবার (১৩ আগস্ট) এক সংবাদ বিজ্ঞপ্তিতে র‍্যাব জানিয়েছে, ১৫ আগস্টকে কেন্দ্র করে বিভিন্ন রাজনৈতিক দলের কর্মসূচি ঘিরে কোনো উগ্রবাদী গোষ্ঠী, নিষিদ্ধ সংগঠন বা রাষ্ট্র ও সরকারবিরোধী কুচক্রী মহল যেন নাশকতা বা অপ্রীতিকর পরিস্থিতি সৃষ্টি করতে না পারে, সে জন্য দেশব্যাপী বিশেষ নিরাপত্তা ব্যবস্থা নেওয়া হয়েছে। র‍্যাবের বিশেষ নিরাপত্তা ব্যবস্থার অংশ হিসেবে প্রতিটি ব্যাটালিয়ন নিজ নিজ দায়িত্বপূর্ণ এলাকার নিরাপত্তা হুমকি পর্যালোচনা করে নিরাপত্তা পরিকল্পনা প্রণয়ন করেছে। একই সঙ্গে গুরুত্বপূর্ণ ও সংবেদনশীল স্থানগুলো চিহ্নিত করে সেখানে নিরাপত্তা জোরদার করা হয়েছে। সংস্থাটি জানায়, নিষিদ্ধ ঘোষিত ও কার্যক্রম নিষিদ্ধ সংগঠনগুলোর অপতৎপরতা ও গতিবিধির ওপর গোয়েন্দা নজরদারি বাড়ানো হয়েছে। পাশাপাশি দায়িত্বপূর্ণ এলাকায় সন্দেহভাজন ও নিষিদ্ধ সংগঠনের ব্যক্তিদের বিষয়ে তথ্য সংগ্রহ করা হচ্ছে। আগাম তথ্য সংগ্রহ ও গোয়েন্দা কার্যক্রম জোরদার করতে বিভিন্ন এলাকায় কন্টাক্ট/ইনফর্মার বা সোর্স নিয়োগ করা হয়েছে। অনুষ্ঠানস্থলে যাতায়াতের রুটগুলোতেও সাদা পোশাকে গোয়েন্দা

সদস্যদের মোতায়েন করে নজরদারি করা হচ্ছে। রাজনৈতিক কর্মসূচির অনুষ্ঠানস্থল ও আশপাশের এলাকায় যে কোনো অনাকাঙ্ক্ষিত ঘটনা প্রতিরোধে র‍্যাব সদস্য মোতায়েন করা হয়েছে। অনুষ্ঠানে যেন নিষিদ্ধ সংগঠনের নেতাকর্মী, দুষ্কৃতকারী কিংবা উগ্রবাদী গোষ্ঠীর সদস্যরা অনুপ্রবেশ করে বিশৃঙ্খলা সৃষ্টি করতে না পারে, সে বিষয়েও বিশেষ সতর্কতা নেওয়া হয়েছে। এ ছাড়া সন্দেহভাজন ব্যক্তি ও নিষিদ্ধ সংগঠনের মাধ্যমে নাশকতা বা অপতৎপরতা প্রতিরোধে গোয়েন্দা তৎপরতার পাশাপাশি প্রয়োজনীয় নিরাপত্তা ও প্রতিরোধমূলক ব্যবস্থা নেওয়া হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৮.২০২৬ রিহাব)

## দেশে গণিতচর্চা বাড়াতে যে কোনো ধরনের সহযোগিতা দেওয়া হবে: প্রধানমন্ত্রী

দেশে গণিতচর্চা ও গণিত অলিম্পিয়াডের কার্যক্রম আরও বাড়াতে যে কোনো ধরনের সহযোগিতা দেওয়া হবে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। আন্তর্জাতিক গণিত অলিম্পিয়াড (আইএমও) ও ইউরোপীয় বালিকা গণিত অলিম্পিয়াডের (ইজিএমও) বিজয়ী বাংলাদেশি শিক্ষার্থীরা প্রধানমন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করতে গেলে তিনি এ আশ্বাস দেন। বৃহস্পতিবার (১৩ আগস্ট) সচিবালয়ের মন্ত্রিপরিষদ বিভাগে প্রধানমন্ত্রীর কার্যালয়ে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। প্রধানমন্ত্রীর ডেপুটি প্রেস সেক্রেটারি শাহাদাৎ স্বাধীন এ তথ্য জানান। সাক্ষাৎকালে পদকজয়ী শিক্ষার্থীরা প্রধানমন্ত্রীর সঙ্গে কুশলবিনিময় করে। তারা গণিত অলিম্পিয়াডে তাদের অংশগ্রহণ, অভিজ্ঞতা ও অর্জনের কথা প্রধানমন্ত্রীর কাছে তুলে ধরেন। প্রধানমন্ত্রী তাদের অভিনন্দন এবং ভবিষ্যতে আরও সাফল্য অর্জনের জন্য শুভকামনা জানান। এসময় বাংলাদেশ বালিকা গণিত ফাউন্ডেশনের (বিজিএমএফ) পক্ষ থেকে তৃণমূল পর্যায়ে গণিত অলিম্পিয়াডের কার্যক্রম আরও বিস্তৃত ও কার্যকর করতে প্রধানমন্ত্রীর সহযোগিতা কামনা করা হয়। প্রধানমন্ত্রী এ উদ্যোগে সরকারের পক্ষ থেকে প্রয়োজনীয় সব ধরনের সহযোগিতার আশ্বাস দেন। স্কুল পর্যায়ে গণিত অলিম্পিয়াডের কার্যক্রম পরিচালনা ও সম্প্রসারণের জন্য একটি তহবিল গঠনের প্রস্তাব করা হলে প্রধানমন্ত্রী শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমে এ বিষয়ে অর্থায়নে তাৎক্ষণিক সম্মতি জানান। এছাড়া বাংলাদেশ ম্যাথমেটিক্যাল অলিম্পিয়াড কমিটির (বিডিএমও) পক্ষ থেকে স্কুল পর্যায়ে কার্যক্রমভিত্তিক গণিত চালুর প্রস্তাব করা হলে প্রধানমন্ত্রী তাতেও সম্মতি জানান। স্কুল শিক্ষকদের গণিত দক্ষতা যাচাইয়ের জন্য ইংরেজি ভাষার দক্ষতা যাচাইয়ের আইইএলটিএস পরীক্ষার আদলে একটি পৃথক গণিত দক্ষতা যাচাই পরীক্ষা চালুর প্রস্তাবও উপস্থাপন করা হয়। প্রধানমন্ত্রী বিষয়টি গুরুত্বের সঙ্গে বিবেচনা করার আশ্বাস দেন। প্রধানমন্ত্রী বলেন, দেশে গণিতচর্চা ও গণিত অলিম্পিয়াডের কার্যক্রম আরও বিস্তৃত করতে ভবিষ্যতে সরকারের পক্ষ থেকে যে কোনো ধরনের সহযোগিতার প্রয়োজন হলে তা দেওয়া হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৮.২০২৬ রিহাব)

## ঘণ্টার পর ঘণ্টা লাইনে দাঁড়িয়েও মিলছে না গ্যাস, বিপাকে চালক-যাত্রী

দুপুর ১২টায় গ্যাস নিতে লাইনে দাঁড়িয়েছেন। বিকেল সাড়ে ৩টা বাজতে চললেও তখনো গ্যাস পাননি। অথচ ভিআইপি ও সরকারি গাড়ি এলে দ্রুত গ্যাস দেওয়া হচ্ছে এমন অভিযোগ করেছেন রাজধানীর মগবাজারের একটি সিএনজি স্টেশনে অপেক্ষমাণ সিএনজিচালিত অটোরিকশার চালক রিপন মিয়া। বৃহস্পতিবার (১৩ আগস্ট) এ প্রতিবেদকের সঙ্গে আলাপকালে তিনি বলেন, প্রতিদিন গ্যাস সংগ্রহ করতেই ৬ থেকে ৭ ঘণ্টা চলে যায়। এতে যাত্রী পরিবহনের সময় কমে যাওয়ায় আয়ও কমে যাচ্ছে। রিপন মিয়া বলেন, সকালে গ্যারেজ থেকে গাড়ি নিয়ে বের হওয়ার পর প্রথম চিন্তা থাকে গ্যাস পাব কিনা। এরপর মালিকের জমার ১ হাজার ১০০ টাকা কখন তুলবো, সব খরচ মিটিয়ে দিন শেষে হাতে কত টাকা থাকবে—এসব চিন্তা করতে হয়। পাশে অপেক্ষমাণ আরেক চালক আনিসুর রহমান বলেন, গ্যাস সংকটে আগের মতো যাত্রী পরিবহন করতে না পারলেও প্রতিদিন মালিককে ১ হাজার ১০০ টাকা জমা দিতে হচ্ছে। কম জমা দিতে চাইলে মালিক গাড়ির চাবি জমা দিয়ে চলে যেতে বলেন বলেও দাবি করেন তিনি। শুধু মগবাজার নয়, রাজধানীর বিভিন্ন এলাকার সিএনজি স্টেশনেও গ্যাসের সংকট দেখা দিয়েছে বলে জানিয়েছেন চালকরা। পাম্পগুলোতে সিএনজিচালিত অটোরিকশা ও ব্যক্তিগত গাড়ির দীর্ঘ সারি এখন নিয়মিত দৃশ্য। ঘণ্টার পর ঘণ্টা অপেক্ষার পরও অনেকে কাঙ্ক্ষিত পরিমাণ গ্যাস পাচ্ছেন না বলে অভিযোগ করেছেন। গ্যাসের সংকটে ব্যক্তিগত গাড়ির চালক, সিএনজিচালিত অটোরিকশা চালক ও ভাড়ায় চালিত মোটরসাইকেলচালকদের পাশাপাশি জরুরি রোগী পরিবহনেও প্রভাব পড়ছে। অ্যাম্বুলেন্স চালক নুরু মিয়া বলেন, গ্যাস সংকটের কারণে তাদের অনেক গাড়ি ঢাকার বাইরে দূরপাল্লার ট্রিপে যেতে পারছে না। ফলে জরুরি রোগী পরিবহনেও সীমাবদ্ধতা তৈরি হয়েছে। তিনি বলেন, গ্যাসের অভাবে অ্যাম্বুলেন্স বসিয়ে রাখতে হচ্ছে। অ্যাম্বুলেন্সের জন্য বিশেষ ব্যবস্থা করে ২৪ ঘণ্টা গ্যাস সরবরাহের সুযোগ দেওয়া হলে জরুরি রোগীদের আরও ভালো সেবা দেওয়া সম্ভব হতো। নুরু মিয়ার ভাষ্য, বর্তমানে গ্যাসের অভাবে দূরপাল্লার ট্রিপ এড়িয়ে চলতে হচ্ছে। রোগী ও তাদের স্বজনদের ওপর এর সরাসরি প্রভাব পড়ছে। গ্যাস সংকটের প্রভাব সরাসরি পড়ছে সাধারণ যাত্রীদের ওপর। বিশেষ করে সকালে অফিস ও স্কুলগামী এবং সন্ধ্যায় ঘরমুখী মানুষের ভোগান্তি বাড়ছে। চালকদের দীর্ঘ সময় গ্যাসের জন্য লাইনে থাকতে হওয়ায় সড়কে সিএনজিচালিত অটোরিকশার সংখ্যা কমে যাচ্ছে। আর যে গাড়ি পাওয়া যাচ্ছে তার অনেক চালকই বাড়তি ভাড়া চাইছেন বলে অভিযোগ যাত্রীদের। কয়েকজন যাত্রী জানান, স্বাভাবিক সময়ের তুলনায় তাদের ২০ শতাংশ পর্যন্ত বাড়তি ভাড়া দিতে হচ্ছে। সিএনজি স্টেশনের পাশাপাশি রাজধানীর বিভিন্ন এলাকায় বাসাবাড়িতেও গ্যাসের চাপ কমে যাওয়ার অভিযোগ রয়েছে।

দীর্ঘস্থায়ীভাবে সরবরাহ সংকট থাকলে শিল্পপ্রতিষ্ঠানের উৎপাদনেও নেতিবাচক প্রভাব পড়তে পারে বলে আশঙ্কা করছেন সংশ্লিষ্টরা। বিশেষ করে রপ্তানিমুখী শিল্পের উৎপাদন ব্যাহত হওয়ার বিরূপ প্রভাব পড়ে সরবরাহ ও রপ্তানি কার্যক্রম ব্যাহত হচ্ছে। গ্যাসের সরবরাহ পরিস্থিতি নিয়ে সংশ্লিষ্টদের তথ্য অনুযায়ী, স্বাভাবিক সময়ে এলএনজি টার্মিনাল থেকে জাতীয় গ্রিডে দৈনিক গড়ে ১০০০ ঘনমিটার গ্যাস সরবরাহ হয়। তবে বর্তমানে তা কমে প্রায় ৫০০ ঘনমিটারে নেমে এসেছে। গ্যাস সংকটের কারণ নিয়ে চালকদের মধ্যে নানা ধরনের আলোচনা রয়েছে। তাদের কেউ কেউ গ্যাসের দাম বাড়ানোর সম্ভাবনা এবং সরবরাহ নিয়ে সংশ্লিষ্ট পক্ষগুলোর মধ্যে টানাপোড়েনের কারণে সংকট তৈরি হয়েছে বলে দাবি করছেন। কেউ কেউ আবার এ সংকটের পেছনে একটি সিন্ডিকেট কাজ করছে বলেও অভিযোগ করেছেন। গ্যাসের দাম বাড়ানোর প্রস্তাব নিয়ে দর-কষাকষির কারণে সরবরাহ পরিস্থিতি স্বাভাবিক হচ্ছে না, এমন দাবিও করেছেন কয়েকজন চালক। (জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৮.২০২৬ রিহাব)

## ঢাকার আরও ৫০ মোড়ে বসবে এআই ট্রাফিক সিগন্যাল: ডিএসসিসি প্রশাসক

ঢাকার যানজট নিরসন ও ট্রাফিক ব্যবস্থাপনায় শৃঙ্খলা ফেরাতে এআই প্রযুক্তিনির্ভর ট্রাফিক সিগন্যাল ব্যবস্থা চালু করেছে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন (ডিএসসিসি)। প্রাথমিকভাবে ডিএসসিসির আওতাধীন আটটি গুরুত্বপূর্ণ মোড়ে এ ব্যবস্থা স্থাপনের উদ্যোগ নেওয়া হয়েছে। এছাড়া ঢাকা মহানগরের আরও ৫০টি গুরুত্বপূর্ণ মোড়ে এ ধরনের আধুনিক ট্রাফিক সিগন্যাল চালুর লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। এর অংশ হিসেবে শাহবাগ মোড়ে সিগন্যালটির পরীক্ষামূলক কার্যক্রম শুরু করা হয়েছে। বৃহস্পতিবার (১৩ আগস্ট) শাহবাগে এআই সিগন্যাল ব্যবস্থার পরীক্ষামূলক উদ্বোধন শেষে এসব কথা বলেন ডিএসসিসি প্রশাসক মো. আবদুস সালাম। তিনি জানান, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) কারিগরি সহায়তায় নতুন এই সিগন্যাল ব্যবস্থা স্থাপন করা হয়েছে। এর লক্ষ্য হলো প্রযুক্তিনির্ভর ও স্বয়ংক্রিয় ব্যবস্থার মাধ্যমে যানবাহন চলাচলকে আরও নিয়মতান্ত্রিক ও গতিশীল করা। প্রাথমিকভাবে যে আটটি মোড়ে আধুনিক সিগন্যাল ব্যবস্থা স্থাপন করা হয়েছে সেগুলো হলো- বাংলা মোটর, হোটেল ইন্টারকন্টিনেন্টাল, মিন্টো রোড, কাকরাইল সার্কেল, মৎস্য ভবন, কদম ফোয়ারা, শিক্ষা ভবন ও শাহবাগ মোড়। ডিএসসিসি প্রশাসক বলেন, আধুনিক এই সিগন্যাল ব্যবস্থা পুরোপুরি কার্যকর হলে মোড়গুলোতে ট্রাফিক পুলিশকে আগের মতো সার্বক্ষণিক দাঁড়িয়ে হাতে সংকেত দিতে হবে না। এতে একদিকে ট্রাফিক ব্যবস্থাপনায় প্রযুক্তির ব্যবহার বাড়বে, অন্যদিকে রোদ-বৃষ্টি উপেক্ষা করে রাস্তায় দাঁড়িয়ে দায়িত্ব পালন করা ট্রাফিক পুলিশের পেশাগত কষ্টও কমবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৮.২০২৬ রিহাব)

## ১০০০ টাকার বান্ডিলে ১০০ টাকার নোট, ভল্ট থেকে খোয়া গেলো ৪ কোটি ৩৮ লাখ

চট্টগ্রামে অগ্রণী ব্যাংকের লালদীঘি করপোরেট শাখার ভল্ট থেকে চার কোটি ৩৮ লাখ টাকা খোয়া যাওয়ার অভিযোগ উঠেছে। ভল্টে এক হাজার টাকার বড় নোটের বান্ডিলের ভেতর কৌশলে একশ টাকা বা এরচেয়ে ছোট নোট রেখে এই বিপুল পরিমাণ টাকা সরিয়ে নেওয়া হয়। এ ঘটনায় ব্যাংকের ক্যাশ ইনচার্জ মো. কামরুল হোসেন এবং মো. জাফরুল্লাহ তানভীর নামের এক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে কোতোয়ালি থানার পুলিশ। পরে তাদের আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়। গত ১০ আগস্ট এ ঘটনায় কোতোয়ালি থানায় মামলা হলেও বিষয়টি বৃহস্পতিবার (১৩ আগস্ট) আলোচনায় আসে। জাগো নিউজকে তা নিশ্চিত করেছেন চট্টগ্রাম মহানগর পুলিশের (সিএমপি) জনসংযোগের দায়িত্বে থাকা সহকারী কমিশনার আমিনুর রশিদ। গণমাধ্যমে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে সিএমপি জানিয়েছে, অগ্রণী ব্যাংকের লালদীঘি পূর্ব করপোরেট শাখার সিনিয়র অফিসার ও ক্যাশ ইনচার্জ কামরুল হোসেন অজ্ঞাতপরিচয় বিবাদীর যোগসাজশে ভল্টে নগদ অর্থ জমা দেওয়ার সময় এক হাজার টাকার বড় নোটের বান্ডিলের ভেতর একশ টাকা বা এরচেয়ে ছোট নোট কৌশলে রেখে মনগড়ামতো ভল্টের হিসাব মিলিয়ে রাখতেন। ২০২৫ সালের ১ জুন থেকে গত ৯ আগস্ট পর্যন্ত বিভিন্ন সময়ে এ কাজ করা হয়। বিষয়টি কর্তৃপক্ষের নজরে আসলে ১০ আগস্ট কোতোয়ালি থানায় মামলা করা হয়। পরে পুলিশ কামরুল হোসেন এবং হাটহাজারীর বাসিন্দা ব্যবসায়ী জাফরুল্লাহ তানভীরকে গ্রেফতার করে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৮.২০২৬ রিহাব)

## চকরিয়ায় বাস-লেগুনা সংঘর্ষে নিহত ৪

কক্সবাজার-চট্টগ্রাম মহাসড়কের চকরিয়ায় যাত্রীবাহী বাসের সঙ্গে সংঘর্ষে লেগুনার চার যাত্রী নিহত হয়েছেন। এসময় আহত হয়েছেন আরও অন্তত ৮ জন। বৃহস্পতিবার (১৩ আগস্ট) সকাল ৭টার দিকে মহাসড়কের চকরিয়ার খুটাখালী নয়াপাড়া এলাকায় এ দুর্ঘটনা ঘটে বলে জানিয়েছেন মালুমঘাট হাইওয়ে পুলিশের উপপরিদর্শক (এসআই) শামসুজ্জামান। নিহতরা হলেন- ঈদগাঁও উপজেলার মৃত আবুল কাশেমের ছেলে মোহাম্মদ রফিক (২৮), আমিনুল হকের ছেলে মো. জিয়াবুল হক (২৫), চকরিয়ার খুটাখালী সেগুনবাগিচা গ্রামের মৃত মতিউর রহমানের ছেলে মো. জসিম উদ্দিন (২৫) ও ফুলছড়ি শিয়াপাড়ার মৃত মনজুর আলমের ছেলে মো. শাহেদ (২৭)। এসআই শামসুজ্জামান জানান, কক্সবাজারমুখী নোয়াখালী সদর থেকে ছেড়ে আসা লাল সবুজ পরিবহনের একটি বাস (ঢাকা-মেট্রো-ব-১৫-৮০৯০) মহাসড়কের খুটাখালী নয়াপাড়া এলাকায় এসে পৌঁছালে ঈদগাঁও থেকে চকরিয়াগামী লেগুনার সঙ্গে মুখোমুখি সংঘর্ষ হয়। এতে লেগুনাটি দুমড়ে-মুচড়ে এর চালক-যাত্রী সবাই আহত হন। তাদের উদ্ধার করে কক্সবাজার সদর হাসপাতাল ও মালুমঘাট খ্রিষ্টান মেমোরিয়াল হাসপাতালে নেয় স্থানীয়রা। মালুমঘাট খ্রিষ্টান মেমোরিয়াল হাসপাতালে জসিমের মৃত্যু হয়। সদর হাসপাতালে মারা যান শাহেদ, রফিক ও জিয়াবুল। মালুমঘাট হাইওয়ে থানার এসআই

শামসুজ্জামান জানান, মরদেহগুলো আইনি প্রক্রিয়া শেষে পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে। গাড়ি দুটি জব্দ করা হয়েছে। এ ঘটনায় আইনি ব্যবস্থা প্রক্রিয়াধীন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৮.২০২৬ রিহাব)

## নির্মাণের ৩৩ বছরেও চালু হয়নি পৌনে ২ কোটি টাকার টার্মিনাল

যাত্রী, বাস মালিক ও শ্রমিকদের সুবিধার কথা বিবেচনায় নিয়ে প্রায় পৌনে ২ কোটি টাকা ব্যয়ে ১৯৯২-৯৩ অর্থবছরে নির্মাণ করা হয়েছিল রাজবাড়ী বাস টার্মিনাল। কিন্তু নির্মাণের ৩৩ বছর পেরিয়ে গেলেও আজও চালু হয়নি টার্মিনালটি। ফলে জেলা শহরের বড়পুল ও নতুন বাজারের মুরগির ফার্ম এলাকা পরিণত হয়েছে অলিখিত বাস টার্মিনালে। এসব স্থান থেকেই যাত্রীরা বাসে ওঠানামা করছেন, আর সেখানেই গড়ে উঠেছে বাসের টিকিট কাউন্টার। বাস টার্মিনালটির মূল কার্যক্রম বছরের পর বছর বন্ধ থাকায় স্থবির হয়ে পড়েছে পুরো অবকাঠামো। এখান থেকে কোনো বাস ছেড়ে যায় না, যাত্রীও ওঠানামা করেন না। নেই কোনো টিকিট কাউন্টারও। মূল ভবনটি দাঁড়িয়ে থাকলেও যাত্রীদের বিশ্রামকক্ষ, টয়লেট, টিকিট কাউন্টারসহ বিভিন্ন কক্ষের দরজা-জানালা নষ্ট হয়ে ব্যবহারের অনুপযোগী হয়ে পড়েছে। বর্তমানে টার্মিনালের মূল ভবনসহ বিভিন্ন স্থানে বাস, ট্রাকসহ নানা ধরনের যানবাহন মেরামতের কাজ চলছে। ফলে টার্মিনালটি কার্যত গ্যারেজে পরিণত হয়েছে। ভবনের এক পাশে যাত্রীদের বসার ব্যবস্থা থাকলেও চেয়ারগুলো ভেঙে যাওয়ায় সেগুলোও ব্যবহারের অনুপযোগী। অধিকাংশ কক্ষই পরিত্যক্ত অবস্থায় পড়ে আছে। দু-একটি কক্ষ ব্যবহার হলেও সেখানে রাখা হয়েছে যানবাহন মেরামতের বিভিন্ন সরঞ্জাম। এছাড়া টার্মিনালের ড্রেনেজ ব্যবস্থা কার্যকর না থাকায় সামান্য বৃষ্টিতেই জলাবদ্ধতা সৃষ্টি হয়। যত্রতত্র ময়লা-আবর্জনা ফেলার কারণে দিন দিন নষ্ট হচ্ছে পরিবেশ। যাত্রীদের আনাগোনা না থাকায় টার্মিনাল ঘিরে গড়ে ওঠা খাবার হোটেলসহ অধিকাংশ ব্যবসাপ্রতিষ্ঠানও বন্ধ হয়ে গেছে। চালু থাকা কয়েকটি প্রতিষ্ঠানও ক্রেতার অভাবে কোনো রকমে টিকে আছে। যাত্রী, চালক ও শ্রমিকদের পদচারণা কম থাকায় রাতে টার্মিনাল এলাকায় বাড়ে মাদকসেবীদের আনাগোনা। একই সঙ্গে সেখানে মেরামত বা নির্মাণাধীন থাকা গাড়ি থেকে প্রায়ই চুরি হচ্ছে তেল ও বিভিন্ন যন্ত্রাংশ। অন্যদিকে জেলা পরিষদের অর্থায়নে নির্মিত অর্থ চুক্তি অনুযায়ী রাজবাড়ী পৌরসভাকে ধাপে ধাপে পরিশোধ করার কথা থাকলেও এখন পর্যন্ত মাত্র ১৩ লাখ টাকা পরিশোধ করেছে। অথচ নিয়মিত ইজারা দিয়ে আয় করছে পৌরসভা। জানা গেছে, ১৯৯২-৯৩ অর্থবছরে রাজবাড়ী-কুষ্টিয়া আঞ্চলিক মহাসড়ক সংলগ্ন রাজবাড়ী জেলা শহরের শ্রীপুরে প্রায় ৪ একর ১৪ শতাংশ জমির উপর ১ কোটি ৭২ লাখ ৫০ হাজার টাকা ব্যায়ে বাস টার্মিনালটি নির্মাণ করা হয়। ১৯৯৪ সালের এপ্রিলে টার্মিনালটি উদ্বোধন করেন তৎকালীন সংস্কৃতি প্রতিমন্ত্রী জাহানারা বেগম। পরবর্তীতে নির্মাণ অর্থ পরিশোধের চুক্তিতে ২০০০ সালে বাস টার্মিনালটি রাজবাড়ী পৌরসভার কাছে হস্তান্তর করে জেলা পরিষদ। (জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৮.২০২৬ রিহাব)

## ছিনতাই ঠেকাতে সিটিটিসি-ডিবিকে ২৪ ঘণ্টা মাঠে থাকার নির্দেশ ডিএমপির

ছিনতাই প্রতিরোধে ছিনতাইপ্রবণ এলাকাগুলো চিহ্নিত করে ক্রাইম বিভাগের সঙ্গে সমন্বয়ের মাধ্যমে পুলিশের কাউন্টার টেরোরিজম অ্যান্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম (সিটিটিসি) ও গোয়েন্দা পুলিশকে (ডিবি) ২৪ ঘণ্টা মাঠে থেকে দায়িত্ব পালনের নির্দেশ দিয়েছেন ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি) কমিশনার মোসলেহ্ উদ্দিন আহমদ। তিনি বলেন, ছিনতাইপ্রবণ এলাকাগুলো চিহ্নিত করে গোয়েন্দা নজরদারি, টহল ও অভিযান জোরদারের পাশাপাশি অপরাধীদের আইনের আওতায় আনতে সমন্বিতভাবে কাজ করতে হবে। বৃহস্পতিবার (১৩ আগস্ট) রাজারবাগে বাংলাদেশ পুলিশ অডিটোরিয়ামে জুলাই-২০২৬ মাসের মাসিক অপরাধ পর্যালোচনা সভায় ডিএমপির ঊর্ধ্বতন কর্মকর্তাদের উদ্দেশে এসব নির্দেশনা দেন ডিএমপি কমিশনার। ডিএমপি কমিশনার বলেন, মাদকের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি অনুসরণ করতে হবে। মাদক কারবারি ও এর সঙ্গে জড়িতদের বিরুদ্ধে নিয়মিত অভিযান পরিচালনার পাশাপাশি মাদক নিয়ন্ত্রণে গোয়েন্দা তৎপরতা আরও জোরদার করতে হবে। থানা এলাকায় হোটেল ও স্পা সেন্টারে কোনো ধরনের অবৈধ কর্মকাণ্ড যাতে পরিচালিত না হয়, সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশ দেন তিনি। অবৈধ কর্মকাণ্ডের তথ্য পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে আইনানুগ ব্যবস্থা গ্রহণের পাশাপাশি নিয়মিত নজরদারি অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ করেন ডিএমপি কমিশনার। ডিএমপি কমিশনার বলেন, প্রতিটি মামলার ক্ষেত্রে সংশ্লিষ্ট থানার ওসি এবং ক্রাইম বিভাগের ঊর্ধ্বতন কর্মকর্তা ঘটনাস্থল পরিদর্শন করবেন। মামলার প্রকৃত ঘটনা উদ্‌ঘাটন ও তদন্ত কার্যক্রম আরও কার্যকর ও গতিশীল করতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের ঘটনাস্থল সরেজমিনে পরিদর্শন, প্রয়োজনীয় আলামত সংগ্রহ এবং ঘটনার পারিপার্শ্বিকতা যথাযথভাবে যাচাইয়ের ওপর গুরুত্বারোপ করেন তিনি। অপরাধ নিয়ন্ত্রণ ও নগরবাসীর নিরাপত্তা নিশ্চিত করতে মাঠপর্যায়ের পুলিশ কর্মকর্তাদের সর্বোচ্চ পেশাদারিত্ব, দায়িত্বশীলতা ও নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালনের নির্দেশ প্রদান করেন ডিএমপি কমিশনার। (জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৮.২০২৬ রিহাব)

## জুলাই গণঅভ্যুত্থান স্মৃতি জাদুঘরে নিদর্শন নষ্টে ১০ বছর কারাদণ্ড

জুলাই গণঅভ্যুত্থান স্মৃতি জাদুঘরের স্থাবর নিদর্শন ধ্বংস, বিনষ্ট, পরিবর্তন বা ক্ষতিসাধন করলে সর্বোচ্চ ১০ বছরের কারাদণ্ড বা সর্বোচ্চ ১০ লাখ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ডের বিধান রয়েছে 'জুলাই গণঅভ্যুত্থান স্মৃতি জাদুঘর আইন, ২০২৬'-এ। অস্থাবর নিদর্শন চুরি, পাচার, ধ্বংস, বিনষ্ট, পরিবর্তন বা ক্ষতিসাধনের জন্য সর্বোচ্চ পাঁচ বছরের কারাদণ্ড বা পাঁচ লাখ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ডের বিধান রাখা হয়েছে। জাতীয় সংসদে আইনটি পাস হওয়ার পর চলতি বছরের ১০ এপ্রিল 'জুলাই গণঅভ্যুত্থান স্মৃতি জাদুঘর আইন, ২০২৬'-এর গেজেট জারি হয় ।আইনে বলা হয়েছে, কোনো ব্যক্তি

জাদুঘরের কোনো স্থাবর নিদর্শন বা এর কোনো অংশ ধ্বংস, বিনষ্ট, পরিবর্তন বা ক্ষতিসাধন করলে তা অপরাধ হিসেবে গণ্য হবে। এ অপরাধের জন্য তাকে সর্বোচ্চ ১০ বছরের কারাদণ্ড বা সর্বোচ্চ ১০ লাখ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডিত করা হবে। এ ছাড়া কোনো ব্যক্তি জাদুঘরের কোনো অস্থাবর নিদর্শন চুরি, পাচার, ধ্বংস, বিনষ্ট, পরিবর্তন বা ক্ষতিসাধন করলে তাকে সর্বোচ্চ পাঁচ বছরের কারাদণ্ড বা সর্বোচ্চ পাঁচ লাখ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডিত করা হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৮.২০২৬ রিহাব)

## মিরপুরে আওয়ামী লীগ ও অঙ্গ সংগঠনের দুই নেতাকর্মী গ্রেফতার

রাজধানীর মিরপুর মডেল থানা এলাকায় অভিযান চালিয়ে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ ও এর অঙ্গ সংগঠনের দুই নেতাকর্মীকে গ্রেফতার করেছে পুলিশ। গ্রেফতার ব্যক্তিরা হলেন- আওয়ামী লীগের বন ও পরিবেশ বিষয়ক কেন্দ্রীয় উপ-কমিটির সহ-সম্পাদক মো. জহির হাওলাদার (৫৪) ও অঙ্গ সংগঠনের কর্মী মো. ইবনে আল সেলিম (৩২)। বৃহস্পতিবার (১৩ আগস্ট) ডিএমপির মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশন্স বিভাগের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার নিয়াজ মেহেদী এ তথ্য জানান। নিয়াজ মেহেদী বলেন, গতকাল বুধবার রাতে মিরপুর মডেল থানার শাহআলীবাগ এলাকা থেকে জহির হাওলাদারকে গ্রেফতার করা হয়। একই রাতে লাভ রোড এলাকায় অভিযান চালিয়ে ইবনে আল সেলিমকে গ্রেফতার করে পুলিশ। গ্রেফতার ব্যক্তিদের আদালতে পাঠানো হয়েছে বলেও জানান নিয়াজ মেহেদী। (জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৮.২০২৬ রিহাব)

## আটক ব্যক্তির কাছ থেকে টাকা আদায়, এএসপি তৌফিকুল বাধ্যতামূলক অবসরে

বিভিন্ন অনিয়ম, এখতিয়ারবহির্ভূত অভিযান, উৎকোচ দাবি, আটক ব্যক্তির কাছ থেকে টাকা আদায় এবং অসদাচরণের অভিযোগ প্রমাণিত হওয়ায় সহকারী পুলিশ সুপার (এএসপি) মোহাম্মদ তৌফিকুল ইসলামকে চাকরি থেকে বাধ্যতামূলক অবসর দেওয়া হয়েছে। তিনি বর্তমানে বগুড়া ৪-এপিবিএনে কর্মরত রয়েছেন। গতকাল বুধবার (১২ আগস্ট) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মনজুর মোরশেদ চৌধুরী স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে বাধ্যতামূলক অবসরের আদেশ জারি করা হয়। প্রজ্ঞাপনে বলা হয়, এএসপি তৌফিকুল ইসলাম রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের এপিবিএন ক্যাম্পের ইনচার্জ হিসেবে দায়িত্ব পালনকালে একাধিক গুরুতর অনিয়মে জড়িয়েছেন। অভিযোগের মধ্যে রয়েছে, ২০২২ সালের ২৫ অক্টোবর কর্তৃপক্ষের অনুমতি ছাড়া ক্যাম্প ত্যাগ করে রাজশাহীর বাগমারা উপজেলার মাদারীগঞ্জ বাজারে গিয়ে সাদা পোশাকে 'তুষার টেলিকম' নামে একটি মোবাইল ফোনের দোকানে অভিযান পরিচালনা। ওই অভিযানে ১১টি ভারতীয় মোবাইল ফোন জব্দ করে বাগমারা থানার এক এসআইয়ের কাছে হস্তান্তর করা হয়। এর পরদিন ২৬ অক্টোবর রাতে রাজশাহীর বাঘা উপজেলার সরেরহাট গ্রামের সোহাগ আহমেদের বাড়িতে সাদা পোশাকে অভিযান ও তল্লাশি চালানোর অভিযোগ ওঠে তৌফিকুল ইসলামের বিরুদ্ধে। সেখানে সোহাগ আহমেদ ও তার মাকে ভয়ভীতি দেখিয়ে এক লাখ টাকা উৎকোচ দাবি এবং টাকা না দেওয়ায় সোহাগ ও স্থানীয় ইউপি সদস্য কালাম সরকারকে আটকের অভিযোগ করা হয়।অভিযোগপত্রে বলা হয়, পরে সোহাগ আহমেদকে সঙ্গে নিয়ে বাঘা বাজারের ডাচ-বাংলা ব্যাংকের এটিএম বুথ থেকে তার মায়ের কার্ড ব্যবহার করে ২০ হাজার টাকা উত্তোলন করা হয়। অবশিষ্ট টাকা আদায়ের জন্য এটিএম কার্ডটি নিজের কাছে রেখে দেওয়া হয় বলেও অভিযোগে উল্লেখ করা হয়েছে। এ ঘটনায় পরে তৌফিকুল ইসলাম ও তার সঙ্গে থাকা এক এসআই স্থানীয় লোকজনের হাতে 'ভুয়া পুলিশ' হিসেবে ঘেরাও হন। খবর পেয়ে বাঘা থানা-পুলিশ ঘটনাস্থলে গিয়ে তাদের উদ্ধার করে। একই ঘটনায় সাক্ষ্য দেওয়ার জন্য সোহাগ আহমেদের মাকে মোবাইল ফোনে চাপ ও হুমকি দেওয়ার অভিযোগও তদন্তে উঠে আসে। এছাড়া ২০২২ সালের নভেম্বরে 'সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন' প্রশিক্ষণে অংশ নিতে গিয়ে তিনি কোর্স অসমাপ্ত রেখে কর্মস্থলে ফিরে আসেন বলে নথিতে উল্লেখ করা হয়েছে। চিকিৎসাজনিত কারণে বিশ্রামে থাকার সময়ও কর্তৃপক্ষের অনুমতি ছাড়া সাদা পোশাকে অভিযান পরিচালনার অভিযোগ রয়েছে তার বিরুদ্ধে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৮.২০২৬ রিহাব)

## তথ্য ও সম্প্রচার মন্ত্রীর সঙ্গে জাতিসংঘের স্থায়ী প্রতিনিধি আইরিন খানের সাক্ষাৎ

আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশের ইতিবাচক ভাবমূর্তি তুলে ধরা এবং বিশ্বপরিমণ্ডলে দেশের অবস্থান ও অর্জন যথাযথভাবে উপস্থাপনের ওপর গুরুত্বারোপ করেছেন তথ্য ও সম্প্রচার মন্ত্রী জহির উদ্দিন স্বপন এমপি এবং জাতিসংঘে বাংলাদেশের মনোনীত স্থায়ী প্রতিনিধি ও রাষ্ট্রদূত ড. আইরিন জুবাইদা খান। বৃহস্পতিবার (১৩ আগস্ট) সচিবালয়ে তথ্য ও সম্প্রচার মন্ত্রীর নিজ দপ্তরে সৌজন্য সাক্ষাতে এসব বিষয়ে মতবিনিময় করেন তারা। সাক্ষাৎকালে বহির্বিশ্বে বাংলাদেশের ইতিবাচক ভাবমূর্তি তুলে ধরা এবং আন্তর্জাতিক পরিমণ্ডলে দেশের অবস্থান ও অর্জনগুলো যথাযথভাবে উপস্থাপনের ওপর গুরুত্বারোপ করা হয়। আসন্ন জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনে প্রধানমন্ত্রী তারেক রহমানের যোগদান উপলক্ষ্যে আন্তর্জাতিক গণমাধ্যমে বাংলাদেশের কার্যক্রম ও প্রধানমন্ত্রীর বিভিন্ন কর্মসূচি যথাযথভাবে তুলে ধরার বিষয়টি আলোচনায় স্থান পায়। এ সময় প্রধানমন্ত্রীর সফরের মিডিয়া ব্যবস্থাপনা, আন্তর্জাতিক গণমাধ্যমে বাংলাদেশের অবস্থান ও অগ্রাধিকারসমূহ তুলে ধরা এবং বাংলাদেশের ইতিবাচক ভাবমূর্তি বিশ্ববাসীর কাছে উপস্থাপনের বিভিন্ন দিক নিয়ে মতবিনিময় করা হয়। ড. আইরিন খান বহির্বিশ্বে বাংলাদেশের ইতিবাচক ভাবমূর্তি তুলে ধরার ক্ষেত্রে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সহযোগিতা কামনা করেন। এ বিষয়ে তথ্য ও সম্প্রচার মন্ত্রী প্রয়োজনীয় সহযোগিতার আশ্বাস দেন। সাক্ষাৎকালে উভয়েই সামাজিক যোগাযোগ মাধ্যমসহ বিভিন্ন ডিজিটাল প্ল্যাটফর্মে অপপ্রচার

ও বিভ্রান্তিকর তথ্য ছড়িয়ে পড়াকে বড়ো চ্যালেঞ্জ ও উদ্বেগের বিষয় হিসেবে চিহ্নিত করেন। এ ধরনের অপপ্রচার মোকাবিলায় কার্যকর যোগাযোগ কৌশল, দ্রুত তথ্যপ্রবাহ নিশ্চিত করা, সঠিক তথ্য তুলে ধরা এবং ডিজিটাল প্ল্যাটফর্মে বাংলাদেশের অবস্থান শক্তিশালী করতে করণীয় নিয়েও বিস্তারিত আলোচনা হয়। তথ্য ও সম্প্রচার মন্ত্রী এ বিষয়ে তথ্য মন্ত্রণালয়ের গৃহীত কার্যক্রমসমূহ তুলে ধরেন। তিনি অপতথ্য ও বিভ্রান্তিকর তথ্যের কার্যকর মোকাবিলায় সরকার, গণমাধ্যম এবং সংশ্লিষ্ট সব পক্ষকে সমন্বিতভাবে কাজ করার উপর গুরুত্বারোপ করেন। এ সময় পররাষ্ট্র মন্ত্রণালয় ও তথ্য মন্ত্রণালয়ের কর্মকর্তারা উপস্থিত ছিলেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৮.২০২৬ রিহাব)

## উচ্চশিক্ষার স্বপ্নপূরণে মেধাবী তরুণ নাজমুলের পাশে প্রধানমন্ত্রী

সুইডেনের একটি বিশ্ববিদ্যালয়ে উচ্চশিক্ষার জন্য পূর্ণ বৃত্তি অর্জন করেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) প্রাণরসায়ন ও অনুপ্রাণবিজ্ঞান বিভাগের মাস্টার্স (থিসিস) পর্যায়ের শিক্ষার্থী মো. নাজমুল হাসান। কিন্তু বিদেশযাত্রা, প্রাথমিক আবাসনসহ প্রয়োজনীয় ব্যয় বহন করা নিয়ে বিপাকে পড়েন তিনি। এমন অবস্থায় আশার আলো হয়ে দেখা দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। উচ্চশিক্ষার স্বপ্ন বাস্তবায়নে নাজমুলকে অনুদান দিয়েছেন তিনি। বৃহস্পতিবার (১৩ আগস্ট) প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করেন মো. নাজমুল হাসান। তার উচ্চশিক্ষার স্বপ্ন বাস্তবায়নে প্রধানমন্ত্রীর পক্ষ থেকে তাকে অনুদান দেওয়া হয়। এই সহায়তা শুধু আর্থিক সহযোগিতা নয়, এটি একজন তরুণের স্বপ্ন ও মেধার প্রতি আস্থার প্রতিফলন। নাজমুল হাসান রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) প্রাণরসায়ন ও অনুপ্রাণবিজ্ঞান বিভাগের মাস্টার্স (থিসিস) পর্যায়ের শিক্ষার্থী। তিনি ২০১৯-২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থী। পাশাপাশি তিনি রাজশাহী বিশ্ববিদ্যালয় ছাত্রদলের সহ-মানবাধিকারবিষয়ক সম্পাদক। সম্প্রতি তিনি সুইডেনের শেভদে বিশ্ববিদ্যালয় থেকে উচ্চশিক্ষার জন্য পূর্ণ বৃত্তি অর্জন করেন। কিন্তু বিদেশযাত্রা, প্রাথমিক আবাসনসহ প্রয়োজনীয় ব্যয় বহন করা তার পরিবারের জন্য কঠিন ছিল। সেই সংকটের সময়ে প্রধানমন্ত্রীর এই সহযোগিতা তার স্বপ্নযাত্রায় নতুন আশার সঞ্চার করেছে। বগুড়ার শেরপুর উপজেলার খামারকান্দি গ্রামের একটি দরিদ্র পরিবারের সন্তান নাজমুল। সেখান থেকে আন্তর্জাতিক উচ্চশিক্ষার দ্বারপ্রান্তে পৌঁছেছেন তিনি। তার এই পথচলা হাজারো স্বপ্নবান তরুণের জন্য অনুপ্রেরণা হয়ে উঠবে। প্রধানমন্ত্রীর সহকারী প্রেস সচিব কেএম নাজমুল হক খান এ তথ্য জানান। (জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৮.২০২৬ রিহাব)

## ‘গরিবের টেসলার’ কারণে মধ্যরাতেও রেকর্ড পরিমাণ বিদ্যুৎ চাহিদা থাকছে

ব্যাটারিচালিত অটোরিকশা বা ‘গরিবের টেসলার’ কারণে মধ্যরাতেও রেকর্ড পরিমাণ বিদ্যুতের চাহিদা থাকছে বলে জানিয়েছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকু। বৃহস্পতিবার (১৩ আগস্ট) ‘বাংলাদেশের জ্বালানি সংকট মোকাবিলা: তাৎক্ষণিক অগ্রাধিকার এবং টেকসই জ্বালানি ভবিষ্যতের পথ’ শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ তথ্য জানান। সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) আয়োজিত অনুষ্ঠানে ভার্চুয়ালি যুক্ত হয়ে মন্ত্রী বলেন, ব্যাটারিচালিত রিকশার মাত্রাতিরিক্ত ব্যবহারের কারণে বিদ্যুৎ ব্যবহারের ধরন বদলে গেছে। রাত ১২টার পরও চাহিদা থাকছে প্রায় ১৮ হাজার মেগাওয়াট, যা অত্যন্ত অস্বাভাবিক। সিংহভাগ রিকশাই অবৈধ সংযোগে চার্জ হচ্ছে। ‘আগে আমাদের পিক আওয়ার ছিল সন্ধ্যা থেকে রাত ১২টা পর্যন্ত, তারপর চাহিদা কমে যেত। এখন রাত ১২টাতেও বিদ্যুতের চাহিদা থাকে প্রায় ১৮ হাজার মেগাওয়াট। এটা কোনোদিনও হওয়ার কথা না। সারাদিন চলার পর বিশাল পরিমাণ ব্যাটারিচালিত রিকশা রাতে একযোগে চার্জে বসানো হয়, যার ফলেই এই গ্রিডে চাপ তৈরি হচ্ছে,’ যোগ করেন মন্ত্রী। তার ভাষ্য, ‘যেসব সংযোগ দিয়ে এসব যানবাহন চার্জ দেওয়া হচ্ছে, তার সিংহভাগই অবৈধ সংযোগ। আমরা এসব অননুমোদিত সংযোগ চিহ্নিত করে বিচ্ছিন্ন করার কড়া পদক্ষেপ নিচ্ছি। তবে অনেক ক্ষেত্রে এসব অবৈধ সংযোগ কাটতে গিয়ে বিদ্যুৎ বিভাগের কর্মকর্তা-কর্মচারীদের বাধার মুখে পড়তে হচ্ছে এবং আক্রমণের শিকার হতে হচ্ছে।’ বর্তমানে কারিগরি ত্রুটির কারণে সৃষ্ট গ্যাস ও বিদ্যুৎ সংকট মোকাবিলায় সরকার আন্তরিকভাবে কাজ করছে উল্লেখ করে ইকবাল হাসান মাহমুদ টুকু বলেন, ‘শিল্পখাত ও বিদ্যুতের চাহিদা মেটাতে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হচ্ছে। আগামী ২০২৯ সালের মধ্যে দেশে আরও নতুন এফএসআরইউ (ভাসমান এলএনজি টার্মিনাল) স্থাপন এবং অভ্যন্তরীণ গ্যাস অনুসন্ধান বাড়াতে সরকার দীর্ঘমেয়াদি পরিকল্পনা নিয়ে এগোচ্ছে। বর্তমান সংকট সাময়িক এবং সরকার যুদ্ধকালীন তৎপরতার মতো পরিস্থিতি কাটিয়ে ওঠার চেষ্টা চালিয়ে যাচ্ছে।’ মন্ত্রী বলেন, ‘আওয়ামী শাসন আমলে অনুসন্ধান না করে শুধু আমদানির ওপর ভিত্তি করে দেশটাকে একটা জায়গায় নিয়ে আসা হয়েছে। আবার আমদানির জন্য হলেও যদি অবকাঠামো তৈরি ঠিকমতো করতো, দুটি এফএসআরইউর জায়গায় যদি চারটি বসাতো, তাহলে আমি মনে করি যে আজকের এই সমস্যাটা আমাদের দেখতে হতো না। আমেরিকা থেকে একটা বড় দল আসছে বিনিয়োগ করার জন্য, তারা এফএসআরইউতে বিনিয়োগ করতে চায়। তাদের আমরা অনুরোধ করেছি, দ্রুত আমাদের কাছে যেন আগ্রহ সম্পর্কে চিঠি দেয়।’
(জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৮.২০২৬ রিহাব)

## সচিবালয়ে বিএনপির কোনো বৈঠক হয়নি: গয়েশ্বর

সচিবালয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে বৈঠক করে রাষ্ট্রপতি পদে বিএনপির প্রার্থী ঘোষণা করা হয়েছে- এমন অভিযোগ এনেছে জামায়াতে ইসলামী। এ অভিযোগের জবাবে বিএনপির পক্ষ থেকে বলা হয়েছে, প্রধানমন্ত্রী নেতাদের ডেকে রাষ্ট্রপতি মনোনয়নের সিদ্ধান্ত জানিয়েছেন, সেখানে কোনো বৈঠক হয়নি। বিএনপির স্থায়ী কমিটির সদস্য গয়েশ্বর চন্দ্র

রায় বলেন, আজ কোনো বৈঠক ছিল না। যেহেতু তিনি (তারেক রহমান) প্রধানমন্ত্রী ও দলীয় চেয়ারম্যান, ওনাকে আমরা দায়িত্ব দিয়েছিলাম- আমাদের ডেকে সিদ্ধান্ত জানিয়েছেন। সেখানে কোনো বৈঠক হয়নি। বৃহস্পতিবার (১৩ আগস্ট) নির্বাচন কমিশন ভবনে রাষ্ট্রপতি নির্বাচনে বিএনপির প্রার্থীর মনোনয়ন জমা শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এসব কথা বলেন তিনি। এদিন প্রধান নির্বাচন কমিশনারের (সিইসি) কাছে বিএনপির প্রার্থী মির্জা ফখরুল ইসলাম আলমগীরের মনোনয়নপত্র জমা দেওয়া হয়। মনোনয়নপত্রের প্রস্তাবক বিএনপির স্থায়ী কমিটির সদস্য আবদুল মঈন খান ও সমর্থক গয়েশ্বর চন্দ্র রায়। এর আগে, দুপুর ২টার পর বিএনপির স্থায়ী কমিটির সদস্য আবদুল মঈন খানের নেতৃত্বে প্রতিনিধি দল ইসিতে আসে। দুপুর ২টা ২৪ মিনিটে রাষ্ট্রপতি নির্বাচনে দলীয় প্রার্থীর মনোনয়নপত্র জমা দেন তারা। (জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৮.২০২৬ রিহাব)

## রিমান্ড শেষে কারাগারে সাবেক যুগ্ম সচিব জগলুল পাশা

সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার গুলশানের বাসার সামনে বালুভর্তি ট্রাক দিয়ে রাস্তা অবরোধ, সমাবেশে যেতে বাধা এবং পেপার স্প্রে ব্যবহারের অভিযোগে দায়ের করা মামলায় রিমান্ড শেষে সাবেক যুগ্ম সচিব সৈয়দ জগলুল পাশাকে কারাগারে পাঠিয়েছেন আদালত। বৃহস্পতিবার (১৩ আগস্ট) ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট রিপন হোসেন এ আদেশ দেন। বিষয়টি নিশ্চিত করেছেন ঢাকা মহানগর পুলিশের প্রসিকিউশন বিভাগের উপপরিদর্শক (এসআই) মোক্তার হোসেন। রিমান্ডের মেয়াদ শেষে বৃহস্পতিবার জগলুল পাশাকে আদালতে হাজির করেন মামলার তদন্ত কর্মকর্তা ডিবি পুলিশের গুলশান জোনাল টিমের পরিদর্শক আনোয়ার হোসেন। তদন্ত কর্মকর্তা তাকে কারাগারে আটক রাখার আবেদন করেন। এ সময় আসামিপক্ষের আইনজীবী অ্যাডভোকেট আবুল কালাম আজাদ জামিন আবেদন করেন এবং আবেদনের ওপর রোববার শুনানির আরজি জানান। পরে আদালত জগলুল পাশাকে কারাগারে পাঠিয়ে জামিন আবেদনের শুনানির জন্য আগামী রোববার দিন নির্ধারণ করেন। গত ৪ আগস্ট দিবাগত রাত দেড়টার দিকে রাজধানীর বসুন্ধরা আবাসিক এলাকার একটি বাসা থেকে জগলুল পাশাকে গ্রেপ্তার করে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। পরদিন তাকে আদালতে হাজির করে মামলার তদন্ত কর্মকর্তা ১০ দিনের রিমান্ড আবেদন করেন। আদালত সেদিন তাকে কারাগারে পাঠিয়ে রিমান্ড আবেদনের শুনানির জন্য পরবর্তী দিন নির্ধারণ করেন। পরে শুনানি শেষে আদালত জগলুল পাশার সাত দিনের রিমান্ড মঞ্জুর করেন। সেই রিমান্ড শেষে বৃহস্পতিবার তাকে আবার আদালতে হাজির করা হলে কারাগারে পাঠানোর আদেশ দেওয়া হয়। মামলার এজাহার অনুযায়ী, ২০১৩ সালের ২৮ ডিসেম্বর জগলুল পাশাসহ এজাহারভুক্ত ১১১ জন এবং অজ্ঞাতপরিচয় আরও ২৫০ থেকে ৩০০ জন গুলশানে সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার বাসার সামনে অবস্থান নেন। অভিযোগে বলা হয়, তারা সেখানে বিএনপি ও এর অঙ্গসংগঠনের নেতাকর্মীদের মারধর করেন এবং বিভিন্ন কার্যক্রমের মাধ্যমে সড়কে প্রতিবন্ধকতা তৈরি করেন। খালেদা জিয়া যাতে নির্ধারিত সমাবেশে অংশ নিতে না পারেন, সে লক্ষ্যেই ওই পরিস্থিতি সৃষ্টি করা হয়েছিল বলে মামলায় উল্লেখ করা হয়। পরদিন, অর্থাৎ ২০১৩ সালের ২৯ ডিসেম্বর সকাল ৯টার দিকে খালেদা জিয়া সফরসঙ্গীদের নিয়ে সমাবেশে যাওয়ার প্রস্তুতি নিলে রাস্তায় বালুভর্তি ট্রাকসহ বিভিন্ন যানবাহন রেখে ব্যারিকেড দেওয়া হয় বলে অভিযোগ। এ সময় তাকে বের হতে বাধা দেওয়া হয় এবং নিষিদ্ধ পেপার স্প্রে ব্যবহারের ঘটনাও ঘটে বলে মামলায় অভিযোগ করা হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৮.২০২৬ রিহাব)

# রেডিও টুডে

## বাংলাদেশে আল-কায়েদার সেল প্রতিষ্ঠার চেষ্টা, জাতিসংঘের প্রতিবেদনে উদ্বেগ

আফগানিস্তানে আল-কায়েদার অবস্থান ও শক্তি এখনও অপরিবর্তিত আছে। এর ভারতীয় উপমহাদেশের শাখা 'একিউআইএস' একটি খণ্ডিত গোষ্ঠী থেকে আঞ্চলিক সংগঠনে পরিণত হয়েছে। তারা বৃহৎ ইউনিটের পরিবর্তে ছোট বা বিচ্ছিন্ন সেল গঠন করে রসদ সরবরাহ ও আর্থিক নেটওয়ার্ক গড়ে তুলেছে।বাংলাদেশেও তাদের সেল প্রতিষ্ঠার চেষ্টা নিয়ে উদ্বেগ প্রকাশ করেছে জাতিসংঘ। সংস্থাটির নিরাপত্তা পরিষদের 'অ্যানালিটিক্যাল সাপোর্ট অ্যান্ড স্যাংশনস মনিটরিং টিম'এর এক প্রতিবেদনে ওই উদ্বেগ প্রকাশ করা হয়েছে। প্রতিবেদনটি প্রকাশ হয়েছে ১০ আগস্ট। সদস্য রাষ্ট্রগুলোর মূল্যায়নের ভিত্তিতে ২০২৫ সালের ১৬ ডিসেম্বর থেকে চলতি বছরের ৯ জুন পর্যন্ত সময়কার পরিস্থিতি তুলে ধরা হয়েছে। প্রতিবেদনে আল-কায়েদা ইন্ডিয়ান সাবকন্টিনেন্ট এর কর্মকাণ্ডের একটি উদাহরণ হিসেবে দিল্লির লাল কেল্লায় হামলার কথা বলা হয়েছে। গত বছরের নভেম্বরের ওই হামলার জন্য আনুষ্ঠানিকভাবে সংগঠনটিকে দায়ী করা হয়। এ প্রসঙ্গে বর্ণনার এক পর্যায়ে বাংলাদেশেও একিউআইএস-এর সেল বা ছোট সাংগঠনিক ইউনিট প্রতিষ্ঠার চেষ্টা নিয়ে উদ্বেগ প্রকাশ করা হয়েছে। বলা হয়েছে, সংগঠনটি বাংলাদেশকে নিজেদের স্বার্থে ব্যবহারের চেষ্টা করছে।একিউআইএস এখনও নিষেধাজ্ঞার তালিকাভুক্ত নয় বলে উল্লেখ করেছে স্যাংশনস মনিটরিং টিম। তারা লিখেছে, একিউআইএস 'ইত্তিহাদ-উল-মুজাহিদিন পাকিস্তান' বা আইএমপি-এর মূল ভিত্তি হিসেবে কাজ করেছে। এই গোষ্ঠীটি বেশ কয়েকটি হামলার জন্য দায়ী। এর মধ্যে গত ৯ মে'র একটি ঘটনা অন্যতম। সেদিন পাকিস্তানের খাইবার পাখতুনখাওয়া প্রদেশের বান্নুতে একটি নিরাপত্তা চৌকির কাছে আত্মঘাতী বোমা হামলা ও বিস্ফোরকভর্তি যান বিস্ফোরণ হয়। এতে নিহত হন ২১ জন। প্রতিবেদন অনুযায়ী, একিউআইএস-এর শীর্ষ নেতৃত্ব আফগানিস্তানের কাবুলে অবস্থান

করছে। তাদের তাজকিরা  দেওয়া হয়েছে। এটি ইঙ্গিত দেয়, তালেবান ও একিউআইএস-এর মধ্যে সহযোগিতার ঘনিষ্ঠ সম্পর্ক আছে।মধ্য ও দক্ষিণ এশিয়ার পরিস্থিতি সম্পর্কে প্রতিবেদনে বলা হয়েছে, সীমান্ত অতিক্রম করে পাকিস্তান ও আফগানিস্তানের মধ্যে হামলা অব্যাহত থাকায় দক্ষিণ এশিয়ায় আঞ্চলিক উত্তেজনা বহাল আছে। তালেবান সরকার 'তেহরিক-ই-তালেবান পাকিস্তান' বা টিটিপিকে সমর্থন দেওয়া অব্যাহত রেখেছে। কিন্তু প্রকাশ্যে কোনো সন্ত্রাসী গোষ্ঠীকে আশ্রয় দেওয়ার কথা অস্বীকার করে আসছে। সদস্য রাষ্ট্রগুলোর উদ্বেগ, এই সংঘাত সন্ত্রাসী গোষ্ঠীগুলোর জন্য নতুন সুযোগ তৈরি করতে পারে। যা এই অঞ্চলে অতিরিক্ত নিরাপত্তা চ্যালেঞ্জ তৈরি করবে।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৩.০৮.২০২৬ আসাদ)

## পুলিশ নিয়োগ কার্যক্রমে শতভাগ স্বচ্ছতা বজায় রাখা হয়েছে

ত্রয়োদশ জাতীয় সংসদের স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির প্রথম বৈঠক অনুষ্ঠিত হয়েছে। বৈঠকে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পক্ষ থেকে জানানো হয়, কোনো ধরনের রাজনৈতিক প্রভাব বা দলীয়করণ না করে নিরপেক্ষভাবে গত ছয় মাসে পুলিশ নিয়োগ কার্যক্রমে শতভাগ স্বচ্ছতা বজায় রাখা হয়েছে। বৃহস্পতিবার জাতীয় সংসদ সচিবালয়ে কমিটির সভাপতি জয়নুল আবেদীনের সভাপতিত্বে এ সভা অনুষ্ঠিত হয়। পরে প্রতিমন্ত্রী মীর শাহে আলমের ভেরিফায়েড ফেসবুক পেজ থেকে করা এক পোস্টে এ তথ্য জানানো হয়। এছাড়া মাদক নির্মূলে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পক্ষ থেকে এরই মধ্যে মোবাইলকোর্ট পরিচালনা, ট্রাইব্যুনাল ও এখতিয়ারসম্পন্ন আদালত গঠনসহ বেশ কিছু কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হয়েছে বলেও বৈঠকে জানানো হয়। এরপর দেশের সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি ও জননিরাপত্তা নিশ্চিতকরণে গৃহীত কার্যক্রম পর্যালোচনা করা হয় এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সার্বিক কার্যক্রম প্রেজেন্টেশনের মাধ্যমে কমিটির সামনে উপস্থাপন করা হয়। সভায় স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও এর আওতাধীন সংস্থাসমূহের ২০২৬-২৭ অর্থবছরের বাজেট খাতওয়ারী বিভাজন ও ব্যয় পরিকল্পনা এবং ২০২৭ সালের ৩০ জুন পর্যন্ত সমাপ্য অর্থবছরের জন্য মন্ত্রণালয়ের অধীন সব সংস্থার খাতওয়ারী বাজেট ও ব্যয় বিভাজন সংক্রান্ত বিস্তারিত তথ্য কমিটির সামনে উপস্থাপন করা হয়। বৈঠকে ২০২৬-২৭ অর্থবছরের বাজেট উপস্থাপনকালে জানানো হয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মোট প্রস্তাবিত বাজেট ৩১ হাজার ৯৯ কোটি টাকা। এর মধ্যে পরিচালন বাজেট ২৮ হাজার ৬৩৮ কোটি ৭৯ লাখ টাকা এবং উন্নয়ন বাজেট ২ হাজার ৪৬০ কোটি ২১ লাখ টাকা। বৈঠকে দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি আরও উন্নত করা, জননিরাপত্তা নিশ্চিত করা, মাদক নির্মূল এবং অপরাধ দমনে সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সংস্থাসমূহকে আরও কার্যকর ভূমিকা পালনের আহ্বান জানানো হয়। একইসঙ্গে এসব কার্যক্রমে সংসদীয় স্থায়ী কমিটির পক্ষ থেকে প্রয়োজনীয় সহযোগিতা ও কার্যকর তদারকি অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ করা হয়। এর আগে বৈঠকের শুরুতে পরিচিতি পর্ব অনুষ্ঠিত হয়। বৈঠকে মাদক ও জুয়াকে দেশের অন্যতম প্রধান সমস্যা হিসেবে চিহ্নিত করে এগুলো নির্মূলে কার্যকর পদক্ষেপ গ্রহণের ওপর গুরুত্বারোপ করা হয়।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৩.০৮.২০২৬ আসাদ)

## বে টার্মিনাল'নির্মাণের প্রস্তাব দিয়েছে সিঙ্গাপুরঃ শামা ওবায়েদ

পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম জানিয়েছেন, সিঙ্গাপুর সরকার চট্টগ্রাম বন্দরে একটি 'বে টার্মিনাল' নির্মাণের প্রস্তাব দিয়েছে, যা নিয়ে প্রাথমিক আলোচনা হয়েছে। বৃহস্পতিবার  পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি এ কথা বলেন। সিঙ্গাপুর সফর শেষে ঢাকায় ফিরে শামা ওবায়েদ সাংবাদিকদের জানান, সিঙ্গাপুরে আরও বেশি দক্ষ জনশক্তি রফতানি, বাণিজ্য ঘাটতি কমানো এবং বড় প্রকল্পে বিনিয়োগের বিষয়ে ফলপ্রসূ আলোচনা হয়েছে। তিনি জানান, সিঙ্গাপুরে বর্তমানে প্রায় দেড় থেকে দুই লাখ বাংলাদেশি বিভিন্ন পেশায় কর্মরত আছেন। দেশটিতে আগামীতে আরও বেশি 'দক্ষ জনশক্তি' রপ্তানির বিষয়ে সিঙ্গাপুরের শ্রমমন্ত্রীর সঙ্গে তার একটি গুরুত্বপূর্ণ বৈঠক অনুষ্ঠিত হয়েছে। এছাড়া সিঙ্গাপুরের পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠকে দুই দেশের বাণিজ্য ঘাটতি কমিয়ে বাংলাদেশ থেকে কীভাবে রফতানি বাড়ানো যায়, তা নিয়ে বিস্তারিত আলোচনা হয়েছে।  তিনি জানান, দীর্ঘদিনের শক্তিশালী সম্পর্কের ধারাবাহিকতায় সিঙ্গাপুর সরকার চট্টগ্রাম বন্দরে একটি 'বে টার্মিনাল' নির্মাণের প্রস্তাব দিয়েছে, যা নিয়ে প্রাথমিক আলোচনা হয়েছে। পাশাপাশি, তিনি সিঙ্গাপুরে বর্জ্য থেকে জ্বালানি উৎপাদনকারী একটি আধুনিক প্রকল্পও পরিদর্শন করেন। অপর এক প্রশ্নের জবাবে তিনি বলেন, সম্প্রতি জাপানের জ্যেষ্ঠ উপমন্ত্রীর উপস্থিতিতে বাংলাদেশের একটি 'ফরেন অফিস কনসালটেশন' সম্পন্ন হয়েছে। জাপান বর্তমানে বাংলাদেশের অন্যতম বৃহৎ উন্নয়ন সহযোগী রাষ্ট্র। শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের থার্ড টার্মিনাল এবং মাতারবাড়ী প্রকল্পসহ বেশ কয়েকটি বড় মেগা প্রজেক্টে জাপানের সম্পৃক্ততা রয়েছে। তিনি সাংবাদিকদের জানান, জাপানের প্রধানমন্ত্রী বাংলাদেশের প্রধানমন্ত্রীকে সফরের আমন্ত্রণ জানিয়েছেন। একইভাবে বাংলাদেশ সরকারের পক্ষ থেকেও জাপানের প্রধানমন্ত্রীকে ঢাকা সফরের আমন্ত্রণ জানানো হয়েছে। (রেডিও টুডে ওয়েব পেজ:১৩.০৮.২০২৬ আসাদ)

## মার্কিন বিনিয়োগ বৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টিতে আলোচনা ফলপ্রসূ: মাহদী আমিন

প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে ইউএস-বাংলাদেশ বিজনেস কাউন্সিলের ৫০ সদস্যের একটি প্রতিনিধিদলের বৈঠক হয়েছে। বৃহস্পতিবার সকাল সাড়ে ৯টায় সচিবালয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে এ বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠক শেষে প্রধানমন্ত্রীর উপদেষ্টা ও তার কার্যালয়ের মুখপাত্র মাহদী আমিন সাংবাদিকদের বলেন, অত্যন্ত ফলপ্রসূ ও কার্যকরী আলোচনা হয়েছে। আমেরিকার বেসরকারি খাতের সহযোগিতায় বাংলাদেশে বিদেশি বিনিয়োগ বৃদ্ধি, নতুন কর্মসংস্থান

সৃষ্টি এবং অর্থনৈতিক অগ্রযাত্রাকে বেগবান করার লক্ষ্য নিয়ে মার্কিন প্রতিনিধিদলের সঙ্গে অত্যন্ত বিস্তারিত ও ইতিবাচক আলোচনা হয়েছে। বৈঠকে যুক্তরাষ্ট্রের শীর্ষ ২৫টি প্রতিষ্ঠানের প্রতিনিধি হিসেবে ৫০ জন ব্যবসায়ী ও নির্বাহী কর্মকর্তা অংশ নেন। মাহদী আমিন বলেন, আলোচনায় বাংলাদেশে মার্কিন বিনিয়োগ সম্প্রসারণ এবং দুই দেশের সুদীর্ঘ বাণিজ্য সম্পর্ককে আরও শক্ত ভিতের ওপর দাঁড় করানোর বিষয়গুলো গুরুত্ব পেয়েছে। সরকারের নির্বাচনী ইশতেহার ও বিভিন্ন নীতি বাস্তবায়নে যুক্তরাষ্ট্রের বেসরকারি খাত কীভাবে কার্যকর ভূমিকা রাখতে পারে, বৈঠকে সে বিষয়ে আলোচনা হয়। নতুন কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে অর্থনৈতিক প্রবৃদ্ধি ত্বরান্বিত করার ক্ষেত্রেও মার্কিন ব্যবসায়ীদের আগ্রহ প্রকাশ পেয়েছে। তিনি বলেন, আমেরিকার শীর্ষ ২৫টি ব্যবসা প্রতিষ্ঠানের প্রতিনিধিদের এই সফরের মাধ্যমে বাংলাদেশ-যুক্তরাষ্ট্র অর্থনৈতিক সম্পর্ক আরও দীর্ঘস্থায়ী হবে। প্রধানমন্ত্রীর সঙ্গে সফল বৈঠকের মাধ্যমে একটি স্বনির্ভর ও সমৃদ্ধ বাংলাদেশ গড়ার যে স্বপ্ন দেখা হচ্ছে, সেদিকে বাংলাদেশ আরও এক ধাপ এগিয়ে যাবে বলে তারা বিশ্বাস করেন। (রেডিও টুডে ওয়েব পেজ:১৩.০৮.২০২৬ আসাদ)

## সৌদি রুটে বাড়ছে ফ্লাইট, সপ্তাহে ৮৪টির অনুমোদন

বাংলাদেশ ও সৌদি আরবের মধ্যে আকাশপথে যোগাযোগ বাড়ছে। নতুন সমঝোতা স্মারকের  আওতায় দুই দেশের মনোনীত এয়ারলাইনগুলো এখন সপ্তাহে সর্বোচ্চ ৮৪টি যাত্রীবাহী ফ্লাইট পরিচালনা করতে পারবে। আগে এই সংখ্যা ছিল ৪৯। ফলে সপ্তাহে ৩৫টি অতিরিক্ত যাত্রীবাহী ফ্লাইট পরিচালনার সুযোগ তৈরি হয়েছে। একই সঙ্গে সপ্তাহে ২১টি কার্গো ফ্লাইট, পঞ্চম স্বাধীন ট্রাফিক অধিকার, কোড-শেয়ারিং, কো-টার্মিনালাইজেশন এবং লিজ নেওয়া উড়োজাহাজ পরিচালনার সুযোগ রাখা হয়েছে। এতে হজ ও ওমরাহযাত্রী, সৌদি আরবের প্রবাসী বাংলাদেশি এবং রপ্তানিকারকেরা উপকৃত হবেন বলে জানিয়েছে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ বেবিচক।বৃহস্পতিবার  বেবিচক সদর দপ্তরে সংবাদিকদের সঙ্গে মতবিনিময়ে এসব তথ্য জানান সংস্থাটির চেয়ারম্যান এয়ার ভাইস মার্শাল মো. মোস্তফা মাহমুদ সিদ্দিক। বেবিচক চেয়ারম্যান বলেন, নতুন সমঝোতার ফলে দুই দেশের এয়ারলাইনগুলো সপ্তাহে সর্বোচ্চ ৮৪টি যাত্রীবাহী ফ্লাইট পরিচালনা করতে পারবে। বাড়তি ফ্লাইটের কারণে হজ মৌসুমে অতিরিক্ত যাত্রী ও আসনসংকট মোকাবেলা সহজ হবে। প্রয়োজন অনুযায়ী এয়ারলাইনগুলোও ফ্লাইট বাড়াতে পারবে।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৩.০৮.২০২৬ আসাদ)

## তারেক রহমানের প্রতি আমার পারিবারিক টান রয়েছে: অলি আহমদ

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের সঙ্গে নিজের পারিবারিক ও দীর্ঘদিনের রাজনৈতিক সম্পর্কের কথা তুলে ধরেছেন লিবারেল ডেমোক্রেটিক পার্টি এলডিপির সভাপতি ও সাবেক মন্ত্রী কর্নেল (অব.) অলি আহমদ বীর বিক্রম। সাম্প্রতিক একটি বেসরকারি টেলিভিশনের বিশেষ সাক্ষাৎকারে তৎকালীন রাজনৈতিক ইতিহাস, ব্যক্তিগত স্মৃতি এবং দেশের বর্তমান প্রেক্ষাপট নিয়ে খোলামেলা কথা বলেন এই জ্যেষ্ঠ রাজনীতিবিদ। সাক্ষাৎকারে অলি আহমদ বলেন, প্রধানমন্ত্রী তারেক রহমান আমার বড় মেয়ের সঙ্গে লেখাপড়া করেছে। তা আমি আমার ছেলের বিরুদ্ধে এখন কোনো কথা বলতে চাই না। কারণ হৃদয়ের মধ্যে তার জন্য তো একটা টান রয়েছে। অলি আহমদ জানান, শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের শাহাদাতবরণের পর ছোট দুই সন্তান তারেক রহমান ও আরাফাত রহমান কোকোকে তিনি নিজের বুকে টেনে আগলে রেখেছিলেন এবং দাফন পর্যন্ত সমস্ত দায়িত্ব পালন করেছিলেন। একদম ছোটবেলা থেকেই তাদের চোখের সামনে বড় হতে দেখার কারণে হৃদয়ের গহীনে তাদের জন্য একটি বিশেষ মানবিক ও রাজনৈতিক টান রয়েছে বলে উল্লেখ করেন তিনি। তবে একই সঙ্গে রাজনৈতিক বিভিন্ন বিষয়ে ভুল সিদ্ধান্তের আশঙ্কায় তিনি তারেক রহমানকে সতর্কও করেছেন বলে জানান।তৎকালীন সেনাশাসক হুসেইন মুহম্মদ এরশাদের কঠোর শাসনের স্মৃতিচারণ করে বীর বিক্রম অলি আহমদ দাবি করেন, সে সময় বেগম খালেদা জিয়ার বাসভবনে তার নিজের বাবা বা ভাইদেরও প্রবেশাধিকার দেওয়া হতো না, কিন্তু তাকে বাধা দেওয়ার সাহস কারও ছিল না। সাক্ষাৎকারজুড়ে তিনি দেশের শাসনব্যবস্থাকে একটি নিয়মতান্ত্রিক ধারায় ফিরিয়ে আনার ওপর বিশেষ জোর দেন এবং তারেক রহমানের সর্বাঙ্গীন সাফল্য ও নিয়মতান্ত্রিক উপায়ে দেশ পরিচালনার প্রত্যাশা ব্যক্ত করেন।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৩.০৮.২০২৬ আসাদ)

## মালয়েশিয়ায় পুলিশের অভিযানে ৪৬০ বাংলাদেশি আটক

মালয়েশিয়ায় দুই দিনের দেশব্যাপী বিশেষ অভিযানে ৪৬০ বাংলাদেশিসহ ১ হাজার ৪৩ জন অনিবন্ধিত বিদেশি নাগরিককে আটক করেছে দেশটির অভিবাসন বিভাগ। আবাসিক এলাকা ও বিদেশিদের আনাগোনার স্থানগুলোতে পরিচালিত অভিযানে বিভিন্ন অভিবাসন আইন লঙ্ঘনের অভিযোগে তাদের আটক করা হয়। মালয়েশিয়ার অভিবাসন বিভাগের মহাপরিচালক দাতুক জাকারিয়া শাবান জানান, আটক ব্যক্তিদের মধ্যে ৮৮০ জন পুরুষ ও ১৬৩ জন নারী। তাদের বয়স ১৭ থেকে ৫৯ বছরের মধ্যে। তিনি বলেন, আটক বিদেশিদের মধ্যে সবচেয়ে বেশি বাংলাদেশি। মোট ৪৬০ বাংলাদেশির মধ্যে ৩৬৯ জন পুরুষ এবং ৯১ জন নারী। এ ছাড়া আটক হয়েছেন ৩২৮ জন ইন্দোনেশীয়, ১৮৬ জন মিয়ানমারের নাগরিক, ৫৫ জন ভারতীয় পুরুষ, ২২ জন নেপালি পুরুষ এবং বিভিন্ন দেশের আরো ১৪৩ জন নাগরিক। মঙ্গলবার রাতে সুংগাই চুয়া এলাকার একটি অ্যাপার্টমেন্ট কমপ্লেক্সে অভিযান শেষে সাংবাদিকদের এসব তথ্য জানান জাকারিয়া শাবান। তিনি জানান, জনসাধারণের অভিযোগ, অভিবাসন বিভাগের কাছে পাওয়া তথ্য এবং

গোয়েন্দা তৎপরতার ভিত্তিতে গত ১০ আগস্ট এই বিশেষ অভিযান শুরু করা হয়। অভিযানে মোট ৩ হাজার ৩০৭ জনকে জিজ্ঞাসাবাদ ও যাচাই করা হয়েছে।(রেডিও টুডে ওয়েব পেজ: ১৩.০৮.২০২৬ এলিনা)

## রাষ্ট্রপতি নির্বাচনে অলি আহমদের পক্ষে মনোনয়নপত্র জমা

রাষ্ট্রপতি পদে নির্বাচনে সংসদের প্রধান বিরোধীদল বাংলাদেশ জামায়াতে ইসলামীর নেতৃত্বাধীন ১১-দলীয় ঐক্যের প্রার্থী হিসেবে লিবারেল ডেমোক্রেটিক পার্টির (এলডিপি) চেয়ারম্যান কর্নেল (অব.) অলি আহমদের মনোনয়নপত্র জমা দেয়া হয়েছে। অলি আহমদের পক্ষে আজ (বৃহস্পতিবার, ১৩ আগস্ট) দুপুর ১২টার দিকে ১১–দলীয় ঐক্যের নেতারা প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) ও রাষ্ট্রপতি নির্বাচনের নির্বাচনি কর্তা এ এম এম নাসির উদ্দিনের কাছে মনোনয়নপত্র জমা দেন। জামায়াতের সহকারী সেক্রেটারি জেনারেল হামিদুর রহমান আযাদ ও জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী এই মনোনয়নপত্র সিইসির কাছে জমা দেন। এসময় ১১–দলীয় ঐক্যের কেন্দ্রীয় নেতারা এবং কয়েকজন সংসদ সদস্য উপস্থিত ছিলেন। অলি আহমদের মনোনয়নে প্রস্তাবক হিসেবে সই করেছেন জামায়াতের আমির ও বিরোধীদলীয় নেতা শফিকুর রহমান। সমর্থক হিসেবে সই করেছেন এনসিপির সংসদ সদস্য আবদুল্লাহ আল আমিন। ঘোষিত তফসিল অনুযায়ী, রাষ্ট্রপ্রতি নির্বাচনে মনোনয়নপত্র জমা দেয়ার সময় আজ সকাল ১০টা থেকে বিকেল ৪টা পর্যন্ত। মনোনয়নপত্র বাছাই ১৬ আগস্ট। মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন ১৮ আগস্ট। রাষ্ট্রপ্রতি নির্বাচনে ভোট হবে ২০ আগস্ট। রাষ্ট্রপতি নির্বাচনে ভোট গ্রহণের জন্য ২০ আগস্ট জাতীয় সংসদের বৈঠক ডাকা হয়েছে। রাষ্ট্রপতি নির্বাচনে ভোট গ্রহণ করা হয় জাতীয় সংসদ ভবনের সংসদকক্ষে। এ নির্বাচনে ভোটার সংসদ সদস্যরা। তাদের প্রকাশ্য ভোটে রাষ্ট্রপতি নির্বাচিত হন।(রেডিও টুডে ওয়েব পেজ: ১৩.০৮.২০২৬ এলিনা)

# BBC

## PUTIN CAN NO LONGER CLAIM VICTORY IN UKRAINE: NOBEL PEACE PRIZE WINNER TELLS

At the Moscow offices of newspaper Novaya Gazeta, the corridors are silent. There is an overwhelming sense of emptiness. "There is no newspaper anymore," former chief editor Dmitry Muratov tells me in an exclusive interviews, published on the BBC News YouTube channel. Mr Muratov co-founded Novaya Gazeta more than 30 years ago. It became the flagship for hard-hitting independent journalism in Russia, shining a light on human rights abuses and high-level corruption. In 2021 Mr Muratov was joint winner of the Nobel Peace Prize for his efforts "to safeguard freedom of expression." The Nobel Committee noted that "six of Novaya Gazeta's journalists have been killed, including Anna Politkovskaya who wrote revealing articles on the war in Chechnya." It was recognition for courageous reporting. But it didn't protect the paper. "Putin issued a decree and the newspaper's printing presses were nationalized," Mr Muratov explains. "Its registration was revoked." The newspaper's difficulties reflect the border crackdown on free speech in Russia which has accelerated since the Kremlin's full-scale invasion of Ukraine in 2022. "Most opinion leaders have been declared 'foreign agents', 'extremists' or 'terrorists'. Several hundred," says Dmitry Muratov. (BBC News Web Page: 13/08/26, FARUK)

## UK DEFENDS SEIZING SHADOW FLEET TANKER AFTER PUTIN THREAT

The UK government has defended its seizure of a Russian "shadow fleet" oil tanker in the English Channel, after Russian President Vladimir Putin threatened to "respond in kind". The Smyrtos has been anchored off Weymouth after Royal Marines Commandos intercepted and boarded the vessel in a first-of-its-kind operation to disrupt the sanctioned tanker in June. The vessel's captain, Ajay Pant, has been charged with breaching Russian sanctions, accused of directly or indirectly supplying or delivering prohibited Russian oil. Overseeing Russian navy drills in the Pacific Ocean, Putin scolded Western countries for"seizing our vessels", branding such action"nothing other than piracy and banditry". Western nations alleged Russia has been operating a "shadow fleet" of hundreds of vessels to evade international sanctions imposed on its oil exports. These vessels stand accused of using complex ownership structures and various tactics to obscure the origin of their cargo, masking their link to Russia. The UK Ministry of Defence says Russia has a fleet of more than 700 vessels, responsible for carrying 75% of the country's sanctioned oil.
(BBC News Web Page: 13/08/26, FARUK)

## MORE TROOPS TO BE SENT TO WEST BANK VILLAGE BESIEGED BY ISRAELI SETTLERS

The Israeli military says it will deploy additional troops to the occupied West Bank after failing to force away Israeli settlers who have trapped two Palestinian families in their homes

since Sunday. The Abu Ridi and Hassan families - who live on the outskirts of the village of Qusra, south of Nablus - made appeals for help after their water and power supplies were cut off and their food stocks ran low. The case is the latest to draw attention to the relative impunity of settlers and how Israeli forces are struggling to deal with rising settler violence. Local media reports say that a nearby Israeli settler outpost was demolished. The US ambassador to Israel Mike Huckabee said his embassy had asked Israel to remove the settlers, describing them as "Israeli terrorists". (BBC News Web Page: 13/08/26, FARUK)

**EBOLA OUTBREAK ON TRACK TO BE DEADLIEST EVER: WHO CHIEF**

The current outbreak of Ebola in the Democratic Republic of Congo is on track to surpass the deadliest outbreak of the disease ever, the director-general of the World Health Organization (WHO) has said. Tedros Adhanom Ghebreyesus told reporters that the 2026 outbreak, "as its current pace", would "eclipse" that of the 2014-2016 occurrence, which killed at least 11,000 people. The outbreak this year, declared on 15 May, has seen at least 4,300 cases and caused more than 2,000 deaths. The WHO said on Wednesday it hoped to reverse the spread of the disease within three months but warned that this meant bringing transmission under control - not ending the outbreak entirely. The epidemic was only officially declared in May, but it is believed the outbreak began at least three months before then, health officials said this week. (BBC News Web Page: 13/08/26, FARUK)

**ZAMBIANS VOTING AS PRESIDENT BIDS FOR SECOND TERM**

Zambians are voting in an election to choose a president and parliament, with more than eight million voters registered to cast their ballots. Polls opened at 06:00 local time and are due to close at 18:00. The vote is seen as a test of Zambia's reputation as one of Africa's most stable democracies, amid concerns that political freedoms are being undermined. Unemployment and the rising cost of living remain major issues for voters. President Hakainde Hichilema is seeking a second term after steering Zambia through an economic rebound. But many complain that living costs remain high. Fourteen candidates are on the ballot, but the contest is largely seen as a two-horse race between the incumbent and his main challenger Brian Mundubile. Mundubile is a former minister in the Patriotic Front (PF) government that ruled from 2011 to 2021, with his alliance drawing support from backers of the late former President, Edgar Lungu. (BBC News Web Page: 13/08/26, FARUK)

**JAPAN PM SAYS PUTIN'S VISIT TO DISPUTED ISLANDS 'ABSOLUTELY UNACCEPTABLE'**

Japan's Prime Minister Sanae Takaichi has criticized Vladimir Putin's first-ever visit to the disputed Kuril Islands on Thursday as "absolutely unacceptable". Russian state media reported that Putin visited Iturup, known in Japan as Etorofu, one of four islands in the Kuril chain that are claimed by Russia and Japan. Putin's trip "has worsened Japanese sentiment towards Russia," Takaichi told reporters, maintaining the island chain was "a unique territory of Japan historically and under international law". The countries have been locked in a dispute over the Kurils for decades, and it is the main reason Moscow and Tokyo did not sign a peace treaty after World War Two. The Kuril Islands sit between Hokkaido in northern Japan and Russia's Kamchatka Peninsula. Four of the southernmost islands are claimed by Japan, which calls them the Northern Territories. (BBC News Web Page: 13/08/26, FARUK)

**MAJOR RUSSIAN GRAIN EXPORT TERMINALS HIT IN UKRAINE BLACK SEA PORT ATTACK**

A "massive" Ukrainian drone and missile strike on Russia's port of Novorossiysk has damaged two major grain export terminals and hit the last big Russian naval base on the Black Sea, reports say. Three people, including an eight-year-old child, were killed and another 24 injured in the overnight attack, local officials said. Ukraine's President Volodymyr Zelensky said Kyiv had launched rockets, jet and naval drones in a "unique operation" to strike the Russian base, although he did not mention grain terminals being hit. Ukraine's military later said four Russian warships, including two frigates, were hit. Russia has not commented on the issue. "The occupying fleet and all the infrastructure that supports it will not be safe as long as Russian aggression continues," Zelensky said in a post on social media. (BBC News Web Page: 13/08/26, FARUK)

**TWO DEAD AFTER MILITARY HELICOPTER CRASHES IN TEXAS**

Two people have died in a military helicopter crash in central Texas, officials have confirmed. The two were pronounced dead at the scene after police responded to an

emergency call at around 13:33 local time about the wreckage in fields south of the village of Salado. The aircraft was an AH-64 Apache attack helicopter based at nearby Fort Hood, a major US Army base, the military said. When officers arrived, they discovered the crash as well as a large fire that was "getting out of control very quickly", Bell County Sheriff's Office spokesman Cliff Coleman said. An investigation into the incident is ongoing and emergency response efforts are underway, the US Army said.
(BBC News Web Page: 13/08/26, FARUK)

**THOUSANDS OF CANADIANS CALL FOR US AMBASSADOR'S EXPULSION**

More than 70,000 Canadians have signed a petition calling for the US ambassador in Ottawa to be expelled for undermining diplomatic relations between the two neighbours. The online petition accuses Pete Hoekstra of "making repeated interventions in Canadian political discourse" and of having "normalized the Trump administration's threats to annex Canada as the '51st state'" of the US. In a statement to the BBC, the US embassy said it was aware of the petition but declined to comment further. Canada and the US are currently engaged in intense period of trade talks, aiming to reach an agreement before new US tariffs take effect next Wednesday. It requests Ambassador Hoekstra be formally removed from his role, and a parliamentary committee review "US diplomatic interference in Canadian domestic affairs". (BBC News Web Page: 13/08/26, FARUK)

**::--::THE END::--::**